



সকাল সকাল নিজের ভোটাদিকার প্রয়োগ করলেন হরিয়ানার মুখ্যমন্ত্রী নায়াৰ সিংসাইনি। শনিবার সকালে নারায়ণগড়ে মির্জাপুরে নিজগ্রামের একটি ভোট কেন্দ্রে গিয়ে ভোট দিয়েছেন।...*বিস্তারিত পাতা ২*



রেমাল রবিবার মাঝরাতে সাগরদ্বীপ ও বাংলাদেশের খেপুপাড়ার মাঝে আছড়ে পড়ার সম্ভাবনা ঘূর্ণিঝড়ে। ইতিমধ্যেই একাধিক পদক্ষেপ নেওয়া হয়েছে হাওড়ায়। ..*বিস্তারিত পাতা ৩*



শনিবার সকাল থেকে তমলুক লোকসভা কেন্দ্রের বিভিন্ন অঞ্চলে নির্বাচনকে ঘিরে উত্তেজনা তৈরি হয়। বিজেপি প্রার্থী অভিজিৎ গঙ্গোপাধ্যায়কে ঘিরে বিক্ষোভ দেখায় তৃণমূল সমর্থকরা।...*বিস্তারিত পাতা ৫*



তিরন্দাজি বিশ্বকাপে ভারতের মেয়েদের জয়জয়কার। দক্ষিণ কোরিয়ায় এবার হচ্ছে তিরন্দাজি বিশ্বকাপ। সেই বিশ্বকাপে ভারতের তিন কন্যা জ্যোতি সুরেশা বোনাম, পরনীত কৌর এবং অদিতি স্বামী সোনা জেতেন।...*বিস্তারিত পাতা ৮*

গড়বেতায় মাথা ফাটল জওয়ানের, আক্রান্ত সংবাদমাধ্যমও

২৫ মে : ভোট পরিদর্শনে বেরিয়ে হামলার মুখে ঝাড়গ্রামের বিজেপি প্রার্থী প্রণত টুড়া। গড়বেতার মোগলাপাতায় তাকে ঘিরে বিক্ষোভ দেখান গ্রামবাসীরা। গাড়ি লক্ষ করে ইটবৃষ্টি হয়ে বলে অভিযোগ। পরিস্থিতি সামলাতে গিয়ে প্রার্থীর নিরাপত্তায় থাকা সিআইএসএফ জওয়ানের মাথা ফেটে যায়। এলাকা ছেড়ে কার্যত দৌড়ে পালান প্রার্থী প্রণত টুড়া। ভোটের আশান্তির খবর করতে গিয়ে আক্রান্ত হল সংবাদমাধ্যমও। সোশাল মিডিয়ায় লিজেই ঘটনার কথা বর্ণনা করেন প্রণত টুড়র দাবি, জওয়ানরা না থাকলে প্রাণে বেঁচে ফিরতে পারতাম না। চরিশের লোকসভা ভোটের ষষ্ঠ দফায় জঙ্গলমহল ঝাড়গ্রামে সোশাল থেকে মোটের উপর শান্তিপূর্ণ ভোটই চলছিল। কিন্তু দুপুরের পর থেকেই পরিস্থিতি খানিকটা উত্তপ্ত হয়ে ওঠে। ঝাড়গ্রাম কেন্দ্রের অন্তর্গত গড়বেতার মোগলাপাতা এলাকায় গিয়েছিলেন বিজেপি প্রার্থী তথা চিকিৎসক প্রণত টুড়া। তাকে গ্রামবাসীরা কার্যত তাড়া করেন। তিনি কথা বলে পরিস্থিতি শান্ত করতে গেলে আশান্তি আরও বাড়ে। হাতে ইট নিয়ে তেড়ে আসেন গ্রামবাসীরা। প্রার্থীর গাড়ি ভাঙুর করা হয়। তারা সকলে তৃণমূল কর্মী, সমর্থক বলে দাবি বিজেপির। এই অবস্থায় প্রার্থীর নিরাপত্তায় থাকা জওয়ানরা তাকে সেখান থেকে সরিয়ে নিয়ে যান। কিন্তু ইটের আঘাতে মাথা ফেটে যায় সিআইএসএফ জওয়ানের। এর পর প্রাণভয়ে দৌড়ে এলাকা ছেড়ে যান বিজেপি প্রার্থী। প্রণত টুড়র অভিযোগ, ওখানকার গোথে বিজেপি সমর্থকরা ভোট দিতে গেলে তৃণমূল তাঁদের বাধা দিয়ে জোর করে ছাণ্ডা ভোট করছে। সেই খবর পেয়েই তিনি এসেছিলেন পরিস্থিতি দেখতে। কিন্তু গ্রামে ঢুকতেই যেভাবে আক্রমণের মুখে পড়তে হল, তাহেই স্পষ্ট তৃণমূলের গুণ্ডাবাহিনী ভোট পরিচালনা করছে বলে কড়া ভাষায় আক্রমণ করলেন বিজেপি প্রার্থী। তাঁর কথায়, নিরাপত্তারক্ষীরা না থাকলে বেঁচে ফিরতাম না। ঘটনার কথা জানার পর এনিয়ে রিপোর্ট চাইল নির্বাচন কমিশন। দ্রুত আরও বাহিনী মোতায়েনের নির্দেশ দেওয়া হয়েছে বলে খবর।

চার্লস শোভরাজের সঙ্গে অরবিন্দ কেজরিওয়ালের তুলনা প্রধানমন্ত্রীর

নয়াদিল্লি, ২৫ মে : চার্লস শোভরাজের সঙ্গে দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের তুলনা করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। এক সংবাদমাধ্যমের সঙ্গে কথার বারায় সময় মৌদার ঘোঁচা, নিজের জামিনে মুক্তি পাওয়ারক ‘ হিসেবে দেখাচ্ছেন কেজরি। পাশাপাশি প্রধানমন্ত্রী বিষয়য় প্রকাশ করে বলেছেন ‘ যেভাবে সাক্ষাকার করলে সংবাদমাধ্যম, তা দেখে তিনি শিহরিতা। দেশের ইতিহাসে প্রথম মুখ্যমন্ত্রী হিসাবে প্রেত্তার হয়েছিলেন অরবিন্দ কেজরিওয়াল। আপাতত ১ জন পর্যন্ত তিনি জামিনে মুক্ত। এই পরিস্থিতিতে মৌদার মুখে কেজরি প্রসঙ্গে চার্লস শোভরাজের নাম! তাকে বলতে শোনা যায়, আজকাল যা হচ্ছে, কোনও লজ্জা ছাড়াই, যারা শান্তিপূ্র অথবা যাদের বিরুদ্ধে গুরুতর অভিযোগ রয়েছে তারাও জনজীবনে উদ্‌ঘাটিত হন। এমন নৈতিক অবনমন নিয়ে আমি উদ্বিগ্ন। গতও আমি কোনও ব্যক্তিবিশেষের কথা বলছি না। কিন্তু একথা বললেও পরেই তিনি বলেন, দুর্ভাগ্যজনকভাবে আজ দুর্নীতিগ্রস্ত রাজনীতিবিদরাও এই সুবিধাটা পান। আমি তো খ হয়ে যাই যেভাবে সংবাদমাধ্যম দুর্নীতিগ্রস্তদের সাক্ষাকার নয়! আমি এর আগে একমাত্র চার্লস শোভরাজের মতো অপরাধীকেই এভাবে সাক্ষাকার দিতে দেখেছি। সরাসরি কেজরির নাম না করলেও মোদি যে শোভরাজের সঙ্গে দিল্লির মুখ্যমন্ত্রীর তুলনা টানছেন সে ব্যাপারে নিশ্চিত ওয়াকিবখাল মহল। প্রসঙ্গত, গত ২১ মার্চ আবগারি মামলার দুর্নীতির অভিযোগে কেজরিওয়ালকে নিজদের হেফাজতে নিয়েছিল ইন্ডি। সপ্তাহদুয়েক পরে তাকে পাঠানো হয় তিহাড় জেলে। পরে তাঁর অন্তর্ভুক্তিকালীন জামিন মঞ্জুর করে শীর্ষ আদালত।

মিনাখাঁর জনসভা থেকে

‘যতক্ষণ না পায়ে ধরে ক্ষমা চাইবে,আমার সঙ্গে কোনও সম্পর্ক থাকবে না’ মমতা

দুরন্ত বার্তা,মিনাখাঁ, ২৫ মে : তৃণমূল বিধায়ক ও তাঁর স্বামীর বিরুদ্ধে ভরা জনসভাতেই বিজেপি ঘনিষ্ঠতার অভিযোগ তুললেন দলনেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শনিবার বসিরহাট লোকসভা কেন্দ্রের প্রার্থী হাজি নুরুল ইসলামের সমর্থনে হাড়ায়ায় জনসভা করতে গিয়ে মিনাখাঁর বিধায়ক উয়ারানি মণ্ডলের সঙ্গে সম্পর্ক ত্যাগের কথা বললেন তিনি। জনসভা থেকে তাঁর স্পষ্ট বক্তব্য, ‘ এমএলএ থাকবেন, কিন্তু মিটিয়ে আসবেন না, তা চলবে না। যতক্ষণ পায়ে ধরে ক্ষমা না চাইবে, ততক্ষণ উয়ারানি মণ্ডলের সঙ্গে আমার কোনও সম্পর্ক নেই। আপনাদের মতো লোক চাই না। আপনি স্বামীকে নিয়ে দলটাকে বেচে দেবেন ভাবছেন? এটা মানব না।’’ এদিন মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্বাচনী সভায় উযারানিকে গরহাজির হতে দেখেই তোপ দাগলেন তৃণমূল সূত্রিমো। মিনাখাঁর তৃণমূল বিধায়ক উয়ারানি মণ্ডলকে নিয়ে আগেও বিতর্ক হয়েছিল। বিশেষত তাঁর বাংলাদেশি পরিচয় নিয়ে। একুশের



বিধানসভা নির্বাচনে এই ইস্যুতে তাঁর মনোমনয় বাতিলের দাবি তুলেছিল বিজেপি। যদিও সেবার ভোট জিতে ফের বিধায়ক হন উয়ারানি। এনিয়ে তিনবারের বিধায়ক তিনি। তবে বিধানসভার লোকসভা ভোটের আচমকই তাঁর বিরুদ্ধে ক্ষোভপ্রকাশ করলেন মমতা বন্দ্যোপাধ্যায়।

আসলে, উযারানি মণ্ডল এবং মৃত্যুঞ্জয় মণ্ডলের সঙ্গে বিজেপি ঘনিষ্ঠতা বাড়ছে বলে তাঁর কাছে অভিযোগ আসছিল। এর পর শনিবার নির্বাচনী জনসভাতেই গরহাজির বিধায়ক। আর তা নিয়ে তোপ দাগলেন তৃণমূল নেত্রী। মঞ্চে উযারানিকে না দেখে রীতিমতো

খেপে যান মমতা বন্দ্যোপাধ্যায়। বলেন, ‘ আজই বলে গেলাম, আপনাকে নিয়ে দল চলবে না। ব্লকের যারা আছেন, সংগঠনের যারা আছেন তাঁরা দেখে নেবেন। যতক্ষণ না সে ক্ষমা চাইবে, পায়ে না ধরবে ততক্ষণ উযারানি মণ্ডলকে আমরা মানি না, আমরা মানি না। আগামী ১ জুন, বসিরহাটে লোকসভা ভোট। সন্দেশখালি ইস্যু ঘিরে এই কেন্দ্রের ভোটের দিকে নজর সমস্ত রাজনৈতিক দলের।

লাগাতার প্রার্থীর সমর্থনে সভা করে চলেছেন মমতা বন্দ্যোপাধ্যায়, অভিষেক বন্দ্যোপাধ্যায়রা। এই অবস্থায় উযারানিকে নিয়ে তৃণমূল সূত্রিমোর ক্ষোভ প্রভাব ফেলতে পারে বলে মনে করছে রাজনৈতিক মহলের একটি বড় অংশ।

পাঁচদফা ভোটের সম্পূর্ণ তথ্যপ্রকাশ, ‘অপপ্রচারের বিরুদ্ধে কড়া জবাব কমিশনের

দুরন্ত বার্তা, কলকাতা, ২৫ মে : ভোট সংক্রান্ত তথ্য প্রকাশ নিয়ে অভিযোগ উঠেছিল নির্বাচন কমিশনের বিরুদ্ধে। ভোটপর্ব শেষের বেশ কয়েক দিন পরে প্রথম দু’ফার ভোটের হার বৃদ্ধি নিয়ে দেশ জুড়ে সন্দেহ তৈরি হয়েছিল। এমনকী মামলা হয় সুপ্রিম কোর্টে । এই আবেহ পাঁচদফা ভোটের সম্পূর্ণ তথ্য প্রকাশ করে বিরোধী দলগুলির ‘ বিরুদ্ধে কড়া জবাব দিল কমিশন। শনিবার পাঁচদফা ভোটের যাবতীয়

সংখ্যাতত্ত্ব প্রকাশ করল কমিশন। এইসঙ্গে কমিশনের তরফে জানানো হয়, ভোটের তথ্য জানার সম্পূর্ণ অধিকার রয়েছে প্রার্থী এবং ভোটারদের। কমিশন আরও দাবি করে, ভোটের হিসেব দিতে বিন্দুদুমাত্র দেরি করেনি তারা। প্রত্যেক দফায় সকাল সাড়ে ৯টা থেকে সেই হিসেব কমিশনের ওয়েবসাইটে দেওয়া হয়েছে। যদিও কংগ্রেস, তৃণমূল-সহ বিভিন্ন বিরোধী দল কমিশনের এই কাজ নিয়ে সংশয়

প্রকাশ করে। প্রশ্ন তোলে নির্বাচন কমিশনের বিশ্বাসযোগ্যতা নিয়ে। সেই আবেহ ‘অ্যাসোসিয়েশন ফর ডেমোক্র্যাটিক রিফর্মস’ নামে এক সংস্থা সুপ্রিম কোর্টে মামলা করে। বিচারপতি দীপঙ্কর দত্ত এবং বিচারপতি সতীশচন্দ্র শর্মা’র ডিভিশন বেঞ্চে এই মামলার শুনানি হয়েছিল। যদিও শীর্ষ আদালত এই বিষয়ে হস্তক্ষেপ করতে চায়নি। বরং শুনায় উপর আস্থা রাখতে বলে। এই সঙ্গে মামলা খারিজ করে দেয়। এই



আবেহে শনিবার বিগত পাঁচদফা নির্বাচনের আগে ভোটের হিসেব দিল কমিশন। তাদের বিরুদ্ধে ‘অপপ্রচার’ নিয়েও সরব হন কমিশনের কর্তারা।

‘কেশপুর পাকিস্তান’! ঘেরাও হয়ে শিক্ষা দিতে বেলাগাম আক্রমণ হিরণের



২৫ মে : ভোটের দিন দফায় দফায় ঘেরাও হয়ে বেলাগাম আক্রমণ ঘটালোর বিজেপি প্রার্থী হিরণ চট্টোপাধ্যায়ের। কেশপুরকে তিনি তুলনা করলেন পাকিস্তানের সঙ্গে! একযোগে মুখ্যমন্ত্রী তৃণমূল সূত্রিমো এবং প্রতিদ্বৈী তৃণী তৃণমূল প্রার্থীর উদ্দেশে তোপ দেগে বললেন, কেশপুরকে মমতা পাকিস্তান

করেছেন। আর সৌজন্যের প্রতীক দীপক অধিকারী লুঙ্গিবাহিনীর হাতে বাঁশ, লাঠি দিয়ে নামিয়েছেন আমাকে ঘেরাও করার জন্য। এই তো সৌজন্যের নজির! মুখে মিষ্টি কথা আর কাজে লুঙ্গিবাহিনীকে ব্যবহার। এর পর আরও বিতর্কিত মন্তব্য করেন হিরণ । বলেন, লুঙ্গিবাহিনী তো গুলিয়ে লুঙ্গি পরে, গুদের লুঙ্গি ঘুলিয়ে সোজা করে পরাব। ষষ্ঠ দফা লোকসভা ভোটের দিন সকাল থেকেই উত্তপ্ত ঘটাল-সহ একাধিক কেন্দ্রের অন্তর্গত বিভিন্ন এলাকা। তার মধ্যে উল্লেখযোগ্য কেশপুর। শনিবার সকালে কেশপুরে যেতেই বিজেপি প্রার্থী হিরণ চট্টোপাধ্যায়কে দফায় দফায় বাধার

মুখে পড়তে হয়। অভিযোগ, তাঁর গাড়ির সামনে শুয়ে বিক্ষোভ দেখান গ্রামবাসীরা। রাত্তায় আগুন জ্বেলও বিক্ষোভ দেখানো হয়। তাঁদের অবশ্য তৃণমূল কর্মী-সমর্থক বলে দাবি করেছে বিজেপি। তারকা প্রার্থীকে সুনতে হয় ‘ স্লোগানও। রাজ্য পুলিশ এবং কেন্দ্রীয় বাহিনীর ভূমিকার সমালোচনায় সরব হন হিরণ চট্টোপাধ্যায়। এর পর নিজের কার্যালয়ে ফিরে আসেন হিরণ। সেখানে ‘প্রতিদিন ডিজিটাল’ তাকে এ বিষয়ে প্রশ্ন করলে সাফ জানান, কেশপুরকে পাকিস্তান করে দিয়েছেন মমতা পিসি। আর সেখানকার সৌজন্যের প্রতীক দীপক অধিকারী যে কতটা সৌজন্য দেখান, তা আজ

বাংলার মানুষ দেখল। মুখে রসগোল্লার মতো মিষ্টি কথা বলে লুঙ্গিবাহিনীর হাতে বাঁশ দিয়ে আমাকে ঘেরাও করতে পাটিয়েছেন। ৪ জুনের পর জিতে এসব কিছু’র উত্তর আমি দেব। এনিয়ে তৃণমূলের তরফে জয়প্রকাশ মজুমদারের পালটা প্রতিক্রিয়া, উনি এসব বলে কেশপুরের সমস্ত ভোটারকে অপমান করলেন। উল্লেখ্য, এই কেশপুরের বিশৃংখাপুর গ্রামে গিয়ে নির্খোঁজ ব্যক্তির পরিবারের সঙ্গে দেখা করে সমবেদনা জানাতে গিয়েই ‘ হয়েছিলেন হিরণ। সেই ভিডিও ভাইরাল নেটদুনিয়ায়। আর ভোটের দিনও সেই কেশপুরেই প্রবল প্রতিরোধের মুখে পড়লেন তিনি।

সাগর থেকে ৩৮০ কিমি দূরে ‘রেমাল’ বিরাট দুর্যোগের আশঙ্কায় কাঁপছে বাংলা

দুরন্ত বার্তা, কলকাত, ২৫ মে : ঘূর্ণিঝড় রেমালের ভয়ে কাঁপছে সমগ্র বাংলা। রবিবারের মধ্যে বাংলাদেশ এবং সাগরের মাঝে আছড়ে পড়তে পারে ‘তা ধীরে ধীরে উপকূলের দিকে অগ্রসর হচ্ছে এই বিধংসী ঘূর্ণিঝড়। এদিকে যত সময় এগোচ্ছে সমুদ্রের ঢেউ বাড়ছে। দিবার সমুদ্র উত্তাল হয়ে রয়েছে রীতিমতো। অন্যদিকে আলিপুর আবহাওয়া দফতর জানাচ্ছে, সাগর দ্বীপ থেকে বর্তমানে ঘূর্ণিঝড়টি প্রায় ৬৮০ কিলোমিটার দূরে রয়েছে। রবিবার রাতের মধ্যে বাংলাদেশ ও সাগরদ্বীপের মাঝে আছড়ে পড়বে বলে পূর্বাভাস। ল্যান্ডফলের সময়ে হাওয়ার গতিবেগ ১১০ কিমি প্রতি ঘণ্টা হতে পারে বলে খবর। এদিকে রেমালের জেরে ক্ষতিগ্রস্ত হতে পারে দক্ষিণ ২৪ পরগণা। বঙ্গোপসাগরে যে গভীর নিম্নচাপের সৃষ্টি

হয়েছে এটি আরও ঘনীভূত হয়ে শনিবার সকালে ঘূর্ণিঝড়ে পরিণত হবে এবং রবিবার সন্ধ্যা নাগাদ তীব্র ঘূর্ণিঝড় হিসেবে বাংলাদেশ ও তৎসংলগ্ন পশ্চিমবঙ্গ উপকূলে পৌঁছাবে বলে জানিয়েছেন ভারতের আবহাওয়া বিভাগের বিজ্ঞানী মনিকা শর্মা। সমুদ্রে থাকা মৎস্যজীবীদের ২৭ মে পর্যন্ত উপকূলে ফিরে আসতে এবং বঙ্গোপসাগরে না যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। আবহাওয়া দফতরের পূর্বাভাস অনুযায়ী, আজ বাংলার দুই জেলায় ভাৱী থেকে অতিভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। এই দুই জেলা হল উত্তর এবং দক্ষিণ ২৪ পরগণা এবং পূর্ব মেদিনীপুরে। এছাড়া বাকি জেলাগুলিতেও আজ বৃষ্টি হওয়ার সম্ভাবনা রয়েছে। জারি করা হয়েছে হলুদ সতর্কতা। জায়গায় জায়গায় চলাছে

মাইকিং।আগামী ২৬ ও ২৭ মে পশ্চিমবঙ্গের দক্ষিণ ও উত্তর ২৪ পরগণা, পূর্ব মেদিনীপুর, কলকাতা, হাওড়া ও হুগলি জেলায় ভাৱী থেকে অতি ভারী বৃষ্টি হবে। ২৬ ও ২৭ মে উত্তর ওড়িশাতেও এর প্রভাব পড়বে। ২৭-২৮ মে উত্তর-পূর্ব ভারতের কিছু অংশে অতি ভারী বৃষ্টিপাত হতে পারে। আগামী ২৬ ও ২৭ মে পশ্চিম মেদিনীপুর, পূর্ব বর্ধমান ও নন্দিয়ায় ভারী বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ঘূর্ণিঝড় রেমাল ক্রমশ মেয়ে আসছে। তার জেরে রবিবার কলকাতায় বড়বে বেগ হতে পারে ঘণ্টায় ৮০-৯০ কিমি। সর্বোচ্চ বেগ হতে পারে ঘণ্টায় ১০০ কিমি। এছাড়াও রেমালের জেরে রবিবার হাওড়া, নদিয়া, পূর্ব মেদিনীপুরে হাওয়ার সর্বোচ্চ বেগ হতে পারে ঘণ্টায় ১০০ কিমি। দক্ষিণ ২৪ পরগণায়

ঝড়ের বেগ হতে পারে ঘণ্টায় ১০০-১১০ কিমি। যার সর্বোচ্চ বেগ হতে পারে ঘণ্টায় ১২০ কিমি। উত্তর ২৪ পরগণায় ঝড়ের সর্বোচ্চ বেগ হতে পারে ঘণ্টায় ১১০ কিমি। হুগলি, পূর্ব বর্ধমানে ঝড়ের সর্বোচ্চ বেগ হতে পারে ঘণ্টায় ৮০ কিমি। বাকি জেলাগুলিতে ঝড়ের সর্বোচ্চ বেগ হতে পারে ঘণ্টায় ৬০ কিমি।ঘূর্ণিঝড় রেমাল ক্রমশ মেয়ে আসায় সতর্ক প্রশাসন। উপকূল তীরবর্তী জেলাগুলিতে প্রশাসনের তরফে খোলা হয়েছে কন্ট্রোলরুম। দুর্যোগ মোকাবিলায় আগেভাগে সতর্কতা নিয়েছে কলকাতা বিমানবন্দর কর্তৃপক্ষ। রেমাল নিয়ে বৈঠক করেছেন রাজ্যের প্রশাসনিক উচ্চপদস্থ কর্মতারা। নবান্ন সূত্রে খবর, বিপর্যয় মোকাবিলা দল, বিদ্যুৎ দফতর, পূর্ত দফতরকে প্রস্তুত থাকতে বলা হয়েছে।

ইন্ডি জোটের কোনও দূরদৃষ্টি নেই, শুধুই আছে বিভ্রান্তি ঃ নরেন্দ্র মোদী

কারাকার্ট, ২৫ মে : ইন্ডি জোটের কোনও দূরদৃষ্টি নেই, শুধুই আছে বিভ্রান্তি, শনিবার বিহারের কারাকার্টের নির্বাচনী জনসভায় কটাক্ষ করে বললেন বিজেপি নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তিনি বলেছেন, দেশবাসী কংগ্রেস, আরজেডি ও ইন্ডি জোটকে প্রত্যাখ্যান করেছে। তাঁদের দূরদৃষ্টি নেই, শুধুই বিভ্রান্তি আছে। প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, নীতীশজির নেতৃত্বে এনডিএ সরকার বিহারকে জঙ্গলরাজ থেকে বের করে এনেছে। সেই গুন্ডা, সেই ডাকাত, সেই লুটেরা এখন লুকিয়ে আছে, সুযোগ খুঁজছে। ভুল করেও, যদি এই ইন্ডি জোট শক্তিশালী হয়ে উঠছে বলে মনে হয়, তাহলে তারা আবারও ওপর তলার সহায়তা পাবে এবং একসাথে আপনাদের ভবিষ্যত ধ্বংস করবে। প্রধানমন্ত্রী মোদী আরও বলেছেন, এই ইন্ডি জোটের লোকজন নিজদের রাজনৈতিক স্বার্থে যে কোনও কিছুই করতে পারে। এই লোকজন বিহার ও বিহারীদের অপমানের বিরুদ্ধেও আগুয়াজ তোলে না। পঞ্জাবের কংগ্রেস নেতা আমাদের বিহারী শ্রমিক ভাই-বোনদের অপমান করেছেন, যারা বিহার থেকে সেখানে কাজ করতে গিয়েছিলেন এবং তিনি বলেন, এখন আমরা বিহারীদের পঞ্জাবে ব্রেশন করতে দেব না। কিন্তু কংগ্রেসের শাহী পরিবার এই ইস্যুতে মুখ বন্ধ রেখেছে।



দেশের ভোটব্যাক্ষকে ভয় পায় কংগ্রেস,রাহুল ও প্রিয়াঙ্কা ঃ অমিত শাহ

হামিরপুর, ২৫ মে : কংগ্রেসের বিরুদ্ধে ভোটব্যাক্ষের অভিযোগ আনলেন বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। শনিবার হিমাচল প্রদেশের হামিরপুরের নির্বাচনী জনসভায় অমিত শাহ বলেছেন, রাহুল বাবা ও তাঁর বোন ছুটির জন্য শিমলায় আসেন, কিন্তু তারা রামলালার প্রাণ প্রতিষ্ঠায় যাননি। আসলে ভোটব্যাক্ষের ভয়ে তারা যাননি। কেন্দ্রীয় মন্ত্রী তথা হামিরপুরের বিজেপি প্রার্থী অনুরাগ সিং ঠাকুরের সমর্থনে এদিন নির্বাচনী জনসভা করেন অমিত শাহ। অনুরাগের তৃষসী প্রশংসা করে অমিত শাহ বলেছেন, আপনারা প্রদীপ নিয়ে খুঁজলেও, অনুরাগ ঠাকুরের মতো সাংঘদ পাবেন না। শুধুমাত্র নিজের এলাকাই নয়, বরং বিজেপি ও বিজেপির বিচারধারার সঙ্গে সমগ্র দেশের যুবসমাজের জন্য কাজ করছেন তিনি।



নয়াদিল্লি, ২৫ মে : পিল্লিতে ভোট দিলেন কংগ্রেস নেত্রী সোনিয়া এবং পুত্র রাহুল গান্ধী। ভোট দেওয়ার পরে, ভোটকেন্দ্রে নিজস্বী তুলতেও দেখা যায় মা-ছেলেকে। শনিবার সকালে লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফায় দিল্লির একটি ভোটগ্রহণ কেন্দ্রে গিয়ে ভোট দেন সোনিয়া ও রাহুল। এদিকে, পুত্র-কন্যাকে নিয়ে ভোট দেন সোনিয়ার মেয়ে প্রিয়াঙ্কা গান্ধী ও জামাই রবার্ট ভদরা। ভোট দিয়ে প্রিয়াঙ্কা বলেন, ‘ আমাদের ক্ষোভ এক পাশে রেখে সংবিধান এবং গণতন্ত্রের পক্ষে ভোট দিছি। আমি এই নিয়ে গর্বিতা।’’ রাহুল গান্ধী ভোট দেওয়ার পর এক্স মাধ্যমে আহ্বান জানিয়েছেন, দেশবাসী! ভোটের প্রথম পাঁচ দফায় আপনারা মিথ্যে, বিদ্বেষ ও অপপ্রচারকে প্রত্যাখ্যান করেছেন এবং আপনাদের জীবনের সঙ্গে সম্পর্কিত বিষয়গুলিকে অস্বাধিকার দিয়েছেন। রাহুল এক্স-এ লেখেন, ‘আপনাদের ভোট শুধু আপনাদের জীবনকে উন্নত করবে না, গণতন্ত্র ও সংবিধানকেও রক্ষা করবে। গণতন্ত্রের এই মহান উৎসবে মা ও আমি

ভোট দিলেন সোনিয়া-রাহুল, প্রিয়াঙ্কা রবার্টও গণতন্ত্রের উৎসবে সামিল

নয়াদিল্লি, ২৫ মে : পিল্লিতে ভোট দিলেন কংগ্রেস নেত্রী সোনিয়া এবং পুত্র রাহুল গান্ধী। ভোট দেওয়ার পরে, ভোটকেন্দ্রে নিজস্বী তুলতেও দেখা যায় মা-ছেলেকে। শনিবার সকালে লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফায় দিল্লির একটি ভোটগ্রহণ কেন্দ্রে গিয়ে ভোট দেন সোনিয়া ও রাহুল। এদিকে, পুত্র-কন্যাকে নিয়ে ভোট দেন সোনিয়ার মেয়ে প্রিয়াঙ্কা গান্ধী ও জামাই রবার্ট ভদরা। ভোট দিয়ে প্রিয়াঙ্কা বলেন, ‘ আমাদের ক্ষোভ এক পাশে রেখে সংবিধান এবং গণতন্ত্রের পক্ষে ভোট দিছি। আমি এই নিয়ে গর্বিতা।’’ রাহুল গান্ধী ভোট দেওয়ার পর এক্স মাধ্যমে আহ্বান জানিয়েছেন, দেশবাসী! ভোটের প্রথম পাঁচ দফায় আপনারা মিথ্যে, বিদ্বেষ ও অপপ্রচারকে প্রত্যাখ্যান করেছেন এবং আপনাদের জীবনের সঙ্গে সম্পর্কিত বিষয়গুলিকে অস্বাধিকার দিয়েছেন। রাহুল এক্স-এ লেখেন, ‘আপনাদের ভোট শুধু আপনাদের জীবনকে উন্নত করবে না, গণতন্ত্র ও সংবিধানকেও রক্ষা করবে। গণতন্ত্রের এই মহান উৎসবে মা ও আমি ভোট দিয়ে অবদান রেখেছি। এদিন সকালে ভোট দেওয়ার পর প্রিয়াঙ্কা গান্ধী বলেছেন জনগণের মধ্যে এই অনুভূতি রয়েছে যে, বিজেপির নেতারা বেকারত্ব এবং মূঢ়াশ্রদ্ধীতির মতো আসল সমস্যাগুলি নিয়ে আলোচনা করছেন না। ইন্ডি জোট শুরু থেকেই মানুষের আসল সমস্যা নিয়ে কথা বলে আসছে। ইন্ডি জোটকে একবার সুযোগ দেওয়া উচিত জনতার।

সমগ্র দেশে খুব ভালো ভোটগ্রহণ চলছে ঃ মুখ্য নির্বাচন কমিশনার

নয়াদিল্লি, ২৫ মে : সমগ্র দেশে খুব ভালো ভোটগ্রহণ চলছে, সন্তোষ প্রকাশ করে বললেন মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার। জন্মু ও কাম্বীরে ভোটগ্রহণ নিয়েও খুশি তিনি। লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফায় শনিবার দিল্লির একটি বুথকেন্দ্রে গিয়ে ভোট দিয়েছেন মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার। ভোট দেওয়ার পর তিনি বলেন, আমি যখন প্রথমবার ভোট দিয়েছিলাম, তখন আমার বাবার সঙ্গে গিয়েছিলাম এবং এখন তাঁর বয়স ৯৫ বছর, আজ তিনি আমার সঙ্গে ভোট দিচ্ছেন। এটি আমার জন্য অত্যন্ত গর্বের বিষয় এবং প্রত্যেক ভোটারকে নিজদের ভোট দিতে হবে...সমগ্র দেশে খুব ভালো ভোট হচ্ছে। আপনারা জন্মু ও কাম্বীরে দেখছেন, সেখানে কত ভালো ভোট হচ্ছে। মুখ্য নির্বাচন কমিশনার রাজীব কুমার আরও বলেছেন, সন্দেহের বাতাবরণ তৈরির চেষ্টা হয়েছে, একদিন আমরা সবাইকে বলব এবং কীভাবে মানুষকে বিভ্রান্ত করা হচ্ছে তা প্রকাশ করব। এই কারণে আমাদের ভোটদানেও প্রভাব পড়ছে কারণ ইতিএম ঠিক আছে কি না, ভোটের তালিকা ঠিক আছে কি না, তা নিয়ে মানুষের মনে সংশয় দেখা দেয়। গতকাল সুপ্রিম কোর্ট এসবের জবাব দিয়েছে, আমরাও একদিন জবাব দেব। তিনি আরও বলেন, সর্বত্রই শান্তিপূর্ণভাবে ভোট হচ্ছে। ওড়িশা, পশ্চিমবঙ্গ ও বিহারে শান্তিপূর্ণ ভোট হচ্ছে।

ধর্নায় বসলেন বিজেপি প্রার্থী অভিজিৎ গাঙ্গুলি

দুরন্ত বার্তা, ২৫ মে : লোকসভা ভোটের ষষ্টকায় তমলুক লোকসভায় বিজেপি প্রার্থী অভিজিৎ গঙ্গোপাধ্যায় তিরবর্তী জেলাগুলিতে প্রশাসনের তরফে খোলা হয়েছে কন্ট্রোলরুম। দুর্যোগ মোকাবিলায় আগেভাগে সতর্কতা নিয়েছে কলকাতা বিমানবন্দর কর্তৃপক্ষ। রেমাল নিয়ে বৈঠক করেছেন রাজ্যের প্রশাসনিক উচ্চপদস্থ কর্মতারা। নবান্ন সূত্রে খবর, বিপর্যয় মোকাবিলা দল, বিদ্যুৎ দফতর, পূর্ত দফতরকে প্রস্তুত থাকতে বলা হয়েছে।



বাড়ি ফেরার পথে তৃণমূল দৃষ্টতীরা তাকে প্রাণে মারার হুমকি দেয়। শনিবার সকালে ভোট দিয়ে তাঁর শ্যালক তাঁকে বাড়ির মোড়ে পৌঁছে দিয়ে যান। তারপর থেকেই ঘর ছাড়া ওই বিজেপি নেতা।

সংক্ষিপ্ত খবর

ভোট দিয়েই তৃণমূলের আসনসংখ্যা নিয়ে বিরাট দাবি শুভেন্দুর

শনিবার সকাল সকাল ভোট দিয়েই তৃণমূলের ফলাফল নিয়ে চাঞ্চল্যকর দাবি করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। নন্দীগ্রামে তৃণমূল হেরে ভূত হয়ে যাবে। এমনটাই শনিবার সকাল সকাল ভোট দিয়েই তৃণমূলের ফলাফল নিয়ে চাঞ্চল্যকর দাবি করলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। নন্দীগ্রামে তৃণমূল হেরে ভূত হয়ে যাবে। এমনটাই দাবি করেছেন তিনি। একই সঙ্গে ষষ্ঠ দফায় রাজ্যের যে ৮টি আসনে ভোট হবে, সেগুলির একটিতেও তৃণমূল জিততে পারবে না বলে দাবি করেছেন নন্দীগ্রামের বিধায়ক। শুভেন্দু বলেন, তৃণমূলকে সাফ করে দিরাছি। নন্দীগ্রামে ২০০-র বেশি বুথে তৃণমূল এজেন্টই দিতে পারেন। গত কয়েকদিন ধরে ওরা পুলিশ দিয়ে সন্ত্রাস চালাচ্ছিল। বিভিন্ন জয়গায় আমরাদের এজেন্টদের বাড়িতে তল্লাশি চালিয়েছে। আমরা এজেন্টদের অন্য জয়গায় পেছেছিলাম। আরকে যেভাবে ভোট হচ্ছে তাতে আমি ১০০ শতাংশ খুশি নম। তবে ৯০ শতাংশ খুশি।

নন্দীগ্রামের লিড নিয়েও মুখ খোলেন বিরোধী দলনেতা। তাঁর কথায়, আমরা নন্দীগ্রাম থেকে অভিজিবাবুকে বিরাট ভোটের মার্জিন দিতে পারব। ২ নম্বর ব্লকে ১৮ থেকে ২০ হাজার লিড থাকবে। ১ নম্বর ব্লকে লিড কিছুটা কম থাকবে। তাও আশা করছি, ৫ থেকে ১০ হাজারের লিড দিতে পারব। সোনচাড়া, হরিপুর, গোন্ধুলনার, ভেটুটি পঞ্চায়েতে তৃণমূলের এজেন্ট নেই বলে দাবি করেন তিনি। এদিকে নন্দীগ্রাম নিয়ে শুভেন্দু অধিকারীকে পাল্টা আক্রমণ করেছেন এই কেন্দ্রের তৃণমূল প্রার্থী তথা দলের সোশাল মিডিয়া সেলের প্রধান দেবাংশু ভট্টাচার্য। তৃণমূল যুবনেতার কথায়, আমরা বিশ্বাস করি, টুকলি করে পাস করা যায়, কিন্তু ফার্স্ট হওয়া যায় না। মানুষ নিজের ভোট নিজে দিলে, ৪ জুন তমলুকের মাটিতে খেলা হবে। শুভেন্দুবাবু বুধা ষ্টেটা করছেন বলে দাবি করেন তিনি। আজ, শনিবার ষষ্ঠ দফায় বাংলার ৪২টি লোকসভা কেন্ে দ্রর মধ্যে ৮টিতে ভোট হচ্ছে। কেন্দ্রগুলি হল - মেদিনীপুর, ঘাটাল, বাকুড়া, বিষ্ণুপুর, তমলুক, কাথি, পুরুলিয়া, ঝাড়গ্রাম। সকাল ৭টায় শুরু হয়েছে ভোটটিংহ। চারনে সন্ধ্যা ৬টা পর্যন্ত। মোট ভোটেরসংখ্যা ১ কোটি ৪৫ লক্ষের বেশি। বুথের সংখ্যা-১৫৫,৬০০। এর মধ্যে ২,৬৭৮টি বুথকে স্পর্শকাতর হিসেবে চিহ্নিত করেছে নির্বাচন কমিশন।ভোটের ৯ জন সাধারণ পর্যবেক্ষক এবং ৫ জন পুলিশ পর্যবেক্ষক রয়েছেন। ষষ্ঠ দফায় নিরাপত্তার দায়িত্বে রয়েছে ৯১৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। এর মধ্যে শুধুমাত্র পূর্ব মেদিনীপুর জেলাতেই রয়েছে-২৩৭ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী। রাজ্য পুলিশের ২৯,৪৬৮ জন কর্মীও আজ দায়িত্বে রয়েছেন। প্রতি বুথে ওয়েজ রাখা হয়েছে। রাধা হয়েছে। রেকর্ড সংখ্যক কুইক রেসপন্স টিম রয়েছে এই দফায়। ৬ জেলার ৮টি কেন্দ্রের জন্য মোট ৮৯১টি কুইক রেসপন্স টিম মোতায়েন করা হয়েছে। পশ্চিম মেদিনীপুরের জন্য ২১৩, পূর্ব মেদিনীপুরের জন্য ১৩২, বাকুড়ার জন্য ১৭৩, ঝাড়গ্রামের জন্য ১২৮, পুরুলিয়ার জন্য ১৩২ এবং পূর্ব বর্ধমানের জন্য ১৪টি টিম রাখা হয়েছে। রাজ্যে ৮ কেন্দ্রে প্রতিদ্বন্দিতা করছেন ৭৯ জন প্রার্থী।

হরিয়ানার ১০টি সংসদীয় আসনেই জিতবে বিজেপিঃ নয়াব সিং সাহিনি



আম্বালা, ২৫ মেঃসকাল সকাল নিজের ভোটাদিকার প্রয়োগ করলেন হরিয়ানার মুখ্যমন্ত্রী নয়াব সিং সাহিনি। শনিবার সকালে নারায়ণগড়ের মির্জাপুরে নিজ গ্রামে একটি ভোট কেন্দ্রে গিয়ে ভোট দিয়েছেন হরিয়ানার মুখ্যমন্ত্রী নযাব সিং সাহিনি ও তাঁর স্ত্রী সুমন সাহিনি। ভোট দেওয়ার আগে গুরুদ্বারে যান সাহিনি। মুখ্যমন্ত্রী সাহিনি কার্নাল বিধানসভা উপ-নির্বাচনে বিজেপির প্রার্থীভোট দেওয়ার পর মুখ্যমন্ত্রী সাহিনি বলেছেন, আমি গণতন্ত্রকে শক্তিশালী করার জন্য হরিয়ানার জনগণের কাছে আবেদন করছি। হরিয়ানা ১০টি লোকসভা আসন ও কার্নাল থেকে একটি বিধানসভা আসন বিজেপিকে দেবে ও প্রধানমন্ত্রী মোদীকে শক্তিশালী করবে...। সাহিনি আরও বলেছেন, গত ১০ বছর ধরে, সাধারণ মানুষকে স্বস্তি দেওয়ার জন্য কাজ করেছেন মোদীজি। এই প্রথমবার দেশ এত গতিতে পরিবর্তিত হয়েছে। আমরা ১০টি আসনে বিশাল ব্যবধানে জিতছি।

চতুর্থ বর্ষ লীলা স্মৃতি পুরস্কারে ভূষিত ভাষাবিদ পবিত্র সরকার

নিজস্বসংবাদদাতা,কলকাতাঃবাংলা ভাষার বিপন্নতা রূখতে সোচ্চার শিক্ষাবিদ থেকে বিশিষ্টরা। প্রয়াত লীলা ভট্টাচার্যের স্মৃতির উদ্দেশে নিবেদিত কলকাতার পিকনিক গার্ডেনে লীলা সেবা সোসাইটির উদ্যোগে চতুর্থ বর্ষ লীলা স্মৃতি পুরস্কার দেওয়া হল সম্প্রতি বিশিষ্ট শিক্ষাবিদ ও ভাষাবিদ অধ্যাপক পবিত্র সরকারকে তাঁর ‘ধ্বনিবিজ্ঞান আই পি এ রোমানিকরণ’ পুস্তকটির জন্য। বইটির প্রকাশক পারুল প্রকাশনীলীলা সেবা সোসাইটির প্রাক্তন সভাপতি প্রয়াত শচীন্দ্রমোহন ভট্টাচার্যের স্মৃতি রক্ষার্থে প্রথম বর্ষ শচীন্দ্রমোহন ভট্টাচার্য স্মারক বক্তৃতা দেন অধ্যাপক পবিত্র সরকার। বন্তৃত্তার বিষয় ছিল ‘ ভাষা ভালোবাসা ও সংশয়, দক্ষিণ এশীয় ভাষাগুলির কমেট’।কলকাতার মহাজাতি সদনে এই অনুষ্ঠানের সূচনা হয় বিশিষ্ট সঙ্গীত শিল্পী ইন্দ্রানী ভট্টাচার্যের রবীন্দ্রসঙ্গীত পরিবেশনের মাধ্যমে। অধ্যাপক পবিত্র সরকার বলেন যে, মাতৃভাষাকে গুরুত্ব না দিয়ে ইংরেজি ভাষা গায়ের জোরে ফলানো হচ্ছে। যার ফলে বাংলা ভাষার কদর কমছে। একইভাবে স্কুল পাঠ্যে এমন অদ্ভুত ধরনের বাংলা ব্যবহার করা হচ্ছে যাতে একদিকে যেমন বাংলা ভাষার প্রতিহতা নষ্ট হচ্ছে তেমনি ছেলেলো থেকে সটিক বাংলা শিক্ষা হচ্ছে না। যারা পাঠ্যপুস্তক তৈরি করেন তাদের বিষয়টি বিবেচনা করে দেখা উচিত।পিকনিক গার্ডেনে লীলা সেবা সোসাইটির কর্ণধার ও বিশিষ্ট রক্তবিজ্ঞানজ্ঞ তথা ওপন্যাসিক ড. সৌম্য ভট্টাচার্য বলেন, বাংলা ভাষার প্রচার ও প্রসার তাঁদের প্রতিষ্ঠানের অন্যতম প্রধান লক্ষ্য। বাঙালি হিসেবে তাঁরা চান বাংলা ভাষাকে আরও উন্নত ও সমৃদ্ধ করে তুলতে।

স্বাতী-নিগ্রহ মামলাঃ২৮ মে পর্যন্ত বিচারবিভাগীয় হেফাজত বিভব কুমারের



নয়াদিল্লি, ২৫ মে : আম আদমি পার্টির রাজ্যসভার সাংসদ স্বাতী মালিওয়ালকে নিগ্রহ কাণ্ডে ধৃত বিভব কুমারকে আগামী ২৮ মে পর্যন্ত বিচার বিভাগীয় হেফাজতে পাঠাল দিল্লির তিস হাজারি আদালত। স্বাতীকে নিগ্রহ কাণ্ডে গত ১৮ মে প্রেফতার করা হয় স্বাতীকেগণত শুক্রবার তাকে দিল্লির তিস হাজারি আদালতে পেশ করা হয়। দিল্লির মুখ্যমন্ত্রী অরবিন্দ কেজরিওয়ালের ঘনিষ্ঠ হিসেবে পরিচিত বিভব কুমারকে আগামী ২৮ মে পর্যন্ত বিচার বিভাগীয় হেফাজতে পাঠিয়েছে আদালত।

আরজেডি ও কংগ্রেস ধর্মের ভিত্তিতে নিজেদের ভোটব্যঙ্ককে সংরক্ষণ দিতে চায়ঃনরেন্দ্র মোদী

পাটলিপুত্র, ২৫ মে : কংগ্রেস ও রাষ্ট্রীয় জনতা দলের বিরুদ্ধে তীব্র আক্রমণ শানালেন বিজেপি নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। শনিবার বিহারের পাটলিপুত্রের নির্বাচনী জনসভায় মোদী বলেছেন, আমাদের সংবিধান অনুযায়ী, ভারতে ধর্মের ভিত্তিতে কোনও সংরক্ষণ থাকবে না। বাবাসাহেব আম্বেদকর বলতেন, ধর্মের ভিত্তিতে কোনও সংরক্ষণ হবে না। কিন্তু আরজেডি-কংগ্রেস এসসি এসটিওবিসি সংরক্ষণ শেষ করে ধর্মের ভিত্তিতে নিজেদের ভোটট্যাব্যঙ্কে সংরক্ষণ দিতে চায়।পশ্চিমবঙ্গের তম্রুলু কংগ্রেস সরকারের তীব্র সমালোচনা করে প্রধানমন্ত্রী মোদী বলেছেন, কলকাতা হাইকোর্ট এইমাত্র দেশের সামনে ইন্ডি জোটের আরেকটি ষড়যন্ত্র উন্মোচিত করেছে। ইন্ডি জোটের লোকজন পশ্চিমবঙ্গের ৭৭টি মুসলিম জাতিকে ওবিসি মর্যাদা দিয়েছিল। এরপর সরকারিচারিতে যে সুবিধাগুলি অগ্রসর এবং ওবিসি জাতিদের দেওয়া উচিত ছিল, এই ৭৭টি মুসলিম জাতিকে দেওয়া শুরু হয়। মোদী বলেছেন, নিজেদের ভোটটিব্যঙ্ককে খুশি করতে কংগ্রেস রাতারাতি সংখ্যালঘু প্রতিষ্ঠান সংক্রান্ত আইন পাস্টে দিয়েছে, এরপর হাজার হাজার প্রতিষ্ঠানকে সংখ্যালঘু প্রতিষ্ঠান ঘোষণা করা হয়। আগে এসসিএসটিওবিসি এই প্রতিষ্ঠানগুলিতে ভর্তির সম্মু সম্পূর্ণ

সংরক্ষণ পেতেন।অন্যদিকে পাটনাতে,গত মঙ্গলবার বিহারের মহারাজগঞ্জ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী জনসভা থেকে ইন্ডি জোটকে একহাত নেন। কংগ্রেস ও আরজেডি-কে নিশানা করেন মোদী। তিনি বলেন, বিহার হল রাজেন্দ্র প্রসাদের মাটি। আর সেই বিহারকেই কংগ্রেস জুলুমবাজির জয়গা করে তুলেছে। সনাতন-বিরোধী মানসিকতা বলতে ইন্ডি জোটকে কটাক্ষ করেন তিনি। বিরোধীদের বিরুদ্ধে দুনীতি, তেষপণের অভিযোগ তোলেন তিনি। প্রধানমন্ত্রী এদিন আরও বলেন, কংগ্রেস সংবিধানটাই বদলে দিতে চায়। এসসি, এসটি, ওবিসি-দের থেকে সংরক্ষণ ছিনিয়ে নিতে চায়।এদিন মোদী বিরোধীদের নিশানার পাশাপাশি উন্নয়নের একাধিক খতিয়ান তুলে ধরেন। মৌদীর বক্তব্য, আবারও ক্ষমতায় এলে উন্নয়ন আরও ব্রূরিগত হবে। বিহারের আরেকটি জনসভা থেকে মৌদী রামমন্দির প্রসঙ্গ উল্লেখ করেন। তিনি বলেন, যারা রাম মন্দিরের আশ্রয়ণে সাড়া দেয়নি, তাঁদের দুনীতিবাজদের সঙ্গে একসঙ্গে বসে গঠিত কোনও অসুবিধা হয় না।অন্যদিকে ওড়িয়াতে,বিজেডি সরকার ওড়িশার মতো রাজ্যের সমৃদ্ধ ইতিহা ও তারুণ্যের স্বপ্নকে ধ্বংস করে দিয়েছে। ওামির বিজেডি সরকারের এমনই গুরুতর অভিযোগ আনলেন বিজেপি নেতা তথা

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সোমবার ওড়িশার ঢেক্কানালের নির্বাচনী জনসভায় মোদী বলেছেন, ওড়িশার মতো একটি সমৃদ্ধ রাজ্য, সেই রাজ্যের মহান ইতিহা এবং তরুণ সম্প্রদায়ের স্বপ্ন ধ্বংস করেছে বিজেডি সরকার। বিজেডি সরকার সম্পূর্ণরূপে দুনীতিপ্রসুদের দ্বারা ঘেরা, এই দুনীতিপ্রসূরা মুখ্যমন্ত্রীর বাসভবন দখল করেছে এমনকি বিজেডি সরকার উঠে নেতারাও কোটি কোটি টাকার মালিক হয়েছে। বিজেডি সরকার জনসাধারণকে ওড়িশার শনিজ সম্পদের সুবিধা নিতে দেখনি। মোদী ২০১৪ সালে একটি নতুন খনন নীতি তৈরি করেছিলেন যার অধীনে ওড়িশা আরও বেশি রাজস্ব পায়, মোদী জেলা খনিজ তহবিল তৈরি করেছিলেন যাতে এখান থেকে বের হওয়া প্রতি খনিজ পার্দার্থগুলির একটি অংশ এখানে উন্নয়নের জন্য ব্যবহার করা হয় এবং এখানে বসবাসকারী লোকজন উপকৃত হতে পারে। আমরা ওড়া খনিজ তহবিলের অধীনে ওড়িশাকে ২৬ হাজার কোটি টাকা দিয়েছি এবং এই গ্রামে রাস্তাগুলির জন্য ব্যবহার করার কথা ছিল, কিন্তু এতেও বিজেডির লোকেরা দুনীতির মনোভাব গ্রহণ করেছিল। মোদী এলাকার লোকেরা বলেছেন, ওড়িশার সম্পদ বা ওড়িশার সাংস্কৃতিক ইতিহা বিজেডির শাসনে নিরাপদ

নয়।মৌদীর কথায়, নির্বাচনের সময় বিশ্বের অনেক বিশেষজ্ঞ জায়গায় জয়গায় যাচ্ছেন এবং সেখানকার পরিস্থিতি খতিয়ে দেখছেন, ভারতের ভোটারদের মনোভাব অনুভব করছেন এবং অবাক হচ্ছেন যে সবাই মোদীকে তু তীব্রবার প্রধানমন্ত্রী বানাতে চায়। তরুণ সম্প্রদায়ের উচ্ছাস দেখে মনে হচ্ছে, ২৫ বছর পর ওড়িশা নতুন ইতিহাস গড়তে চলেছে। এটা নিশ্চিত যে ১০ জুন, বিজেপির প্রথম মুখ্যমন্ত্রী ওড়িশায় শপথ নেরেন এবং মোদী সরকার দিল্লিতে তৃতীয়বারের মতো শপথ নেবে। প্রধানমন্ত্রী আরও বলেছেন, ওড়িশার গ্রাম, রাস্তা ও প্রতিটি বাড়ি থেকে একই স্লোগান প্রতিধ্বনিত হচ্ছে, ’’ওড়িশায় প্রথমবার ডাল ইঞ্জিন সরকার’’। ওড়িশার মানুষ ২৫ বছর ধরে বিজেডি সরকারকে বিশ্বাস করেছিল, কিন্তু এখন পুরো ওড়িশা আদর্শনিবন করেছে যে এই ২৫ বছরে মানুষ কী পেয়েছে? এখনও, কৃষকরা সময়ায় পড়ছেন, তরুণ সম্প্রদায় ছোটখাটো কাজের জন্য অন্য রাজ্যে চলে যায় এবং উল্লেখযোগ্য বিষয় আদিবাসী অঞ্চল, যেখানে জল, বন, জমি এবং খনিজ সম্পদ রয়েছে, সেখানকারও অবস্থা সবচেয়ে বেশি খারাপ। বেশিরভাগ মানুষ অন্য রাজ্যে কাজে যায় এই এলাকার লোকেরা থেকে। এত সমৃদ্ধ ওড়িশায় মানুষ কেন এমন দারিদ্রতার মধ্যে থাকতে বাধ্য?

ভারত বিশ্বের বৃহত্তম গণতান্ত্রিক দেশ, রাঁচিত ভোট দিয়ে মন্তব্য হরিবংশ সিংয়ের

রাঁচি, ২৫ মেঃ ভারত বিশ্বের বৃহত্তম গণতান্ত্রিক দেশ, শনিবার রাঁচিতে ভোট দেওয়ার পর এই মন্তব্য করলেন রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হরিবংশ নারায়ণ সিং। লোকসভার নির্বাচনের ষষ্ঠ দফায় শনিবার সকালে রাঁচির একটি পোলিং বুথে গিয়ে নিজের ভোটাদিকার প্রয়োগ করেছেন হরিবংশ সিং।ভোট দেওয়ার পর তিনি বলেছেন, এটাই গণতন্ত্রের সবচেয়ে বড় উৎসব। এই দিন জনগণ নিজের ভোট দেওয়ার এবং নিষ্কণ প্রতিনির্বা নির্বাচন করার সুযোগ পায়। ভোট দিতে সকাল ৭টা থেকে লাইনে দাঁড়িয়েছেন মানুষ। নির্বাচন গণতন্ত্রকে শক্তিশালী করে। অন্যদিকে ভূবনেশ্বরেও,জনগণের সেবা করার জন্য ওড়িশায় মজবুত সরকার গঠন করা হবে। জোর দিয়ে বললেন ওড়িশার মুখ্যমন্ত্রী নবীন

পট্টনায়েক। তিনি আত্মবিশ্বাসের সঙ্গে বলেছেন, ওড়িশায় লোকসভা ও বিধানসভা নির্বাচনে অত্যন্ত ভালো ফল করবে বিজু জনতা দল (বিজেডি)। শনিবার ভূবনেশ্বরের একটি পোলিং বুথে গিয়ে ভোট দিয়েছেন নবীন পট্টনায়েক। লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফার পাশাপাশি শনিবার ওড়িশায় বিধানসভা নির্বাচনের তৃতীয় দফার ভোটগ্রহণ হচ্ছে।নবীন পট্টনায়েক এদিন বলেছেন, আমি সবাইকে ভোট দেওয়ার জন্য উৎসাহিত করছি। আমি আশা করছি বিধানসভা এবং লোকসভা নির্বাচনে বিজেডির দুর্দান্ত জয় হবে। আমরা জনগণের সেবা করার জন্য রাজ্যে একটি মজবুত সরকার গঠন করব। নবীন পট্টনায়েক আরও বলেছেন, আমি সকল ভোটারদের, বিশেষ করে

তরুণ ভোটারদেরকে ভোট দিতে অনুরোধ করছি। আমি আশা করছি, বিধানসভা এবং লোকসভা উভয় নির্বাচনেই বিজেডি দারুণভাবে জয়লাভ করবে। আমরা রাজ্যে খুব স্থিতিশীল সরকার গঠন করব।অন্যদিকে নয়াদিল্লিতে, লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফায় শনিবার নিজের ভোটাদিকার প্রয়োগ করলেন প্রাক্তন ভারতীয় ক্রিকেটার কপিল দেব। শনিবার সকাল সকাল দিল্লির একটি বুথকেন্দ্রে গিয়ে নিজের ভোট দিয়েছেন কপিল দেব, সঙ্গে ছিলেন তাঁর স্ত্রীও। কপিল ও তাঁর স্ত্রী গণতন্ত্রের উৎসবে সামিল হয়ে নিজেদের ভোটাদিকার প্রয়োগ করেছেন।ভোট দেওয়ার পর প্রাক্তন ভারতীয় ক্রিকেটার কপিল দেব বলেছেন, আমি খুব খুশি যে আমরা গণতন্ত্রের অধীনে আছি। গুরুত্বপূর্ণ

বিষয় হল আপনার নির্বাচনী এলাকার জন্য সটিক মানুষ বাছাই করা... সরকার কী করতে পারে, তার চেয়ে আমরা কী করতে পারি তা বেশি গুরুত্বপূর্ণ।অন্যদিকে নয়াদিল্লিতে,লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফায় শনিবার নিজের ভোটাদিকার প্রয়োগ করলেন সিপিআই (এম) নেত্রী বৃন্দা কারাট। শনিবার দিল্লির একটি পোলিং বুথে গিয়ে নিজের ভোটাদিকার প্রয়োগ করেছেন বৃন্দা কারাট। ভোট দেওয়ার পর কেস্লি সরকারের বিরুদ্ধে আক্রমণ শানিয়েছেন তিনি।সিপিআই (এম) নেত্রী স্পৃশ্বরটি এনিম বলেছেন, আমি স্কোয়ার ও সম্প্রদায়িকতার বিরুদ্ধে ভোট দিয়েছি। আমরা ভোট পরিবর্তন আনবে..। বিজেপির বিরুদ্ধে স্কোটার ও সাম্প্রদায়িকতার মতো অভিযোগ এনেছেন বৃন্দা কারাট।

এক, আহত ৬ জন

করে জানিয়েছেন, বেমেতরা জেলার বরসি গ্রামে একটি বিশ্েফারক তৈরির কারখানায় বিশ্েফারণের দুুু খজনক খবর এসেছে। ঘটনার তথ্য পাওয়া মাত্রই উধ্বতন আধিকারিকদের প্রয়োজনীয় নির্দেশ দেওয়া হয়েছে। ত্রাণ ও উদ্ধার কাজ চলছে।

যামিনী রায়ের শিল্পকর্মে সেজে উঠেছে বাঁকুড়ার মডেল ভোটকেন্দ্র

বাঁকুড়া, ২৫ মে : প্রখ্যাত চিত্রশিল্পী যামিনী রায়ের শিল্পকর্মে সেজে উঠেছে বাঁকুড়ার বিনো এক্সেস বিদ্যাপীঠের ভোটগ্রহণ কেন্দ্র। এই জেলার বিশ্ববদিত শিল্পীর শিল্পকর্ম শোভা পাচ্ছে সম্পূর্ণ মহিলা পরিচালিত এই পিক্স বুথে।ভোটাররা লাইনে দাঁড়িয়ে বলছেন, যেন অনুষ্ঠান ভবনে চলে এসেছি। যথা সম্ময় ষষ্ঠ দফায় শুরু হয়েছে বাঁকুড়া লোকসভায় ভোটগ্রহণ।এই জেলার বেলিয়াতোরেই বাসিন্দা ছিলেন যামিনী রায়। যিনি লোকপটচিত্রকে বিশ্বের দরবারে সমাদৃত করেছেন। সেই বিশ্ববদিত শিল্পীর শিল্পকর্মে সমগ্র ভোটগ্রহণ কেন্দ্র সেজে উঠেছে। তাই ভোট দিতে বাড়তি উৎসাহ পাচ্ছেন ভোটাররা। তাঁরা জানাচ্ছেন, ভোট দিতে নয়, যেন অনুষ্ঠান বাড়িতে এসে পৌঁছেছেন। তার উপর যামিনী রায়ের শিল্পকর্মে

ভরা ভোটগ্রহণ কেন্দ্র আরও বেশি আশ্রুত করেছে ভোটারদের। মহিলা পুলিশ কর্মী-সহ মহিলা কেন্দ্রীয় বাহিনীর জওয়ানদের ঘেরাটোপে সকাল থেকেই এই মডেল বুথের চলছে ভোটগ্রহণ প্রসঙ্গত, শুরু হয়েছে ষষ্ঠ দফায় বাঁকুড়া লোকসভায় ভোটগ্রহণ। ১৩ জন প্রার্থীর ভাগ্য নির্ধারণ করবে ১৭ লক্ষ ৫৪০ জন ভোটার। লোকসভায় ১ হাজার ৯৪৫টি বুথে শুরু হয়েছে ভোটগ্রহণ। সকাল থেকেই ভোটাররা লাইনে দাঁড়িয়ে ভোট দিতে শুরু করেছেন। নির্ধিহ্নে ভোট পরিচালনা করার জন্য এই লোকসভায় ৯১ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে। এছাড়া, ২১টি ফ্লাইং স্কোয়াড বা কুইক রেসপন্স টিম রয়েছে। ৭ হাজার ৭৮০ জন ভোট কর্মী রয়েছেন ভোটগ্রহণ প্রক্রিয়ায়।

ভোট দিয়ে সোনিয়ার নতি-নাতনির মুখে রাজনীতির বুলি

নয়াদিল্লি, ২৫ মে : শনিবার লোকসভা নির্বাচনে সকাল সকাল ভোট দিয়ে বেরিয়েই রাজনৈতিক বুলি শোনা গেল সোনিয়া গান্ধীর মেলির ঘরের নতি-নাতনি তথা কংগ্রেসের সাধারণ সম্পাদক প্রিয়াকা গান্ধীর হেলে-মেয়ে রেহান ও মিরায়ের মুখে। গান্ধী পরিবার ও কংগ্রেসের দাবিগুলিই এদিন ভোটকেন্দ্রের বাইরে বলে তাঁরা বুঝিয়ে দিলেন রাজনীতির মহাদানে এবার উভয়েই উত্তরসূরি।প্রসঙ্গত, দিল্লির গোপি এন্টরটেনেট অটল অদর্প বিদ্যালয়ে ভোট দেন রেহান এবং তাঁর বোন মিরায়। রেহান বলেন,

এই প্রথম সাধারণ নির্বাচনে ভোট দিলাম। এর আগে দিল্লি বিধানসভা ভোটে প্রথম ভোট দিয়েছি। সকলের কাছে আবেদন তাঁরা যেন এই ভোট উসকে দলে দলে অংশ নেন। গণতন্ত্র রক্ষার এই লড়াইয়ে আমার কাছে উন্নয়ন এবং দেশের বেকারি অন্যতম ইস্যু। ব্যক্তিগতভাবে আমি মনে করি এবারের ভোটারে আরও বয় ইস্যু হচ্ছে দেশের সংবিধান। এবারের ভোট খুবই গুরুত্বপূর্ণ। আমি সকল যুব সমাজের কাছে আবেদন জানাই যে, তাঁরা যেন দেশের সংবিধান রক্ষার জন্য এবং ইতিবাচক পরিবর্তনের পক্ষে ভোট দেন।দাদার

ভোট দিলেন রাষ্ট্রপতি মুর্মু, ভোটাদিকার প্রয়োগ উপ-রাষ্ট্রপতি ধনখড়ের



নয়াদিল্লি, ২৫ মে : গণতন্ত্রের বৃহত্তম উসবে সামিল হয়ে নিজের ভোটাদিকার প্রয়োগ করলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। শনিবার লোকসভা নির্বাচনের ষষ্ঠ দফায় দিল্লির একটি পোলিং বুথে গিয়ে নিজের ভোট দিয়েছেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু।এদিন সকালেই ভোটাদিকার প্রয়োগ করেছেন উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখাড়। দিল্লির একটি পোলিং বুথে গিয়ে, লাইনে দাঁড়িয়ে ভোট দেন উপ-রাষ্ট্রপতি ধনখড় ও তাঁর স্ত্রী। ভোট দেওয়ার পর উপ-রাষ্ট্রপতি বলেছেন, ভোটদান দায়িত্বের পাশাপাশি একটি শক্তিও। ভারত বিশ্বের সবচেয়ে প্রাণবন্ত, সক্রিয় এবং কার্যকর গণতন্ত্র।

রেমাল মোকাবিলায় সতর্ক প্রশাসন, বিভিন্ন ব্লকে মজুত রাখা হচ্ছে ত্রাণ সামগ্রী

কলকাতা, ২৫ মে : ফের ঘূর্ণিঝড়ের অশনি সন্কেতা রবিবার মধ্যরাতে ঘূর্ণিঝড় রেমাল আছড়ে পড়তে পারে পশ্চিমবঙ্গের সাগর ও বাংলাদেশের খেপুাপাড়ার মাঝামাঝি এলাকায়। যার প্রত্যক্ষ প্রভাব পড়তে পারে এপার বাংলাতেও। তাই আগেভাগেই বাড় মোকাবিলায় সতর্ক প্রশাসন।উপকূলবর্তী জেলা দক্ষিণ ২৪ পরগনায়, মুন্দরবনের প্রত্যন্ত এলাকায় শনিবার থেকেই তৈরি রাখা হচ্ছে ফ্লাড শেল্টারগুলিকে। বিভিন্ন ব্লকে মজুত রাখা হচ্ছে ত্রাণ সামগ্রী। খোলা হয়েছে কন্ট্রোলরুম। পূর্বাভাস অনুযায়ী, সবথেকে বেশি ঝড়ের দাপট দেখা যেতে পারে দক্ষিণ ২৪ পরগনায়। তাই আবারও বড় ক্ষতির আশঙ্কা করছেন এই জেলার মানুষ।

গণতন্ত্রের উৎসবে সামিল দিল্লির মুখ্যমন্ত্রী, সপরিবারে ভোট দিলেন কেজরিওয়াল



নয়াদিল্লি, ২৫ মে : সপরিবারে গণতন্ত্রের উৎসবে সামিল হলেন দিল্লির মুখ্যমন্ত্রী তথা আম আদমি পার্টির প্রধান অরবিন্দ কেজরিওয়াল। শনিবার সকালে দিল্লির একটি বুথকেন্দ্রে গিয়ে ভোট দিয়েছেন কেজরিওয়াল, তাঁর স্ত্রী সুনিতা কেজরিওয়াল ও ছেলে-মেয়ে। ভোট দেন কেজরিওয়ালের বাবাও। তবে, অসুস্থতার কারণে কেজরিওয়ালের মা ভোট দিতে পারেননি।ভোট দেওয়ার পর মুখে একগাল হাসি নিয়ে কালো লাগানো আঙুল দেখান কেজরিওয়ালের পরিবারের সদস্যরা। কেজরিওয়াল বলেছেন, আমার বাবা, স্ত্রী, সন্তানরা ও আমি ভোট দিয়েছি। মায়ের শরীর ভালো না থাকায় তিনি আসতে পারেননি। ক্ষেত্রজয়, মুদ্রাসীলিত ও বেকারদের বিরুদ্ধে ভোট দিয়েছি। আমি জনগণের কাছে আহ্বান জানাই ভোট দিতে আসুন।

বুদ্ধ পূর্ণিমায় বিশ্বশান্তির বার্তা দিলেন দেশ-বিদেশের বৌদ্ধ ভিক্ষুরা

নিজস্বসংবাদদাতা, কলকাতাঃ বিশ্বজুড়ে অহিংসা মানবতা ও অসাম্প্রদায়িকতার বার্তা দিয়েছিলেন যে মানুষটি কলকাতায় সেই জাতির জনক মহাশ্বা গান্ধীর মূর্তির পাশে।বিশ্ব শান্তির বার্তা দিলেন দেশ-বিদেশের বৌদ্ধ ভিক্ষুরা।২৫৬৮ তম বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে কলকাতায় গান্ধী মূর্তির পাদদেশে সিদ্ধার্থ ইউনাইটেড সোশ্যাল ওয়েলফেয়ার মিশনের উদ্যোগে সম্প্রতি বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে আয়োজন করা হয় ২৫৬৮ তম আন্তর্জাতিক বিশাক ডে ও বিশ্ব শান্তি সম্মেলন। সেখানে ভারত ছাড়াও তিব্বত, চীন, মালয়ানার, শ্রীলংকা, ভিয়েতনাম ও অন্যান্য দেশ থেকে বুদ্ধ ভিক্ষুরা এসেছিলেন। সকলে মিলে গৌতম



বুদ্ধের মূর্তির সামনে দাঁড়িয়ে বিশ্ব শান্তির জন্য প্রার্থনা করেন। শুধই অনুষ্ঠানে কয়েকশ মানুষ অংশ নেন। সিদ্ধার্থ ইউনাইটেড সোশ্যাল ওয়েলফেয়ার মিশনের সাধারণ সম্পাদক বুদ্ধপ্রিয় মহাভেথেরা বলেন যে, বর্তমান সময়ে সারা বিশ্বজুড়ে যে অশান্তি ও অস্থিরতার বাতাসের তৈরি হয়েছে তা থেকে মুক্তি পেতে এবং বিশ্ব শান্তি রক্ষায় গৌতম বুদ্ধের দেখানো পথে আমাদের এগিয়ে চলতে হবে।

বর্ধমানে মেঘনাদ সাহা তারা মন্ডল আট মাস ধরে বন্ধ , দূর দূরান্তের দর্শনাধী সহ ছাত্র-ছাত্রী হয়রান হয়ে ঘুরে যাচ্ছে



মেনঞ্জর বন্দোপাধ্যায়,বর্ধমানঃবর্ধমানে আট মাস ধরে বর্ধমানের ঐতিহ্য মেঘনাদ সাহা তারা মন্ডল বন্ধ । এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের কোন জরুক্ষেপ নেই । বর্ধমানের এত মন বড় ঐতিহ্য বিশ্ববিদ্যালয়ের অধীন মেঘনাদ সাহা তারা মন্ডল বন্ধ বর্ধমানবাসী মেনে নিতে পারছেন না। আট মাস ধরে এই বিষয়ে কোনো মিটিং না হওয়ায় এই মেশিন বন্ধ থাকার কারণে ধুলো জমে নষ্ট হতে বসেছে অনেক দামি মেশিন। মেঘনাদ সাহা প্লান্টেটেরিয়াম ইনচার্জ নিলেন্দু ঘোষ বলেন ইসি না হওয়ায় এবং মেশিন খারাপ হওয়ার কারণ এবং তা মোরামত না হওয়ার কারণে আজ আট মাস ধরে বন্ধ ।আমাদেরও খুব খারাপ লাগছে দূর-দূরান্ত থেকে অনেক ছাত্র-ছাত্রী শিক্ষক শিক্ষিকা এবং পর্যটকরা এ মেঘনাদ সাহা তারা মন্ডলে মহাকাশ ,তারা সহ ব্রহ্মাণ্ডের পরিবেশ দেখার জন্য ভিড় করে কিন্তু তারা নিরুসাহিত হয়ে ফিরে যাচ্ছে। ১২ জন কর্মী বর্তমানে কোন কাজ নেই। তাদেরকে বসে বসে দিন কাটাতে হচ্ছে। এ বিষয়ে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কোন হস্তক্ষেপ দেখতে পাওয়া যায়নি । বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কখন ঘুম ভাঙবে এ বিষয়ে কেউ সটিক উত্তর দিতে পারছেন না। মেঘনাথ সাহা প্লান্টেটেরিয়ামের ইনচার্জ নিলেন্দু ঘোষ আশ্রুত করছেন খুব শীঘ্রই এর মোরামটির ব্যবস্থা হবে।জানা গিয়েছে তার মন্ডলের কিছু ধ্বংসপ্রতি খারাপ হয়েছে।মোরামত জন্য অর্থের প্রয়োজন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অর্থ বরাদ্দের মিটিং হয়নি। তাই কাজ হয়নি। তাই তারা মন্ডল বন্ধ।

পূর্ণাঙ্গ পঞ্জিকা

কলকাতা,২৬ মে মার্চঃশনিবার, ১২ জ্যৈষ্ঠ মাস ১৪৩১ বঙ্গাব্দ, ইংরেজীঃ ১২ জ্যৈষ্ঠ মাসঃ ২০২৩, ৫৬৬ চৈতঃনান্দ, কলিঃ৫২১৩, সৌরঃ১২ জ্যৈষ্ঠ মাস, চান্দ্র ৭ মধুসূদন মাস, ১৯৪৪ শকাব্দ ২০৭৯ বিক্রম সাহ, ২৫৬৫ বুদ্ধাব্দাঃ, বাংলাদেশঃ১২ জ্যৈষ্ঠ মাস ১৪৩১, ভারতীয় সিভিলঃ১২ জ্যৈষ্ঠ মাস ১৯৪৪, মৈতেঃ১৪ শজিবু, আসামঃ২৬ চ’ত, মুসলিমঃ৬-ইদ-১৪৪৩ হিজরীঃশ্রীশ্রী অন্নপূর্ণাপূজার গতস্থাপন (সপ্তমী)সূর্য উদয়ঃ সকাল ০৫ঃ২৪ঃ ২৫ এবং অস্তঃবিকাল ০৫ঃ০০। চন্দ্র উদয়ঃসকাল ১০ঃ১৪ঃ২২(৮) এবং অস্তঃরাত্রি ১২ঃ১৬ঃ৫০(৮)।শুদ্ধ পক্ষ তিথিঃ:সপ্তমী (ভদ্রা) রাত্রিঃ০৮ঃ২২ঃ৫০১ দং ৩৭তঃ৮ঃ৫ পর্যন্ত নক্ষত্রঃআর্দ্রা রাত্রিঃ ১১ঃ২৮ঃ০১ দং ৪ঃ৮ঃ৪৫ পর্যন্ত পরে পুনর্বসুপরাঃশ্রাব্ণ রাত্রিঃ০৮ঃ২৮ঃ ০১ দং ৩৭তঃ৮ঃ৫ পর্যন্ত পরে বিষ্টিরাঃঅতিগণ্ড অমৃতমোহাদিন ০৫ঃ২৪ঃ৩১ থেকে- ০৭ঃ০৪ঃ১২ পর্যন্ত, তারপর ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ১০ঃ২৬ঃ৩৮ পর্যন্ত, মজুর তারঃ ১ঃ৫৪ঃ০৪ থেকে - ০২ঃ৩২ঃ৪৫ পর্যন্ত, তারপর ০৪ঃ১২ঃ২৫ থেকে - ০৫ঃ৫২ঃ০৬ পর্যন্ত এবং রাত্রিঃ ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ৫৫ঃ৬৪৫ পর্যন্ত, তারপর ০৬ঃ০৬ঃ০২ থেকে - ০৬ঃ৫২ঃ১২ পর্যন্ত,মহেন্দ্রযোগে রাত্রি ১০ঃ২৯ঃ০৪ থেকে - ১১ঃ ১৫ঃ১৪ পর্যন্ত, তারপর ০৬ঃ৫২ঃ১২ থেকে - ০৫ঃ২৪ঃ৩১ পর্যন্ত।কুলিক বেরোদিন ০৭ঃ৫৪ঃ০২ থেকে - ০৮ঃ৪০ঃ৫২ পর্যন্ত।কুলিক রাত্রিঃ ০৭ঃ২৪ঃ২৫ থেকে - ০৮ঃ১০ঃ৩৪৫ পর্যন্ত।বারেরোঃ দিন ০৮ঃ৩২ঃ২৫ থেকে - ১০ঃ০৪ঃ৫২ পর্যন্ত।কালবেলাঃদিন ১০ঃ০৪ঃ৫২ থেকে - ১১ঃ৩৮ঃ১৮ পর্যন্ত।কালরাত্রিঃ ০৮ঃ৫৫ঃ১২ থেকে -১০ঃ১১ঃ৪৫ পর্যন্ত।গ্রহস্ফুট (সূর্য উদয় কালীন)ঃ রবিঃ১১২ঃ৪৪ ৬১৯ (২৭) ৩ পদস্ফুটঃ২২১১৫২০০ (৭) ১ পদমঙ্গলঃ৯২৭৫৩৫৯ (২৩) ২ পদবুধঃ০২২২২৫ (১) ১ পদবৃহস্পতিঃ১০২৯২২৩ (২৫) ৬ পদস্ক্রঃঃ১০৮৭৭৩ (২৪) ১ পদশনিঃ৯২৫৪৩০ (২৩) ১ পদরাহুঃ১২২৭৫৩০ (৩) ২ পদক্ভুঃ৭২২৭৫৩ (১৬) ৪

বৃষ্টির হতে পারে নাও হতে পারে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৬.১ডিগ্রী সেলসিয়াস ও (২) সর্বনিম্ন ২৭.০১ডিগ্রী সেন্টিগ্রেড ও (১) দিনের বেলায়। আপেক্ষিক আর্দ্রতা হবে ৮১শতাংশ এবং ৪৬শতাংশ। বুড়িহয়েছে শনিবার। জ্যেয়ার-সকাল ৯টা ৪৯ মিনিট এবং রাত ৯টা। ৪৪মিনিট হবে। ভাটা-সকাল-৯টা ২০মিনিট। রাত-৯ট ২০ মিনিট। সূর্য উদয় আজঃ ৪ টা ৫৩মিনিটে এবং সূর্য অস্ত যাবে ৬ টা ১৫ মিনিটে।
--

রাশিফল
মেঘরাশিঃঅপ্রয়োজনীয় ব্যাপারে তর্ক করে সময় নষ্ট করবেন না। মনে রাখবেন তর্কে পাওয়ার কিছু নেই বরং কেবল হারাবার আছে। বৃষভ রাশিঃকিছু অনিবার্য পরিস্থিতি আপনাকে কিছুটা অস্বস্তি দিতে পারে। কিন্তু আপনি অংশাই আপনার ভারসাম্য বজায় রাখার স্টেটা করবেন এবং পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে তাক্ষণিক প্রতিক্রিয়া জানানো উচিত নয়। মিথুন রাশিঃপ্রাণোচ্ছল হাসিপূর্ণ একটি দিন যেখানে বেশির ভাগ জিনিসই আপনার ইচ্ছা অনুসারে এগোবে। সন্সারে শান্তি হতেপারে কর্কট রাশিঃজটিল পরিস্থিতিতে ঘাবড়ে যাবেন না। খাবারের সাদরে জন্য যেমন নুন দায়ী তেমনি একটু অশান্তি না থাকলে সুখের গুরুত্ব বোঝা যায় না। সিংহ রাশিঃ বিবাহের যোগ হতে পারে।সন্তান হতে পারে।আজকলাঃ রাশিঃ স্বাস্থ্য ভালোই থাকবে। নতুন টাকাপয়সা বানানোর সুযোগ লাভজনক হতে পারে। শুভদিন তুলারাশিঃআপনার স্বয়ংলালিত স্বপ্ন সত্যে পরিণত হবে। কিন্তু আপনার উত্তেজনা নিয়ন্ত্রণের রাখা উচিত কারণ খুব বেশী আনন্দ কিছু সমস্যা কারণ হতে পারে।অর্থব্যয় বৃশ্চিক রাশিঃ শারীরিক লাভে বিশেষ করে মানসিক দৃঢ়তার জন্য ধ্যান এবং যোগ করতে শুরু করুন। ধনু রাশিঃখেলাধুলা এবং বিজয়লাপ কাজকর্মে অংশগ্রহণ আপনাকে শক্তি সঞ্চয়ে সাহায্য করবে। যদিও আপনার আর্থিক অবস্থান উন্নত হয়েছে, তবুও টাকা বেরিয়ে যাওয়া আপনার প্রকটগুলির কার্যনির্বাহে বাধার সৃষ্টি করবে। মকর রাশিঃযেহেতু, আপনি শক্তি নয় ইচ্ছা হারিয়ে ফেলছেন, তাই আপনার প্রকৃত সমস্যালা উপলব্ধি করুন। সন্সারে শান্তি হতে পারে। কুম্ভ রাশিঃযোগব্যায়াম ও ধ্যান আপনাকে মানসিকভাবে ফিট রাখতে এবং থাকতে সাহায্য করবে।। মীন রাশিঃআপনি দীর্ঘস্থায়ী অসুস্থতা থেকে পরিত্রাণ পাবেন। আপনার যন্ত্রের প্রয়োজনে পরিবারের সদস্যদের থেকে সহায়তা। নিন। আপনার সব সময়ের ভাবাবাসা আপনার প্রিয়জনের জন্য ফল্গুযারার মত



ঘাটাল লোকসভা কেন্দ্রের একটি বুথের বাইরে ভোটদানের জন্য মহিলাদের লাইন (ছবিঃ পিআইবি, কলকাতা)

ধীরে ধীরে গভীর নিম্নচাপে পরিণত হলো রেমাল

কলকাতা, ২৫ মেঃ মে মাসে আবারও ঘূর্ণিঝড়ের চোখরাঙানি। বঙ্গোপসাগরে তৈরি হওয়া নিম্নচাপ শনিবার ইতিমধ্যেই পরিণত হয়েছে গভীর নিম্নচাপে। পূর্ব-মধ্য বঙ্গোপসাগরের উপর নিম্নচাপটি গত ৬ ঘণ্টায় উত্তর, উত্তর-পূর্ব অভিমুখে এগিয়ে চলেছে। আপাতত সেটি ১৭.৮-উ অক্ষাংশ, আধিমাংশ ৮৯.৭পূর্বের কাছে পূর্ব মধ্য বঙ্গোপসাগরের উপর কেন্দ্রীভূত হয়েছে। ঘূর্ণিঝড় রেমাল ক্রমশ ধেয়ে আসায় সতর্ক প্রশাসনও। উপকূল তীরবর্তী জেলাগুলিতে প্রশাসনের তরফে খোলা হয়েছে কন্ট্রোলরুম। দুর্যোগ মোকাবিলায় আগেভাগে সতর্কতা নিয়েছে কলকাতা বিমানবন্দর কর্তৃপক্ষ। রেমাল নিয়ে বৈঠক করেছেন রাজ্যের প্রশাসনিক উচ্চপদস্থ কর্তারা। নবান্ন সূত্রে খবর, বিপর্যয় মোকাবিলা দল, বিদ্যুৎ দফতর, পূর্ত দফতরকে প্রস্তুত থাকতে বলা হয়েছে। বিভিন্ন সরকারি হাসপাতালগুলিকেও প্রস্তুত থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

বিলকান্দা ২ গ্রাম পঞ্চায়েতে কংগ্রেস থেকে তৃণমূলে যোগদান

ব্যারাকপুর, ২৫ মেঃ প্রতিদিন তাদের ঘরের মতো ভাঙছে বিরোধী শিবির। বাম, বিজেপি কংগ্রেসে ভাঙন চলছেই। মদম লোকসভা কেন্দ্রে নির্বাচনের আগে শক্তি বাড়ল শাসক দলের। শুক্রবার রাতে দরমক কেন্দ্রে তৃণমূল কংগ্রেস প্রাধী অধ্যাপক সৌগত রায়ের সমর্থনে স্থানীয় বিলকান্দা ২ গ্রাম পঞ্চায়েতের মুড়াগাচা টালিভাটা মোড়ে খবদহ ব্লক কংগ্রেসের প্রাক্তন সভাপতি শ্যামাল সরকার ও বিলকান্দা ২ আঞ্চলিক কংগ্রেসের প্রাক্তন সভাপতি তপন দের নেতৃত্বে বিলকান্দা ২ গ্রাম পঞ্চায়েত সদস্য সৌরাঙ্গ সাহা এবং সদস্যা ময়না হালদারের উদ্যোগে নির্বাচনী পথসভায় রাজ্যের কৃষি ও পরিবদীয় মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায় এবং ব্যারাকপুর ২ পঞ্চায়েত সমিতির সভাপতি প্রবীর রাজবংশীর হাত ধরে এলাকার প্রবীণ ৫২ জন জাতীয় কংগ্রেস কর্মী তৃণমূলে যোগদান করেন। প্রবীণ কংগ্রেস কর্মীদের হাতে তৃণমূল কংগ্রেসের পতাকা তুলে দেন মন্ত্রী শোভনদেব চট্টোপাধ্যায়।যোগদান কারীরা জানান মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের দেখানো পথে উন্নয়ন যজ্ঞে शामिल হতেই এই যোগদান। বর্তমান রাজ্য সরকার তৃণমূল কংগ্রেসের উন্নয়নের সৈনিক হতে পেরে তাঁরা খুশিমন্ত্রী আগত কংগ্রেস থেকে তৃণমূলে যোগদানকারীদের স্বাগত জানান।মন্ত্রী বলেন ১৫- ৪৯ বছর বয়সি মহিলারা অপুষ্টিতে ভুগছে, দেশে ৮-৬ শতাংশ শিক্ষিত বেকার কেন্দ্রে তারা পরিশ্রম যজ্ঞে शामिल হতেই এই যোগদান। নাক্তা ভুল হয় না বক্তবা তুল হতে পারে। দেশটাকে একেবারে রসাতলে পাঠিয়ে দিচ্ছেন মৌদি সরকার। নিসূপেহে অবশ্যই এটা দেশের ভোট।যাকে ভোট দেবেন একবার ভাববেন দেশের জন্য কি কল্যাণ করেছেন গত দশ বছরে। শিক্ষায় দুর্নীতি প্রসঙ্গে মন্ত্রী বলেন পার্থ চট্টোপাধ্যায় জেলে গেছেন থাকা জেলে আছে কোন দুঃ খ নেই।বিচারে দেশী প্রমাণিত হলে চাই যে অপরাধ করেছে জেলেই থাকুক। মৌদির দলে বড চোর যাচ্ছে তারা সকলে সাাদা সাধু হয়ে যাচ্ছেন। কেউ মুখামন্ত্রী পদ পাচ্ছেন আবার কেউ বিরোধী দল নেতা হচ্ছেন। কেন্দ্রের অর্থমন্ত্রীর স্ত্রী অর্থ বিশেষাঙ্ক বলছেন ভারতবর্ষে একশ বছরে এত বড দুর্নীতি হয় নি। যা বিগত পাঁচ বছরে ইলেকশন বন্ডে হয়েছে। উপস্থিত বিলকান্দা ২ গ্রাম পঞ্চায়েত উপপ্রধান অঞ্জলি দেউরি সহ ১৬ জন পঞ্চায়েত সমিতির সদস্য ও তৃণমূল নেতৃব্বরা।

তৃণমূলের ফেস্টুন ছিঁড়ে যাওয়াকে কেন্দ্র করে মারধর



বারকুইপুর, ২৫ মেঃ যাদবপুর লোকসভা কেন্দ্রের তৃণমূলের প্রাধী সায়নী ঘোষের ফেস্টুন ছেঁড়াকে কেন্দ্র করে বিজেপি কর্মীদের মারধরের অভিযোগ উঠল তৃণমূলের বিরুদ্ধে। ঘটনাটি ঘটিয়েছে দক্ষিণ ২৪ পরগনা জেলার বারকুইপুর থানার অন্তর্গত কল্যাণপুর গ্রাম পঞ্চায়েতে লাল গোট এলাকায়। শুক্রবার রাতে ওই একালকে বিজেপির পক্ষসভা ছিল। পথসভার পর ফেস্টুন ও পতাকা ছেঁড়াকে কেন্দ্র করে বিজেপির বৃথ সভাপতি সহ তিনজন কর্মীকে মারধর করে অভিযোগ উঠল তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে। অভিযোগ, বিজেপি করার অপরাধ ও পতাকা ছেঁড়ার মিথ্যা অভিযোগে ওই অঞ্চলের সভাপতি সুশান্ত মণ্ডল ও তৃণমূল কর্মী পিন্টু দাস এই ঘটনা ঘটিয়েছে ককেকজমকে নিয়ে। হামলার ঘটনায় বিজেপির বৃথ সভাপতি তন্ময় মাখাল সহ অশোক মণ্ডল ও সুরোজ ঘোড়াই গুরুতর আহত হন। শনিবার বারকুইপুর থানায় অভিযোগ দায়ের করেন আহতরা। যদিও তৃণমূলের পক্ষ এই ঘটনা পুরোটিই সাজানো বলে দাবি করে জানানো হয়েছে এর সঙ্গে তৃণমূলের কোনো সম্পর্ক নেই। অন্যদিকে অভিযোগের ভিত্তিতে পুলিশ ঘটনা তদন্ত শুরু করেছে।

দলের দুই গোষ্ঠীর বিবাদে দোকান মালিকের উপর হামলা, দোকান ভাঙচুরের ঘটনা

দূরন্ত বার্তা, বালি, ২৫ মেঃ দলের দুই গোষ্ঠীর বিবাদে দোকান মালিকের উপর হামলা এবং দোকান ভাঙচুরের অভিযোগ উঠল তৃণমূল আশ্রিত দুষ্কৃতীদের বিরুদ্ধে। শুক্রবার রাতে বালির নিশ্চিন্দা থানার কালীতলায় এই ঘটনায় একই পরিবারের চারজন জখম হন। দুষ্কৃতীদের হামলায় শুধু দোকান ভাঙচুরই নয় গুরুতর জখম হয়ে উত্তরপাড়া হাসপাতালে ভর্তি হয়েছেন দোকানের মালিক অমিয় নন্দর। অভিযোগ মারধর করা হয় তাঁর ছেলে এবং স্ত্রীকেও। আরও অভিযোগ, নিরীহ সাধারণ মানুষ আক্রান্ত হলেও অভিযোগ পেয়ে রাত পর্যন্ত কোনও ব্যবস্থাই নেহানি

নিশ্চিন্দা থানার পুলিশ। থানায় অভিযোগ জানাতে গেলে তাঁদের মেডিক্যাল রিপোর্ট করিয়ে আসতে বলা হয়। বিগত পঞ্চায়েত নির্বাচনের সময় থেকেই বেশ কয়েকমাস ধরে নিশ্চিন্দা থানার কালীতলায় তৃণমূলের দুই গোষ্ঠীর মধ্যে দ্বন্দ্বের ফলে বারে বারে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এদিনও এক গোষ্ঠীর অন্তত ১৫-২০ জন দুষ্কৃতী অন্য গোষ্ঠীর একজনের খোঁজ করতে আসে অমিয়বাবুর দোকানে। তিনি জানান কাউকে দেখেননি। এরপরই নিরীহ ওই দোকানদারকে মারতে শুরু করে দুষ্কৃতীরা। এমনিতেই অসুস্থ অমিয়বাবু মারধরের ফলে গুরুতর

অসুস্থ হয়ে পড়েন। তাঁকে

রবিবার পূর্ণদিবস বন্ধ রাখার সিদ্ধান্ত

দূরন্ত বার্তা, হাওড়া, ২৫ মেঃ ঘূর্ণিঝড় রেমাল এর সতর্কতায় রবিবার পূর্ণদিবস ফেরি পরিষেবা বন্ধ রাখার সিদ্ধান্ত নিল হুগলি নদী জলপথ পরিবহন সমবায় সমিতি লিমিটেড সংস্থা। পরদিন সোমবার আবহাওয়ার পরিস্থিতি দেখে ফেরি পরিষেবা পুনরায় চালু করার বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে। তারা এক বিশেষ বিজ্ঞপ্তিতে জানিয়েছে, আসন্ন ঘূর্ণিঝড় রেমাল এর কারণে সরকারি নির্দেশানুসারে ২৬মে রবিবার ফেরি পরিষেবা সম্পূর্ণভাবে বন্ধ থাকবে। পরদিন সোমবার ঘূর্ণিঝড়ের প্রভাব কটে গিয়ে আবহাওয়া স্বাভাবিক হলে ফেরি চলাচলের অনুকূল থাকলে প্রশাসনের নির্দেশমতো ফেরি পরিষেবা চালু হতে পারে। এছাড়াও ঘূর্ণিঝড়ের সতর্কতায় ঘাটে লঞ্চগুলোকে নাইলনের রশি দিয়ে বেঁধে রাখা হয়েছে। হাওড়া থেকে গাদিয়াড়া পর্যন্ত চলাচলকারী সব লঞ্চ রবিবার যাত্রীদের নিরাপত্তায় বন্ধ রাখা হবে। এ বিষয়ে শনিবার হুগলি নদী জলপথ পরিবহন সমবায় সমিতি লিমিটেড সংস্থার চোয়ারম্যান বাপি মাল্লা বলেন, ঘাটের সাইড়ে যে লঞ্চগুলো রাখা হয়েছে সেগুলি ভালভাবে বাঁধা হয়েছে যাতে ঝড়ে লঞ্চগুলির কোনও ক্ষতি না হয়। রাজ্য সরকারের পক্ষ থেকে দু’দিন যাতে লঞ্চ বন্ধ থাকে সেই নির্দেশ দেওয়া হয়েছে। ঘূর্ণিঝড়ে মানুষকে সুরক্ষিত রাতেই আগাম সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পরিস্থিতি দেখে সোমবার আবার লঞ্চ পরিষেবা চালু হতে পারে। এখানে যে সকল লঞ্চঘাট রয়েছে তাগের সকলকেই নোটিশ দেওয়া হয়েছে। তাঁদের মাইকিয়ারে জন্য নির্দেশ দেওয়া হয়েছে। হুগলি নদী জলপথ পরিবহন সংস্থা লঞ্চ পরিষেবা গাদিয়াড়া পর্যন্ত দিয়ে থাকে। রবিবার সকল লঞ্চঘাটের সকল ইউনিট বন্ধ থাকবে।

ঘূর্ণিঝড় রেমাল মোকাবেলায় তৎপর হুগলি জেলা প্রশাসন

দূরন্ত বার্তা, হাওড়া, ২৫ মেঃ হুগলী বঙ্গোপসাগর ও ভারত মহাসাগরের সংযোগস্থলে তৈরি হয়েছে ঘূর্ণিঝড় রেমাল। রেমাল প্রভাব বিপুলের পর থেকে দেখা যা়বে। বছরে যে গতি প্রকৃতি রয়েছে তাতে বঙ্গোপসাগরের উত্তর উত্তর-পূর্ব দিকে এগোতে শুরু করেছে। আগামীকাল দুপুরে হলদিবাড়ির কাছে ল্যান্ডফল হওয়ার কথা। সেই মত প্রশাসনের তরফ থেকে শুরু হয়েছে সতর্কীকরনা। হুগলি চুঁচুড়া পুরসভার পক্ষ থেকে গদা তীরবর্তী এলাকায় চলছে মাইকিং প্রচার। যাদের পাড়ের বাসিন্দাদের নিরাপদ আশ্রয়ে চলে যাওয়া জানা আদেশন করা হচ্ছে পুরসভার পক্ষ থেকে। সেই মত মাঝি যারা নৌকা নিয়ে গঙ্গায় মাছ ধরতে হন তাদেরকেও গঙ্গায় মাছ ধরতে নিষেধ করা হচ্ছে। আজ ২৫শে মে থেকে ২৭শে মে অবধি তিন দিন জেলার সমস্ত ঘাটে বন্ধ থাকবে ফেরী চলাচল। সেই মত নির্দেশিকা জারি করা হয়েছে নবান্ন থেকে।এদিন সকালে দেখা যায় চুঁচুড়া, শ্রীরামপুর, উত্তরপাড়া, গুপ্তিপাড়া সহ বিভিন্ন ফেরীঘাট বন্ধ করে দেওয়া হয়েছে। নোটিশ টাঙিয়ে দেওয়া হয়েছে ফেরীঘাটের কাউন্টারে। তবে বহু যাত্রীর কাছে বন্ধের খবর না থাকায় ঘাটে এসে ফিরে যেতে হচ্ছে তাদের।সমস্যায় পড়তে হচ্ছে তাদের। ঘুরপথে যেতে হচ্ছে। পরিবহন মন্ত্রী মোহাশির চক্রবর্তী জানান, ইয়াস ও আন্দামানের সময় প্রশাসন মানুষের পাশে থেকেছে। আবহাওয়া দপ্তর সূত্রে যা খবর রেলের পশ্চিমবঙ্গের সাগর উপকূলবর্তী এলাকাগুলোতে আছড়ে পড়বে। ইতিমধ্যে এই নিয়ে নবান্নে মুখ্যমন্ত্রী নির্দেশে উচ্চ পর্যায়ের বৈঠক হয়েছে। মৎস্যজীবীদের সঙ্গে মাছ ধরতে যাওয়া নিষেধ করা হয়েছে এবং গঙ্গা এবং বিভিন্ন নদীপথে লঞ্চ ভেঙ্গেল পারাপার বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। নবান্নে কন্ট্রোল রুম খোলা হয়েছে।

সুন্দরবনে বন কর্মী খুনের ঘটনায় ধৃত তিন বাংলাদেশী চোরাকারীকে জিজ্ঞেসাবাদ পুলিশের

দূরন্ত বার্তা, জয়নগর, ২৫ মেঃ সুন্দরবনে বনকর্মী খুনের ঘটনার তদন্তে নেমে তিন বাংলাদেশি জল দস্যাকে গ্রেফতার করলে কোস্টাল থানার পুলিশ। বৃহস্পতি বার গভীর রাতে নৌকা সহ গ্রেফতার করা হয়েছে তাদের। শুক্রবার আলিপুর আদালতের বিচারক ধৃতদের ৬ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দিয়েছে। ইতিমধ্যেই ধৃতদের জিজ্ঞাসাবাদও শুরু করেছেন তদন্তকারী আধিকারিকরা।পুলিশ সূত্রে খবর, প্রাথমিক জিজ্ঞাসাবাদে জানা গিয়েছে, বাংলাদেশ থেকে বেআইনিভাবে ভারতে প্রবেশ করেছিল তারা। উদ্দেশ্য ছিল মধু সংগ্রহ,হরিণ শিকার। এদিকে

ডিউটিতে থাকাকালীন সেই খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছন অমলেন্দু হালদার ও তাঁর সঙ্গীরা। সেই সময়ই শুরু হয় সংঘর্ষ। আর সেই সংঘর্ষেই মৃত্যু হয় অমলেন্দু হালদারের। ঘটনার নেপথ্যে এই ৬ জন ছাড়াও আরও কয়েকজন জড়িত বলে মনে মনে করছে পুলিশ। প্রসঙ্গত, গত ১৮ তারিখ শনিবার রাতে দক্ষিণ ২৪ পরগনা জেলার সুন্দরবন কোস্টাল থানার বিদ্যা রেঞ্জের নেতিথোপানি ক্যাম্প এলাকার জঙ্গলে ডিউটিতে ছিলেন বনকর্মী অমলেন্দু হালদার। সঙ্গে ছিলেন আরও তিন বনকর্মী। আর কর্তব্যরত অবস্থাতেই চোরা শিকারিদের হাতে খুন হন অমলেন্দু

হালদার। ১৯ তারিখ রবিবার সকালে অমলেন্দু হালদারের মৃতদেহ উদ্ধার করে পুলিশ।এই ঘটনায় খুনের মামলা রুজু করে সুন্দরবন কোস্টাল থানার পুলিশ।

বিষয়টি খতিয়ে দেখতে ওই দিনই সুন্দরবন কোস্টাল থানায় পৌঁছান বারকুইপুর পুলিশ জেলার পুলিশ সুপার পলাশচন্দ্র ঢালি। সবকিছু খতিয়ে দেখে পুলিশ সুপার জানিয়ে ছিলেন, ঘটনার তদন্ত চলছে। সবদিক খতিয়ে দেখা হচ্ছে। পুলিশ সুপার আরও জানান, ওই দিন ভোর ৫টা নাগাদ দেহ উদ্ধার করা হয়েছে। ঘটনায় অভিযোগও দায়ের করা হয়েছে বনদফতরের তরফে। মৃতদেহের মাথায় আঘাতের



চিহ্ন পাওয়া গিয়েছে বলেও জানান পুলিশ সুপার। পুলিশ সূত্রে জানা যায়, সুন্দরবনের বিদ্যা রেঞ্জ অফিসের অধীনে নেতাথোপানি ক্যাম্প এলাকার জঙ্গলে হরিণ শিকারী দের সঙ্গে মুখোমুখি হন বন কর্মীরা। সেখানেই দু পক্ষের গুলির

লড়াই শুরু হয়। একইসঙ্গে ধারালো অস্ত্র নিয়েও হামলা চালায় দুষ্কৃতীরা। ধারাল অস্ত্র দিয়েই অমলেন্দু হালদারকে কোপানো হয় বলে অভিযোগ।

পরিস্থিতি হাতের বাইরে চলে যাওয়ায় বাটে থাকা অন্যান্য বন কর্মীরা ও প্রাণ বাঁচাতে নদীতে ঝাঁপ দেন। বন দফতর সূত্রে জানা যায়, সুন্দরবন এলাকায় এর আগেও চোরা শিকারিদের সঙ্গে সংঘর্ষের ঘটনা ঘটেছে বন কর্মীদের। কিন্তু চোরা শিকারিদের হামলায় কোনও বন কর্মীর মৃত্যুর ঘটনা এই প্রথম। এখন দেখার ধৃতদের জিজ্ঞাসাবাদ করে তদন্তকারীদের হাতে আর কী কী তথ্য উঠে আসে।

রেমালের বিপর্যয় মোকাবিলায় প্রস্তুত প্রশাসন, খোলা হলো কন্টোল রুম সুন্দরবনে,জরুরি বৈঠকে জেলাশাসক

দূরন্ত বার্তা, জয়নগর, ২৫ মেঃ আবার সুন্দরবনের মানুষের কাছে তিন বছর আগের সময় ফিরে আসছে। চিন্তায় সুন্দরবন বাসীরা। তবে তৎপর জেলা প্রশাসন। তিন বছর আগে এমনই এক ২৬ শে মের ঘূর্ণিঝড় ইয়াসে লভভন্ড হয়ে গিয়েছিল সুন্দরবনের ঘোড়ামারা দ্বীপ, মৌসুনি দ্বীপ, গোবর্ধনপুর, সাগর, নামখানা, পাথরপ্রতিমা, রায়দীঘি, গোসাবা সহ বহু এলাকা। আর এ বার চোখ রাখাছে ঘূর্ণিঝড় রেমাল। সুন্দরবনের উপকূলে কি ফেরে আছড়ে পড়তে চলেছে প্রকৃতির রোষ, চলছে চুলচেরা বিশেষণ। সেই সঙ্গে ঘুরপাক খাচ্ছে নানা জঙ্ঘনা। আর এ সবার মধ্যে রবি ও সোমবার দু’দিনই দুই ২৪ পরগনায় জারি করা হয়েছে লাল সতর্কতা। কলকাতা সহ চার জেলায় কমলা সতর্কতা জারি করা হয়েছে। আলিপুর আবহাওয়া দফতরের পূর্বাভাস অনুযায়ী, ২৫ শে মে বঙ্গোপসাগরে অতি গভীর নিম্নচাপ তৈরি হবে। ২৬ মে সকালটাতা পরিণত হবে শক্তিশালী ঘূর্ণিঝড় রেমালো। কেন্দ্রীয় আবহাওয়া বিজ্ঞানমন্ত্রক সূত্রের খবর, এই ঘূর্ণিঝড়টি পশ্চিমবঙ্গ, বাংলাদেশ সীমান্তবর্তী উপকূল এলাকায় রবিবার মধ্যরাতে ১০০ কিলোমিটারের বেশি গতিবেগে আছড়ে পড়তে চলেছে। বৃহস্পতি বার বিকেলের মধ্যে পশ্চিমবঙ্গের মৎসাজীবীদের স্থলভাগে ফিরে এসেছে। পূর্ব মেদিনীপুর এবং



দক্ষিণ ২৪ পরগনা জেলায় রেমালের প্রত্যক্ষ প্রভাব পড়বে বলে মনে করছেন বিশেষজ্ঞেরা। জেলায় অতিরিক্ত বজ্রপাতের সতর্কতাও জারি করা হয়েছে। তবে এই ঘূর্ণিঝড় মোকাবিলায় কোমর বেঁধে নেমে পড়ছে দক্ষিণ ২৪ পরগনা জেলা প্রশাসন। শুক্রবার জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর তিনটি দল পৌঁছে গেছে জেলায়। খোলা হয়েছে কন্ট্রোল রুম। কাকদ্বীপ মহকুমা শাসকের দপ্তরে শনিবার ও প্রাকৃতিক দুর্যোগ নিয়ে বিডিও ও বিভিন্ন দপ্তরের আধিকারিক ও পুলিশ সুপারকে নিয়ে জরুরি বৈঠক করেছেন জেলা শাসক সুমিত গুপ্তা। শনিবার বিকালে প্রতিটি ব্লকের সর্বশেষ পরিস্থিতির খোঁজ-খবর নেন তিনি কাকদ্বীপ থেকে। মৎসাজীবী সংগঠনগুলিকে সতর্ক করা হয়েছে। জেলা প্রশাসন সূত্রের খবর, জাতীয় বিপর্যয় মোকাবিলার তিনটি বাহিনী রয়েছে কাকদ্বীপ, সাগর এবং

বিজন মাইতি বলেন, এখন কোনও মৎসাজীবী সমুদ্রে নেই, তবুও আমরা সকলকে সতর্ক করে দিয়েছি। শনিবার এ ব্যাপারে দঃ২৪ পরগনার জেলাশাসক সুমিত গুপ্তা বলেন, এই দুর্যোগের জন্য জেলা সহ ব্লক গুলিতে কন্ট্রোলরুম খোলা হয়েছে। এছাড়া ঘোড়ামারা সহ অন্যান্য জায়গা থেকে বাসিন্দাদের শনিবার বিকেলের মধ্যে নিরাপদ জায়গায় সরিয়ে আনা হয়েছে। শনিবার বিকালের মধ্যে নিরাপদ জায়গায় উপকূল এলাকায় জলোচ্ছাস হওয়ার আশঙ্কা আছে।তবে আমরা সমস্ত দিকের ওপর নজর রেখে চলেছি প্রতি নিম্নতা রাজ্যের সুন্দরবন উন্নয়নমন্ত্রী বঙ্কিম হাজরা বলেন,প্রাকৃতিক দুর্যোগের জন্য প্রশাসন সব ধরনের প্রস্তুতি নিয়েছে। বিশেষ করে নদী বাঁধগুলির উপরে বিশেষ নজর দেওয়া হয়েছে, কিছু হলেই যাতে দ্রুত ব্যবস্থা নেওয়া যায়। এ ছাড়া, পর্যাপ্ত ত্রাণসামগ্রী প্রস্তুত করা আছে। রকার অপদকালীন সব ধরনের ব্যবস্থা প্রস্তুত রেখেছে। শনিবার সুন্দরবন পুলিশ জেলার সুপার কোম্পেন্সের রাও নালাভাট উপকূল, প্রশাসনের পক্ষ থেকে লোকাল এলাকার ফ্লাড শেল্টার গুলি খতিয়ে দেখা হয়েছে। বাসিন্দাদের সতর্ক করা হচ্ছে। পরিস্থিতি বুঝে দ্বীপ এলাকার বাসিন্দাদের নিরাপদ জায়গায় সরিয়ে আনা হচ্ছে।আমরা ইতিমধ্যেই মাইকিং ও সমস্ত কিছুর উপর নজর রাখছি।

প্রচণ্ড তাপপ্রবাহ, বরপেটা এবং বজালি জেলার স্কুলগুলিতে সময়সূচি বদল

গুয়াহাটি, ২৫ মে ঃ প্রচণ্ড তাপপ্রবাহের জেরে গোটা অসমের জনজীবন অতীষ্ঠ। বেশ কয়েকটি জেলা থেকে স্কুলের ছাত্রছাত্রী গরমে ঢলে পড়ছে। এমনতাবস্থায় রাজ্যের শিক্ষা দফতর বরপেটা এবং বজালি জেলাস্তর্গত স্কুলগুলিতে পাঠ্যদানের সময়সূচি পরিবর্তন করার নির্দেশ দিয়েছে। ওই নির্দেশের পরিপ্রেক্ষিতে আগামী ২৭ মে থেকে মধ্যাহ্নের পরিবর্তে সকালের দিকে পাঠদান করার সময়সূচি জারি করেছে সংশ্লিষ্ট জেলা শিক্ষা দফতর। ক্রমবর্ধমান তাপমাত্রা এবং কাঠফাঁটা রোদের পরিপ্রেক্ষিতে অসম সরকার আগামী ২৭ মে থেকে বরপেটা এবং বজালি জেলার স্কুলগুলিতে সকাল ৭ঃ০০টা থেকে ক্লাশ শুরু করার নির্দেশিকা জারি করেছে। সরকারি নির্দেশ অনুসারে নিম্ন প্রাথমিক (এলপি) স্কুলগুলি এখন সকাল ৭ঃ ০০টা থেকে সকাল ১১ঃ০০ পর্যন্ত, মধ্য ইংরেজি (এমই) স্কুলগুলি সকাল ৭ঃ০০টা থেকে সকাল ১১ঃ৩০ পর্যন্ত, হাইস্কুল এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলি সকাল ৭ঃ০০টা থেকে দুপুর ১২ঃ০০ পর্যন্ত খোলা থাকবে।

সংশোধিত সময়সূচি বরপেটা এবং বজালি জেলার অন্তর্গত সমস্ত সরকারি, প্রাদেশিক এবং বেসরকারি স্কুলগুলিতে প্রযোজ্য বলে জানানো হয়েছে।

ভোটের আগে উত্তেজনা ভাঙরে

কলকাতা,২৫ মে ঃ ভোটের আগে আবারও রাজনৈতিক হিংসা ছড়ানোর ঘটনায় উত্তেজনা ভাঙড়ে। এবার রাতের অন্ধকারে তৃণমূল কংগ্রেসের পাটি অফিসে আগুন লাগিয়ে দেওয়ার অভিযোগ আইএসএফের বিরুদ্ধে। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় উত্তেজনা। শনিবার দুপুরে ঘটনাস্থলে গিয়ে বিরোধীদের চোর বলে কটাক্ষ ক্যানিং পূর্বের বিধায়ক সওকাত মোল্লা। পুলিশ ও স্থানীয় সূত্রে খবর গভীররাতে ভাঙড়ে চালানোযেঁয়ো অঞ্চলের দক্ষিণ বামুনিয়েতে তৃণমূল কংগ্রেসের পাটি অফিস ও এক তৃণমূল সামর্থ্যকের মুদিখানার দোকানো আন্তন লাগার ঘটনা ঘটে।

তৃণমূল কংগ্রেসের দাবি আইএসএফের দুষ্কৃতিরা এই কাজ করেছে। যার কারণে পাটি অফিসে থাকা তৃণমূলের দলীয় পতাকা, ডেমো ব্যালট, স্লিপ এমনকি টেলিভিশন সহ অনানা সামগ্রিক পুরে ভস্মীভূত হয়ে যায়। তৃণমূল সমর্থকের মুদিখানার দোকানো আগুন লাগায় ব্যাপক ক্ষতি হয়েছে বলেও খবর। খবর পাওয়ার পর এদিন ঘটনাস্থলে যায় ক্যানিং পূর্বের বিধায়ক সওকাত মোল্লা। আইএসএফ এই ঘটনা ঘটয়েছে বলে অভিযোগ করে সওকাত মোল্লা। যদিও আইএসএফ সব অভিযোগ অস্বীকার করেছে। প্রকৃত আগুন লাগার তদন্তে উত্তর কশিপুর থানার পুলিশ।



আমি হঠাৎ করে বাড়ি ফিরে দেখি রাস্তার সামনে আমার দোকান ভাঙচুর করা হচ্ছে। দুষ্কৃতীরা এসে আমাকে মারার হুমকি দেয়। এমনকি খুনের হুমকিও দেয়। গোষ্ঠীদ্বন্দ্বের

জেরে ওদের নিজেদের মধ্যে গণ্ডগোল। সেই গণ্ডগোলে দোষ চাপানো হচ্ছে আমাদের উপর। পুলিশকে জানানো সত্ত্বেও কোনও ব্যবস্থা নেওয়া হচ্ছে না। বাবাকে

রেমালের মোকাবেলায় প্রস্তুত শ্যামপুর ব্লক ও জেলা প্রশাসন

দূরন্ত বার্তা, উলুবেড়িয়া, ২৫ মেঃ আবহাওয়া দপ্তরের পূর্বাভাস অনুযায়ী



ঘূর্ণিঝড় রেমাল,জলোচ্ছাসের মোকাবেলায় প্রস্তুত শ্যামপুর ব্লক ও জেলা প্রশাসন, আবহাওয়া দপ্তরের আগাম পূর্বাভাস অনুযায়ী ঘূর্ণিঝড় রিয়াল আঘাত হনাতে চলেছে দুই ২৪ পরগনা সহ বাংলাদেশের উপকূলীয় এলাকায়। তারই আগাম প্রস্তুতি হিসেবে জাতীয় বিপর্যয় মোকাবিলা দপ্তরের কর্মীদের সঙ্গে নিয়ে শ্যামপুর ব্লক প্রশাসনের পক্ষ থেকে এলাকায় মাইকিং প্রচার সচেতনতা মূলক প্রচার করে চলেছে, নদীর তীরবর্তী এলাকায় সাধারণ মানুষকে নদীতে নামতে,মাছ ধরতে বার্ন করা চলছে প্রশাসনের পক্ষ থেকে। হাওড়া জেলার শ্যামপুরের রূপনারায়ণ নদীর তীরবর্তী এলাকায় ও ত্রিমুখী নদীর সন্ধ্যামপুর ব্লক প্রশাসনের পক্ষ থেকে এলাকায় মাইকিং প্রচার সচেতনতা মূলক প্রচার করে চলেছে, নদীর তীরবর্তী এলাকায় সাধারণ মানুষকে নদীতে নামতে,মাছ ধরতে বার্ন করা চলছে প্রশাসনের পক্ষ থেকে। হাওড়া জেলার শ্যামপুরের রূপনারায়ণ নদীর তীরবর্তী এলাকায় ও ত্রিমুখী নদীর সন্ধ্যামপুর ব্লক প্রশাসনের পক্ষ থেকে এলাকায় মাইকিং প্রচার শিবির প্রস্তুত রাখা হয়েছে বলে ব্লক প্রশাসনের সূত্রে জানা গেছে।

নজরুল ইসলামের ১২৫ তম জন্মবার্ষিকীতে কবি–মেলা শুরু হল কবির জন্মভিটেরে

দূরন্ত বার্তা, পশ্চিম বর্ধমান, ২৫ মে : বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের ১২৫ তম জন্মবার্ষিকী উপলক্ষ্যে কবি-মেলা শুরু হল কবির জন্মভিটে পশ্চিম বর্ধমান জেলার জামুরিয়ার কবিতীর্থ চুরুলিয়া গ্রামে। এ বছর এখানকার এই মেলা ৪৪ তম বর্ষে পদার্পণ করল।

‘কাজী নজরুল বিশ্ববিদ্যালয়’ গঠন হওয়ার পর থেকেই ‘নজরুল মেলা’ মূলতঃ বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পরিচালনা করে এই মেলা। সেই মতো কবির জন্মদিনের সকালে প্রভাতফেরি অনুষ্ঠিত হল। এই প্রভাতফেরি থেকে শুরু করে উদ্বোধনী অনুষ্ঠানে অংশগ্রহণ করলে কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর বদোশীষ বন্দ্যোপাধ্যায়। ছিলেন



কাজী নজরুল বিশ্ববিদ্যালয়ের অন্য অধ্যাপক থেকে শুরু করে নজরুলপ্রেমী মানুষজনও। কাজী নজরুলের সমাধি ও তাঁর পত্নী প্রমীলাদেবীর সমাধিতে শ্রদ্ধা জ্ঞাপন করেন সকলে। শুধুমাত্র এই

বাংলাতেই নয়, বাংলাদেশ থেকেও বহু সংখ্যক নজরুলপ্রেমীরা এসেছেন এই মেলায়। মেলা চলবে আগামী ৬১ মে পর্যন্ত। এই কবিমেলা উপলক্ষ্যে নানা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। কলকাতার নামী ও বিখ্যাত শিল্পীরা এই অনুষ্ঠানে আসবেন সংগীত পরিবেশনের জন্য। পাশাপাশি কাজী নজরুল একাডেমির সংগ্রহশালাও উন্মুক্ত করে দেওয়া হয়েছে জনসাধারণের জন্য। কবি নজরুল দুই বাংলার এক অনন্য সংযোগ। বাঙালির সংস্কৃতিতে-সাহিত্যে-সংগীতে নজরুলের গভীর অবদান শ্রদ্ধার সঙ্গে স্মরণ করা হয়। এই বছরটি অস্বাভাবরুল শব্দবোধের পরে খুবই বিশিষ্ট। এবার কবির ১২৫ তম জন্মবার্ষিকী।

ভুয়ো ভোটর ধরতে গিয়েই বিপত্তি! অভিজিত গঙ্গোপাধ্যায়কে ঘিরে গো ব্যাক-চোর স্লোগান

দূরন্ত বার্তা, তমলুক, ২৫ মে : ভোটের মাটি যে কত কঠিন তা টের পেলেন প্রাক্তন বিচারপতি অভিজিত গঙ্গোপাধ্যায়। তমলুকে ভোটকেন্দ্র পরিদর্শনে গিয়ে প্রবল বিক্ষোভের মুখে পড়লেন বিজেপি প্রার্থী। তাঁকে ঘিরে ধরে দেওয়া হল গো ব্যাক স্লোগান। হলদিয়ার ভবানীপুরে যান অভিজিত গঙ্গোপাধ্যায়। তিনি যেতেই তাঁকে ঘিরে ধরে স্থানীয় মানুষজন। কেন এমন গন্তগোল? এদিন অভিজিত গঙ্গোপাধ্যায় একটি বুথে যান। সেখানে দিয়ে কয়েকজনের কাছে ভোটর আইডি কার্ড দেখতে চান তাঁর সঙ্গে থাকা লোকজন। ওই কার্ড না দেখিয়ে পালিয়ে যান কিছু লোকজন। বিজেপির পক্ষ থেকে বলা হয় ওঁসব লোকজন ছাড়া ভোটর। পরে স্থানীয় বাসিন্দারা বলেন, ছাড়া ভোটেরের কথা একেবারে ভুলো। এরপরেই তারা অভিজিত গঙ্গোপাধ্যায়কে ঘিরে গো ব্যাক ও চোর স্লোগান দেয়। তারা বলতে থাকেন ভবানীপুর ভবানীপুরেই থাকলে, নন্দীগ্রাম হবে না। পরিস্থিতি বুঝে অভিজিত গঙ্গোপাধ্যায়কে ঘিরে রাখে কেন্দ্রীয় বাহিনী। অন্যদিকে, তাঁর চারদিকে তুমুল গো ব্যাক স্লোগান চলতে থাকে। ওই গোলমাল নিয়ে অভিজিত গঙ্গোপাধ্যায় বলেন, কেউ যদি গো ব্যাক স্লোগান দিত। সবার বাক স্বাধীনতা রয়েছে। কতক্ষণে কিউ আর টি আসে তার জন্য অপেক্ষা করছি। যারা গোলমাল করছে তাদের সরাতে ২ মিনিট লাগবে। উল্লেখ্য, এর মধ্যেই কিউ আর টি টিম এসে জটলা সরিয়ে দেয়। কাঁথি লোকসভার পটাশপুর বিধানসভার পটাশপুর প্রাথমিক বিদ্যালয়ে ৬৭ ও ৬৮

ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে সুপার সাইক্লোন রেমাল মালদা জেলায় আছড়ে পড়বে বলে আশঙ্কা



দূরন্ত বার্তা, মালদা, ২৫ মে : ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে সুপার সাইক্লোন রেমাল মালদা জেলায় আছড়ে পড়বে বলে মনে করা হচ্ছে। ২৭ এপ্রিল সকালে এই ঝড় মালদা জেলা জুড়ে আছড়ে পড়ার সম্ভাবনা রয়েছে। যা ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে থাকবে এমনটাই জানাচ্ছেন মালদা জেলা আবহাওয়া দপ্তর। মালদা জেলা আবহাওয়া দপ্তরের

আধিকারিক তপন কুমার দাস জানান ইতিমধ্যে সুপার সাইক্লোন রেমাল বাংলাদেশে খেপি পুরা থেকে ৮০০ কিলোমিটার দূরে এবং পশ্চিমবঙ্গের ক্যানিং উপকূলবর্তী থেকে ৮১০ কিলোমিটার দূরে মধ্য বঙ্গোপসাগরে অবস্থান করছে। ২৬ এপ্রিল সন্ধ্যোবরা বাংলাদেশের খেপি পুরা পশ্চিমবঙ্গের ক্যানিং উপকূলবর্তী এলাকায় ঘন্টায় ১০০ থেকে ১২০ কিলোমিটার বেগে রেমাল সুপার সাইক্লোন আছড়ে পড়বে। ১১০ থেকে ১৩০ কিলোমিটার বেগে এই ঝড় বইবে তেমনটাই সম্ভাবনা রয়েছে। দক্ষিণাংশের সমস্ত জেলা এবং উত্তরবঙ্গের সমস্ত জেলাগুলিতে - এর প্রভাব পড়বে। জেলায় জেলায় ঝোড়া হাওয়ার সাথে সঞ্চারবিদ্যুৎ সহ বৃষ্টিপাত হওয়ার সম্ভাবনা রয়েছে। ২৪ ঘণ্টা এই

নিম্নচাপের প্রভাব থাকবে সমস্ত জেলায়। তবে মালদা জেলার ক্ষেত্রে ২৭ এপ্রিল সকালে ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে এই ঝড় আছড়ে পড়বে। সেই ক্ষেত্রে নির্দিষ্ট কোন কাজ না থাকলে বাড়ির বাইরে যাতে কেউ না বের হয় সে ক্ষেত্রে আবহাওয়া দপ্তরের বরখ থেকে জানানো হচ্ছে। অন্যদিকে প্রশাসনের পক্ষ থেকে ইতিমধ্যেই মতস্য বাবসারী থেকে শুরু করে বিদ্যুৎ দপ্তর, অগ্নি নির্বাপন দপ্তর, সর্বকয়ের সঙ্গে আলোচনা করেন অতিরিক্ত জেলাশাসক সাধারণ গীযূষ সালুয়া। তিনি জানান, ২৬ -২৭ তারিখ সমস্ত নৌকা হাটে নৌ চলাচল বন্ধ থাকবে। রেমালের প্রভাব মালদা জেলায় পড়লে হবিবপুর ও গাজেলাে ক্ষতি হওয়ার সম্ভাবনা রয়েছে।

ঘূর্ণিঝড় ‘রেমাল’-এর মোকাবিলার জন্য পূর্ব রেলের সতর্কতামূলক ব্যবস্থা

কলকাতা, ২৫ মে : ঘূর্ণিঝড় ‘রেমাল’-এর সম্ভাব্য লাভ্যঙ্গলের পরিণতি মোকাবিলায় প্রস্তুত পূর্ব রেল। ২৫ - ২৬ মে, ২০২৪ তারিখে পশ্চিমবঙ্গে আঘাত হানতে পারে এমন ঝড় রেমাল এর প্রস্তুতি হিসাবে পূর্ব রেলের সমস্ত বিভাগ প্রাথমিক নির্দেশিকাগুলি সতর্কতার সাথে অনুসরণ করছে এবং নিম্নলিখিত পদক্ষেপগুলি শুরু করেছে- (১) পূর্ব রেলের সমস্ত বিভাগ যেনন হাওড়া, শিয়ালদহ, মাদাদ এবং আসানসোল পশ্চিমবঙ্গে আঘাত হানা ঝড় /টর্নেডোর আগের ক্ষেত্রে যেনন সুরক্ষা প্রোটোকল অনুসরণ করা হয়েছিল, এমন-ই সুরক্ষা প্রোটোকল অনুসরণ করেছে। (২) ২৫।৫। ২০২৪ তারিখে ৮.০০ টা থেকে ২৭।৫।২০২৪ তারিখে এ সকাল ৮.০০ টা পর্যন্ত ইঞ্জিনিয়ারিং, ইলেকট্রিক্যাল, এসএন্ডটি বিভাগ, নিরাপত্তা ও অপারেটিং বিভাগের কর্মকর্তাদের দ্বারা জরুরী নিয়ন্ত্রণ ও বিভাগীয় নিয়ন্ত্রণ সার্বক্ষণিক পরিচালনা করা। কন্ট্রোল রুমের আধিকারিকরা সময়ে সময়ে কোনও অস্বাভাবিকতা এবং ঝড়ের আপডেট ডিআরএম, এডিআরএম এবং অন্যান্য সিনিয়র অফিসারদের কাছে পৌঁছে দেবেন। (৩) ইঞ্জিনিয়ারিং এবং বাণিজ্যিক বিভাগের কর্মকর্তাদের উপস্থিতিতে স্টেশনের ডিভরে এবং বাইরের সমস্ত বিজ্ঞাপন বোর্ড পরীক্ষা করা হবে এবং সেগুলিকে আরও বেশি মজবুত করা হবে (যেখানেই প্রয়োজন)। ৪) প্লাটফর্ম শেডগুলি পরীক্ষা করা হবে এবং উচ্চ

গতির ঝড় সহ্য করার জন্য সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। (৫) ২৫।৫।২০২৪ তারিখ থেকে ইঞ্জিনিয়ারিং বিভাগের যথা ট্রাক, ব্রিজ, এফওবি (ফুট ওভারব্রিজ) ইত্যাদি রক্ষার জন্য পের্টেট্রিং এবং স্টাফ মোতায়েন করা। (৬) ওয়গনে লোড করা ইঞ্জিনিয়ারিং উপকরণগুলি যেনন ট্রাক ও আনুসঙ্গিক উপকরণগুলি প্রয়োজন অনুযায়ী স্থানপন করা হবে এবং এই ওয়গান গুলি চলাচলের জন্য ডিজেল লোকোগুলিকে সর্বদা তৈরি থাকতে হবে। (৭) জরুরী পরিস্থিতির ওপর তত্তি করে ফিল্ড অফিসার এবং সুপারভাইজারদের কাছ থেকে তথ্য নিয়ে ডিআরএম কর্তৃক ট্রেন বন্ধের সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। (৮) ঝড়ের সতর্কবার্তা পাওয়ার সাথে সাথেই ওএইচই-এর বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন হয়ে যাবে। ট্রেনগুলি ইয়ার্ড। স্টেশনে থামিয়ে যথাযথভাবে সুরক্ষিত করা হবে। (৯) ইয়ার্ডে মালবাহী ও কোচিং রেকগুলো যথাযথভাবে সুরক্ষিত থাকবে। (১০) টাওয়ার কারগুলি যখন প্রয়োজন তখন চলাচলের জন্য কৌশলগত স্থানে প্রস্তুত রাখা হয়েছে। (১১) পূর্ব রেলওয়ের আধিকারিকরা ঘন্টায় ঘন্টায় ঘূর্ণিঝড় রিমালের আপডেট পেতে আবহাওয়া অফিসের সাথে নিবিড় যোগাযোগ রাখা করবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। (১২) পাবলিক অ্যাক্সেস সিস্টেমের মাধ্যমে ঝড় ও ট্রেনের চলাচলের অবস্থান সম্পর্কে স্টেশনে যোগা করা হবে।

যুবকের গলায় কোপ, তদন্তে পুলিশ

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৫ মে : ধারালো অস্ত্রের কোপ যুবকের গলায়। রক্তাক্ত অবস্থায় রায়গঞ্জ মেডিক্যালে ভর্তি যুবক। কটুজি করার প্রতিবাদে এই হামলা বলে আহত যুবক জানিয়েছে। যদিও সক্রিয় তৃণমূল কর্মী বলে এলাকায় পরিচিত সে। এক যুবককে ধারালো অস্ত্র দিয়ে গলায় কোপ মারার অভিযোগ উঠলে প্রতিবেশী এক যুবকের বিরুদ্ধে। শুক্রবার রাতে ঘটনাটি ঘটেছে রায়গঞ্জের লক্ষ্মীয়া এলাকায়। আহত যুবকের নাম রামানন্দ মাহাত (২৭)। এই ঘটনায় গুরুতর আহত অবস্থায় রামচন্দ্রকে রায়গঞ্জ মেডিক্যালে ভর্তি করা হয়। ঘটনায় অভিযুক্ত যুবক সন্দীপ মাহাতর নাম নিজ মূখে জানিয়েছেন রামচন্দ্র মাহাত। তিনি বলেন, সন্দীপ মাহাত তাঁর দাদার দলগলে উল্টোপাল্টা কথা বলছিল। তার প্রতিবাদ করতেই হঠাৎ তাঁর উপর চড়াও হয় এবং ধরালো অস্ত্র দিয়ে গলায় কোপ মারে সন্দীপ। আহতর দাদা গোপাল জানান, তিনি বাড়িতে ছিলেন না। ভাইয়ের এই ঘটনার খবর পেয়ে আসেন। তবে কী কারণে তাঁর ভাইয়ের গলায় ছুরি মারা হলো সে বিষয়ে ধন্দে তিনি। তবে সন্দীপের সাথে তার কোনো বিবাদ ছিলোনা বলে জানায় সে। তাঁর ভাই সক্রিয় তৃণমূল কর্মী। রাজনৈতিক কোনো উদ্দেশ্যে এই আক্রমণ করা হয়েছিলো কিনা সেই বিষয়েও কিছু বলতে পারেননি গণেশবালা। আহত যুবককে হাসপাতালে ভর্তি করেন স্থানীয় বাসিন্দা অরুন কুমার পাল। তিনি বলেন, অভিযুক্ত সন্দীপ মাহাত এলাকায় সমাজবিরোধী কার্যকলাপের সাথে জড়িত। হাসপাতালে আনেন রায়গঞ্জ থানা আইসি বিপ্লবায় সরকার। তদন্ত শুরু করেছে পুলিশ।

পূর্ব মেদিনীপুরে খোলা হয়েছে কন্ট্রোলরুম

দূরন্ত বার্তা, হলদিয়া, ২৫ মে : ঘূর্ণিঝড় রেমাল ক্রমশঃ ধৈয়ে আসছে। তার জেরে সতর্ক প্রশাসন। বিশেষত, উপকূল তাঁরবর্তী জেলাগুলিতে প্রশাসন অতিসক্রিয়। জানা গেছে, পূর্ব মেদিনীপুর জেলা প্রশাসনের তরফে হলদিয়া, কাঁথির এসডিও অফিসে খোলা হয়েছে কন্ট্রোলরুম। এছাড়াও দুর্যোগ মোকাবিলায় আগেভাগে সতর্কতা নিয়েছে কলকাতা বিমানবন্দর কর্তৃপক্ষ। রেমাল নিয়ে বৈঠক করেন রাজ্যের প্রশাসনিক উচ্চপদস্থ কর্মতারা। নবান্ন সূত্রে খবর, বিপর্যয় মোকাবিলা দল, বিদ্যুৎ দফতর, পূর্ত দফতরকে প্রস্তুত থাকতে বলা হয়েছে। বিভিন্ন সরকারি হাসপাতালগুলিকেও প্রস্তুত থাকার নির্দেশ দেওয়া হয়েছে।

যুবকের অস্বাভাবিক মৃত্যু

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৫ মে : শনিবার এক যুবকের মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়ালো ময়নাগুড়ি ব্লকের ব্যাংকান্দি এলাকায়। জানা গেছে, মৃত ওই যুবকের নাম বিজয় সরকার (১৮)। ঘটনার খবর পেয়ে শুক্রবার পুলিশ মৃতদেহটি উদ্ধার করে। শনিবার মৃতদেহটি ময়নাতদন্তের জন্য জলপাইগুড়ি মর্গে পাঠিয়েছে পুলিশ। স্থানীয় সূত্রে জানা গেছে, ব্যাংকান্দি এলাকায় মৃত যুবক একাই থাকতেন। তার বাবা কাজের সুবাদে শিলিগুড়িতে থাকেন। মৃত যুবক পেয়ায় একজন চা শ্রমিক ছিলেন। জানা যায়, গত বৃহস্পতিবার ওই যুবককে প্রতিবেশীরা দেখতে পেয়েছেন। তারপর আর তাকে দেখা যায়নি বলে জানা গেছে। পরবর্তীতে শুক্রবার প্রতিবেশীরা দেখতে পান যুবক মধ্যেই তুলন্ত অবস্থায় রয়েছে। পরবর্তীতে পুলিশকে খবর দিয়ে পুলিশ গিয়ে দেহ উদ্ধার করে ময়নাগুড়ি গ্রামি়া হাসপাতালে নিয়ে এলে কর্তব্যরত চিকিৎসক মৃত বলে ঘোষণা করেন। কনেশ পুলিশ মৃতদেহটি উদ্ধার করেন এবং ময়নাতদন্তের জন্য জলপাইগুড়ি মর্গে পাঠানোর ব্যবস্থা করেন। এই বিষয়ে মৃত যুবকের আত্মীয় ধনঞ্জয় সরকার বলেন, বৃহস্পতিবার ওকে শেষ দেখতে পাওয়া গেছে। তবে এই ঘটনা ঘটিয়েছে তা জানা যায়নি। পুলিশকে খবর দিলে পুলিশ এসে দেহ উদ্ধার করেন। কি কারণে এই ধরনের ঘটনা তা আমাদের জানা নেই।

মেশিনে হাত ঢুকে মৃত শ্রমিক

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৫ মে : কাঁসিদেরওয়ার যোষপুকুরে একটি বেসরকারি পেপার মিলে কাজ করত গিয়ে মেশিনের ভেতরে হাত ঢুকে গুরুতর জখম হলেন এক শ্রমিক। উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে চিকিৎসা চলাকালীন মৃত্যু হল সেই শ্রমিকের। মৃত শ্রমিকের নাম পরিতোষ সিংহ। জানা গেছে, শুক্রবার রাতে কাজ চলাকালীন অসতর্কতা বসত মেশিনের ভেতরে হাত ঢুকে যায় পরিতোষ সিংহের। ক্ষ্রুত তাকে উদ্ধার করে উত্তরবঙ্গ মেডিকেল কলেজ হাসপাতালে পাঠালে সেখানেই তার মৃত্যু হয়। এদিন মৃতদেহটিকে ময়নাতদন্তের জন্য পাঠানো হবে। ওই মিলের মালিকের যুগল কিশোর বলেন, কাজ করার সময়ই দুর্ঘটনাটি ঘটেছে। যুবককে জখম অবস্থায় চিকিৎসার জন্য পাঠানো হয়েছিল। পরে সেখানেই তার মৃত্যু হয়। ঘটনার তদন্তে নেমেছে যোষপুকুর ফাঁড়ির পুলিশ।

যুবকের ক্ষতবিক্ষত দেহ উদ্ধারে চাঞ্চল্য

দূরন্ত বার্তা, ঝাড়গ্রাম, ২৫ মে : ঝাড়গ্রামে ভোটের দিন সকালে এক যুবকের ক্ষতবিক্ষত দেহ উদ্ধারে চাঞ্চল্য ছড়িয়েছে এলাকায়। মৃতের নাম উত্তম মাহাতা। মরুরে আসরে বচসার জেরে খুন বলে পুলিশের প্রাথমিক অনুমান। এই ঘটনার সঙ্গে রাজনৈতিক সংঘাতের কোনও সম্পর্ক নেই বলে দাবি পুলিশের। কারণ মৃতদের পরশে মদের বোতল ও জল পড়েছিল। জানা গেছে দেশায় গাড়িচুরক ছিলেন উত্তম। বেলাটিকরির বাসিন্দা। শনিবার সকালে বাড়ি থেকে কিছুটা দূরে ওই যুবকের দেহ পড়তে থাকতে দেখে একাধিক পক্ষতচিহ্ন রয়েছেন। প্রাথমিকভাবে ক্ষতবিধার অনুমান, খুন করা হয়েছে তাঁকে। মৃতদেহ ময়নাতদন্তে পাঠানো হয়েছে। মৃতের পরিবারের দাবি, কর্মসূত্রের অন্যত্র থাকতেন উত্তম। দিনকয়েক আগেই বাড়ি ফেরেন। তদন্তে লাগড় থানার পুলিশ ।

রক্ষুনাথপুর পাঁচটি বুথে একটি দলের টাগ লাগানো ইভিএম, রিপোর্ট চাইল কমিশন

দূরন্ত বার্তা, পুরুলিয়া, ২৫ মে : বিক্ষিপ্ত হিংসার মধ্যে শনিবার শুরু হয়েছে ষষ্ঠ দফার নির্বাচন। এদিন রাজ্যের আটটি লোকসভার প্রার্থীদের ভাগ্য নির্ধারণ। আর ভোট শুরুর আগেই বাঁকুড়া লোকসভার রক্ষুনাথপুর বিধানসভার পাঁচটি বুথে পাওয়া গেল বিজেপির টাগ লাগানো ইভিএম। বিষয়টি নিয়ে তীব্র চাপানউতোর শুরু হয়েছে রাজনৈতিক দলগুলোর মধ্যে। বিষয়টি নজরে আসতেই পূর্ণাঙ্গ রিপোর্ট তলব করেছে নির্বাচন কমিশন। রঘুনাথপুর বিধানসভা পুরুলিয়া জেলার মধ্যে পড়লেও বাঁকুড়া লোকসভার অন্তর্গত। এই বিধানসভার নিতুরিয়া থানার ভামুরিয়া গ্রাম পঞ্চায়েতের ৫৬, ৫৮, ৬০, ৬১, ৬২ নম্বর পাঁচটি বুথে বিজেপির টাগ লাগানো ইভিএম পাওয়া গিয়েছে। তৃণমূলের অভিযোগ ‘মহড়া ভোট’-এর সময় বিজেপির এজেন্টরা এই কাণ্ড ঘটিয়েছে। যদিও বিষয়টিকে পাত্তা দিতে নারাজ বিজেপি। বাঁকুড়া লোকসভার তৃণমূল প্রার্থী অরূপ চক্রবর্তী বলেন, বিষয়টি আমার নজরে এসেছে। এই নিয়ে কমিশনের দৃষ্টি আকর্ষণ করছি। স্থানীয় বিজেপি নেতা বিবেক রাস্তা বলেন, ঠিক কী হয়েছে তা আমার জানা নেই। তবে তৃণমূল বাঁকুড়া ও পুরুলিয়া দু’টি আসনই হারবে। তাই সারাদিন ধরে তারা এই রকম অভিযোগ তুলবে। ঘটনার পর তৃণমূলের পক্ষ থেকে এক্স হাভেন্ডেলে টুইট করে লেখা হয়, মমতা বন্দ্যোপাধ্যায় বারবার তুলে ধরছেন বিজেপি কীভাবে ইভিএম ব্যবহার করে ভোট লুট করে। আজ ভোটের দিন বাঁকুড়া লোকসভার রক্ষুনাথপুরে ৫টি ইভিএম মেশিন বিজেপির টাগ পাওয়া গেছে। নির্বাচন কমিশনের অবিলম্বে বিষয়টি খতিয়ে দেখা উচিত।

কেন্দ্রীয় বাহিনীর অস্ত্র কেড়ে নেওয়ার চেষ্টার অভিযোগে উত্তেজনা

দূরন্ত বার্তা, পূর্ব মেদিনীপুর, ২৫ মে : পূর্ব মেদিনীপুরের পটাশপুরে কেন্দ্রীয় বাহিনীর অস্ত্র কেড়ে নেওয়ার চেষ্টার অভিযোগ উঠেছে গ্রামবাসীদের একাংশের বিরুদ্ধে। এই নিয়ে এলাকায় উত্তেজনা রয়েছে। নন্দীগ্রামে বিজেপির ভোটরদের বুথে যাওয়ার আগে রাস্তায় মারধরের অভিযোগ ওঠে তৃণমূল আশ্রিত দুষ্টুতীদের বিরুদ্ধে। সাত জন আহত হয়েছেন। তাদের মধ্যে দু’জনের অবস্থা আশঙ্কাজনক। নন্দীগ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে তারা চিকিৎসাধীন। অন্যদিকে, নন্দীগ্রামের নন্দনায়েকবা। বুথে শনিবার সকালে ভোট দেন রাজ্যের বিরোধী দলনেতা তথা এলাকার বিধায়ক শুভেন্দু অধিকারী। ভোট দিয়ে বেরিয়ে তিনি দাবি করেন, “নন্দীগ্রামে তৃণমূলকে সাফ করে দিয়েছি। ২০০ বুথে এজেন্ট দিতে পারেনি তৃণমূল।”

দাঁতনে বিজেপি বুথ কর্মী মারধর ও বাড়ি ভাঙুচরের মারধরের অভিযোগ

দূরন্ত বার্তা, মেদিনীপুর, ২৫ মে : মেদিনীপুর লোকসভার দাঁতন বিধানসভা কেন্দ্রের অন্তর্গত সাবরা গ্রামে বিজেপি বুথ কর্মী মারধর ও বাড়ি ভাঙুচরের মারধরের অভিযোগ ট্রামুকের বিরুদ্ধে। অভিযোগ শাশুতিপুর্ভাবে ভোট চলাকালীন তৃণমূলের এক বিরাট বাহিনী এসে ভুতে ঢুকে বিজেপির কর্মীকে জোর করে পরবর্তী সময়ে সাবরা গ্রাম জুড়ে বিজেপি কর্মীদের বাড়ি ভাঙুর করে। পুলিশকে খবর দেওয়া হলে তারা এসে দুষ্টুতদের সরিয়ে দিয়ে আক্রান্ত বিজেপি কর্মীদের ফেল মারধর করে। সেই ঘটনার খবর পেয়ে ছুটে আসেন বিজেপি প্রার্থী অগ্নিপ্রীতা পাল তাঁকে ঘিরে জয় শ্রীরাম ধ্বনি দেওয়ার সঙ্গে সঙ্গেই তৃণমূলের কর্মকাণ্ড নিয়ে ক্ষোভে ফেটে পড়েন। বিজেপি কর্মীরা পাল্টা ছুঁশিয়ার দেন পুলিশ সরে যাক তারপর আমরা বুথে নেব।

ভাগীরথী নদীতে ডিঙ্গি নৌকা উল্টে নিখোঁজ যুবক, চাঞ্চল্য এলাকায়

দূরন্ত বার্তা, নবদ্বীপ, ২৫ মে : বাহিরচড়ায় ভাগীরথী নদীতে ডিঙ্গি নৌকা উল্টে নিখোঁজ এক যুবক। সন্ধান পেতে নামানো হল বিপর্যয় মোকাবিলা দপ্তরের ডুবুরি কে। ঘটনাটি ঘটেছে শনিবার সকালে। নিখোঁজ ওই যুবকের নাম মহাব্বাত মন্ডল। বয়স প্রায় ২১ বছর। যুবকের বাড়ি নবদ্বীপ রূপের ফার্মহাটবালা ঘোলাগ্রাম গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত বাহিরচড়া গদাধর পাড়ায়। স্থানীয় সূত্রে জানতে পারা যায়, শনিবার সকালে স্থানীয় বাহিরচড়া উত্তরপাড়া ঘাট থেকে ছোট একটি ডিঙি নৌকায় নিখোঁজ যুবক সহ ৬-৪ জন মিলে নদীর ওপারে যাচ্ছিল ঘাস কাটতে। সেই সময় ভাগীরথীর মাঝামাঝি ডিঙি নৌকাটি এলে হঠাৎ উল্টে যায়, ৩ জন কোনবক্রমে সাঁাবর কেটে পাড় উঠতে পারলেও মহাব্বাত মন্ডল নামক ওই যুবক হারডুবু খেতে খেতে ভাগীরথীর গর্ভে তলিয়ে যায়। বিষয়টি জেনে পুলিশ হতেই নদীর ওপারে যাচ্ছিল ঘাস কাটতে। জমে যায়। বিষয়টি অবগত করতে স্থানীয়দের তরফে খবর পাঠান হয় নবদ্বীপ থানায় ও জেলা বিপর্যয় মোকাবিলা দপ্তরে। খবর পেয়ে প্রায় দেড় ঘণ্টা দেরিতে জেলা থেকে এসে পৌঁছায় বিপর্যয় মোকাবিলা দপ্তরের কর্মীরা। সকাল প্রায় দশটা নাগাদ দৈর্ঘতে তলিয়ে যাওয়া যুবকের খোঁজে নামানো হয় বিপর্যয় মোকাবিলা দপ্তরের ডুবুড়িকে। পাশাপাশি নৌকা নিয়ে চলে ওই যুবকের খোঁজ। যদিও বা দিনভর খোঁজাখুঁজি চালানো হলেও কোনও রকম সন্ধান মেলেনি ওই যুবকের।

অনশনে অসুস্থ মমতাবালার মেয়ে, হাসপাতালে ভর্তি করানো হল

দূরন্ত বার্তা, বারাসত, ২৫ মে : ভোটের আগে ঠাকুরনগর ঠাকুরবাড়িতে একটি ঘরকে কেন্দ্র করে অশান্তির অভিযোগ উঠেছিল। মমতাবালা ঠাকুর ও শান্তনু ঠাকুরের মধ্যে এই অশান্তি গভ্রায় আদালত পর্যন্ত। এরইমধ্যে ‘প্রাপ্য অধিকার’-এর দাবিতে অনশনে বসেন তৃণমূল সাংসদ মমতাবালা ঠাকুরের মেয়ে মধুপর্ণা ঠাকুর। মমতাবালার দাবি, ১২ দিন ধরে অনশনে বসেছিল তার মাকে। এরপরই অসুস্থ হয়ে পড়েন। বাড়িবাড়ি হওয়ায় হাসপাতালে ভর্তি করাতে হয়। মমতাবালার দাবি, নৈরিক সম্পত্তিতে পৈতৃক অধিকার পেতে উত্তর ২৪ পরগণার গাইঘাটার ঠাঁ কু র ন গর ঠাঁ কু রবাড়িতে আমরণ অনশনে বসেন মেয়ে মধুপর্ণা। শনিবার ছিল তাঁর অনশনের দ্বাদশতম দিন। মমতাবালা বলেন, ও আমরণ অনশনে বসেছে নিজের অধিকারের জন্য। ঘর থেকে একে বের করে দিয়েছে। ১০-১২ দিন হয়ে গেলে খাওয়া দাওয়া নেই, ঋষ, বমি। তাই ঠাকুরগণর হাসপাতালে নিয়ে এলাম। স্যালাইন চলছে। ওষুদ্ব ইনজেকশনে বাঁচিয়ে রাখতে হবে। চিকিৎসকরা বলছেন, চিকিৎসা শুরু হয়েছে। দেখা যাক কী হয়। গত ৭ এপ্রিল মৃত্যু্যা ধর্মের বিরুদ্ধে চলাকালীন বড়মা প্রয়াত বীণাপানি ঠাকুরের ঘরের দখল ঘিরে মতকে শুরু হয়েছিল। অভিযোগ ওঠে, বড়মার ঘরে তালা দিয়ে দিয়েছেন শান্তনু ঠাকুরের অনুগামীরা। তারপর থেকে সেই ঘর তালা বন্ধ। এদিকে সেই ঘরেই থাকতেন মমতাবালা। ফলে তিনিও সেই ঘরে ঢুকতে পারছেন না। মমতাবালা ঠাকুর জানান, আমরা হাইকোর্টে গিয়েছিলাম। হাইকোর্ট থেকে নিম্ন আদালতকে নির্দেশ দেয়। আমাদের ২৯ তারিখ ডেট দিয়েছে। এর আগে ডেট দিলেও শান্তনু ঠাকুররা যাননি। আর ইনজানশন জারি আছে আপাতত। তবে চাবি ওদের কাছে। ওখানেই আমার সব কিছু। পুলিশ থাকলেও ভোটের জন্য উত্তীর্ণে নিয়েছে। তবে কোর্টের অর্ডার না হওয়া পর্যন্ত ওরাও কেউ ঢুকতে পারেন না।

বিজেপি হেরে গেছে বুঝতে পেরে ভুলভাল অভিযোগ করছে : সুজাতা

দূরন্ত বার্তা, বিষ্ণুপুর, ২৫ মে : বিজেপি হেরে গেছে বুঝতে পেরে তু লভাও অভিযোগ করছে। দাবি বিষ্ণুপুর লোক সভা কেন্দ্রের তৃণমূল কর্ত্রপ্সের প্রার্থী সুজাতা মন্ডলের। এদিন দুপূরের পর গলসীতে আসেন তিনি। এখানে তিনি আরো বলেন, বিজেপি তৃণমূল সিপিএমের মানুষের সাথে যোগ নেই সারাবছর। হুমকির অভিযোগ নিয়ে একথাও বলেন তিনি। বিজেপি প্রার্থী বুঝে গেছেন তিনি হারছেন। তাই নিজেরদে দলের কর্মীদের মার খাওয়াচ্ছেন নিজেরদে দুষ্টুতীদের দিয়ে। শাকরীতে সন্দেহশালি বানিয়ে দেবার বাইক বাহিনীর হুমকি নিয়ে তিনি বলেন, বাইক নিলেই সে দুষ্টুতী হয় নাকি! সন্দেহশালি বিজেপির সাজানো তা প্রমাণ হয়ে গেছে।



গৃহবধুর শ্রীলতাহনি, আটক জওয়ান

দূরন্ত বার্তা, ঘাটাল, ২৫ মে : ১২৯ নং চকসাহাপুর বুথ, লোধা সম্পদারের গৃহবধুকে শ্রীলতাহানির অভিযোগ। ঘটনায় চাঞ্চল্য ছড়ালো এলাকায়। সূত্রের খবর ইতিমধ্যে ওই জওয়ানকে আটক করে অস্ত্র কেড়ে নিলে হাইকমান্ড। ওই গৃহবধুর অভিযোগ জল খাওয়ার নাম করে ওই গৃহবধুর বাড়িতে যায় ওই জওয়ান। তারপর জল খাওয়ার পর ওই গৃহবধুর বুকের মধ্যে জলের বোতল ভরে দেয়। তারপরেই এলাকাবাসীরা ক্ষিপ্ত হয়ে যায়। পুলিশকে খবর দেয়। ঘটনাস্থলে ডেবরা থানার পুলিশ এসে জওয়ানকে আটক করে ওঁসদের হাই কমান্ডের হাতে তুলে দেয়। তারপর ওই জওয়ানের কাছ থেকে সারসের অস্ত্র কেড়ে নেওয়া হয় বলে সূত্রের খবর। এই ঘটনায় প্রতিক্রিয়া দিয়েছে দেব।

বাড়ছে চুরির ঘটনা শিলিগুড়িতে নাজেহাল অবস্থা শহরের বাসিন্দাদের

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৫ মে : দিনের পর দিন বাড়ছে চুরির ঘটনা শিলিগুড়িতে নাজেহাল অবস্থা শহরের বাসিন্দাদের। শিলিগুড়ি সেবক রোডে একটি খাওয়ার হোটেল- এর টিন ক্রেটে দোকানের সমস্ত জিনিস চুরি করে পালিয়ে যায় চোর। তার সাড়ে ৯টা নাগাদ দোকান বন্ধ করে সেই ব্যক্তি বাড়ি চলে যায় শনিবার সকালে যখন হাটেল খুলে দেখে যে সমস্ত জিনিস চুরি হয়ে গেছে এবং খবর দেয় ভক্তিনগর থানার পুলিশকে ঘটনার তলে পুলিশ ও পৌঁছায় এবং তদন্ত শুরু করেন কিন্তু দিনের পর দিন বাড়ছে চুরির ঘটনা শিলিগুড়িতে একটি খাবার হাটেলের দোকানে চুরির ঘটনা ঘটলো। দোকানে থাকা সমস্ত জিনিসপত্র নিয়ে চম্পট দিল চোর । শিলিগুড়ি সেবক রোডের এলাকায় একটি হাটেল থেকে সমস্ত জিনিস চুরি হয় শিলিগুড়ি বিশাল সিনেমা হলের ঠিক পাশেই হোটেলটি। শুধু দোকানে থাকা সমস্ত জিনিসপত্র নয় এবং খাবার জিনিসপত্র খেতেও এবং চোর পালালো এবং ঘটনায় ব্যাপক

পটাশপুরের ভোটরদের ভোট দিতে যেতে বাধা

দূরন্ত বার্তা, মেদিনীপুর, ২৫ মে : পটাশপুরের ভোটরদের ভোট দিতে যেতে বাধা। বিজেপি কর্মীদের হুমকির ও মারধরের অভিযোগ তৃণমূলের বিরুদ্ধে। মারধর করা হয় দুই ভোটরকে। পটাশপুর এক নম্বর রুকের নেপুর গ্রাম পঞ্চায়েতের চাঁদপুর ১৫ নং বুথে বিজেপি কর্মীদের ভোট দিতে যেতে বাধা দেওয়া হচ্ছে বলে অভিযোগ। অভিযোগ তৃণমূল আশ্রিত দুষ্টুতেরা বাড়ি বাড়ি এসে মারধরের পাশাপাশি হুমকি দিয়ে যাচ্ছে। ভয়ে বাড়ি থেকে বেরোতে পারছেন না বিজেপি কর্মীরা। অভিযোগ তাদের ভোটে দিতে বাধা দেওয়া হচ্ছে। এমনকি এক প্রতিবন্ধী বিজেপি সমর্থকেও হুমকি দেওয়া হয় বলে অভিযোগ।

প্রত্নাবিহিত রেলওয়ে হাইস্কুল বিল্ডিং নির্মাণ
 <i>ই-টোভার বিল্ডিং নং ১,এলএমজি/ইএনজি/৮৩</i> অর্থ ২০২৪, তারিখ ২২-০৫-২০২৪। নির্মলিখিত কাজের জন্য নিম্নমহাক্ষরকারি দ্বারা ই-টোভার ভাঙন করা হচ্ছে ২ অফ. নং. ১। ইউ টেমের সংক্ষিপ্ত বিবরণ: শ্রী. ডি.ই.এন.।IV/লামডিং অধিকেশ্বরের অধীনে ভিআপরে গ্রন্থাক্রম প্লেসকে হয়। কূল বিল্ডিং নির্মাণ। টোভার মূল্যঃ ৮৮,৮৮,৫১৯.১৮ টাকা। বারান্দা ধর্ম ১,২৩,৮০০.০০ টাকা। ই-টোভার ১৭-০৬-২০২৪ তারিখের ১৫.০০ ঘটায় বন্ধ হবে ৩ ঘূলাবে ১৮-০৬-২০২৪ তারিখের ১৫.০০ ঘটায়। উপরের ই-টোভারের টোভার নথি সহ সম্পূর্ণ তথ্য ১৭-০৬-২০২৪ তারিখের ১৫.০০ ঘটাঁ পর্যন্ত http://www.ireps.gov.in ওয়েবসাইটে উল্লভ থাকবে। বিহারের (গোর্কা, লামডিং উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে প্রসাদিভেত গ্রাহকদের সেবার
লামডিং মণ্ডলে আরও/বি/আরডিওর বাবস্থা
টোভার নোটস নং. ৬এএমজি/ইএনজি/৭৮ অর্থ ২০২৪। নিম্নে উল্লেখিত কাজের জন্য নিম্নমহাক্ষরকারি দ্বারা ই-টোভার ভাঙন করা হয়েছে। ক্রমিক নং. ১। কাজের নামঃ <i>ইউএন/ডি/লামডিং মণ্ডল অধিকেশ্বরের অধীনে আরও/আরইউবির বাবস্থার</i> দ্বারা ৩১ টি লেভেল ক্রসিংয়ের অপসারণের জন্য সম্ভাব্যতার অধ্যয়ন এবং বিদ্যাহিত বন্ধক প্রতিবেদন। টোভার রাশি ১,৩০,৪০,৪৮১.১৪ টাকা। বারান্দা ২,১৫,০০০.০০ টাকা। টোভার বন্ধ হওয়ার তারিখ এবং সময় ২১-০৬-২০২৪ তারিখের ১৫.০০ ঘটায়। টোভার খোলার তারিখ এবং সময়ঃ ১৮-০৬-২০২৪ তারিখের ১৫.০০ ঘটায়। উপলব্ধ ই-টোভারের টোভার প্রদলের সম্পূর্ণ তথ্য আলমী ১৭-০৬-২০২৪ তারিখের ১৫.০০ ঘটাঁ পর্যন্ত ওয়েবসাইট http://www.ireps.gov.in এ উল্লভ থাকবে। <

গৃহকোণ

শোবার ঘর আপনি কেমন সাজাবেন, রইল টিপস

গবেষণা বলছে, মানুষ
জীবনের তিন ভাগের এক
ভাগই কাটায় শোবার ঘরে।
তাই শোবার ঘরের সজ্জায়
বিশেষ নজর দেওয়া মোটেও
বিলাসিতা নয়। আর ইতিমধ্যে
যদি নিজের শোবার ঘরটি
সাজিয়ে থাকেন, তাহলে এই
লেখায় পেয়ে যাবেন ঘরটির
সজ্জায় হোটবড ভুলসংক্রান্ত
বেশ কিছু তথ্য, শুধুরে নিতে
পারবেন সহজেই।

বিশাল খাট ও আসবাব
বিশাল বড খাটে গড়াগড়ি দিয়ে ঘুমানোর কথা চিন্তা করতে ভালোই লাগে। এই ভেবে অনেকে খাট কেনেন ঘরের আয়তনের অনুপাতে বড়। এই খাট শোবার ঘরে চলাফেরার জায়গা রাখে না, অস্বস্তিতে পড়তে হয়। এ বিষয়ে যুক্তরাষ্ট্রের অন্দরসজ্জাবিশয়ক প্রতিষ্ঠান ক্যারোলিনলিওনার প্রতিষ্ঠাতা লিজ গোল্ডবার্গ পরামর্শ দিয়ে বলেন, খুব ভারী এবং বড় আসবাব শোবার ঘরের জন্য নয়। কিন্তু বেশির ভাগ ক্ষেত্রে লোকে উল্টেটাই করেন। নিজের জন্য আদর্শ শোবার ঘর সাজাতে চেয়েও এই ভুলের কারণে ঘর অন্ধকার, সংকুচিত ও হেট দেখায়। যুক্তরাষ্ট্রভিত্তিক অন্দরসজ্জাবিশয়ক আরেক প্রতিষ্ঠান ব্রিয়ানা স্ট্রট ইন্টেরিয়র্সের প্রতিষ্ঠাতা ব্রিয়ানা উন্টেনার বলেন, ‘আপনার শোবার ঘরের মধ্যমি হচ্ছে বিছানা। বাকি সবই আনুষঙ্গিক। তাই বিছানার অবস্থান হতে হবে ঘরের মূল দেয়ালের সঙ্গে এবং সুন্দর বেডিং দিয়ে স্তরে স্তরে সেটা সাজাতে হবে।’

সবার পরে শোবার ঘর

ঘুমের আগে, ঘুমন্ত অবস্থায় ও ঘুম ভাঙার পরএসব বাদেও বিশ্রাম কিংবা ব্যক্তিগত ক্ষণ, সব মিলিয়ে শোবার ঘর ব্যক্তিজীবনের বেশ গুরুত্বপূর্ণ একটি অংশ। কিন্তু ঘর সাজানোর সময় দেখা যায়, সবচেয়ে সুন্দর করে সাজানো হয় বসার ঘরটি। এরপর খাবারের ঘর এবং সর্বশেষ ঘরটি শোবার ঘর। এটি ব্যক্তিজীবনে নেতিবাচক প্রভাব ফেলে। যুক্তরাষ্ট্রভিত্তিক আরেক প্রতিষ্ঠান জিনা সিমস ডিজাইনের প্রতিষ্ঠাতা জিনা সিমস বলেন, ‘শোবার ঘর আপনার দিনের শুরু এবং শেষকে প্রভাবিত করতে পারে, তাই এটির সজ্জায় কোনো ছাড় দেওয়া চলবে না। শুরু থেকেই টেন্টা করুন ঘরটি আপনার মনের মতো সাজিয়ে নিনে। আর যেহেতু এটি একান্তই আপনার ব্যক্তিগত জায়গা, সেহেতু খোয়াল রাখুন, যেন এর সাজসজ্জায় আপনার ব্যক্তিত্বের প্রতিফলন ঘটে।’ এ বিষয়ে উন্টেনার বলেন, ‘ঘর সাজানোর সময় মজার কিছু করতে একটা অদ্ভুত চেষ্টা, কিংবা একটু ভিন্ন রকম কোনো আসবাব রাখতে পারেন। মূল লক্ষ্য হচ্ছে, এমন একটি জায়গা তৈরি করা, যেখানে সময় কাটাতে আপনার ভালো লাগবে।’

মাল্টি ফাংশনাল স্টোরেজের অভাব
একটি আসবাব দিয়ে অনেক কাজ হয়ে গেলে অতিরিক্ত আসবাবের জন্য শোবার ঘরে জায়গার অপচয় হবে না। ধরুন, সাইড টেবিল বা নাইটস্ট্যান্ড কেনার সময় এক বা একাধিক ড্রয়ারওয়ালা কিনলে সেটি টেবিলের কাজ করবে আবার হোটখাটো প্রয়োজনীয় জিনিসপত্র সেখানে গুছিয়ে রাখতে পারবেন। জিনা সিমস পরামর্শ দেন, খাট খুব বড় হলে সাইড টেবিল চাওড়ায় ৬০ ইঞ্চির বেশি হওয়ার প্রয়োজন নেই।

নানা আবহের আলো না থাকা
মাথার ওপর আলো থাকলেই হলো, এমনটা ভাবা ভুল। শোবার ঘরে একটি আলো ব্যবহার না করে ভিন্ন রকম আবহের



কয়েকটি আলোর উৎসের ব্যবস্থা করা যেতে পারে। ডিমার, টেবিল ল্যাম্প, রিমোটচালিত লাইট ইত্যাদি নানা আলোর উৎসের ভক্ত লরা ইউ ডিজাইন কালেক্টিভের প্রতিষ্ঠাতা লরা উম্যানস্কি বলেন, মাথার ওপর আলো থাকবে, এটা ঠিক আছে কিন্তু নিয়মিত একই উৎসের আলো সুবিধাজনক নয়। এ বিষয়ে উন্টেনার বলেন, ‘আপনার শোবার ঘরের ছাদে ব্যালর থাকলেও নিচের দিকে আলোর ব্যবস্থা থাকা দরকার। সেখানে একটি সাধারণ টেবিল ল্যাম্পের আলোই হয়তো ঘরকে আরও আরামদায়ক করে তুলতে পারে।’

শোবার ঘরে টেলিভিশন
পুরো পৃথিবীর সব মানুষকে নিয়ে এক ঘরে ঘুমতে না চাইলে টেলিভিশনটা বসার ঘরে রাখাই শ্রেয়, এই পরামর্শ জর্জিয়া জিকাস ডিজাইনের প্রতিষ্ঠাতা জর্জিয়া জিকাসের।

তিনি বলেন, ব্যক্তিগত স্থানে টেলিভিশন না রাখাই ভালো। শোবার ঘরে ব্যবহৃত কাপড়গুলোর দিকে লক্ষ না করা ভালো ঘুম নিশ্চিত করতে ব্ল্যাকআউট ড্রেপারি (বাইরের আলো সম্পূর্ণ আটকে ফেলে এমন ভারী কাপড়ের পর্দা) ব্যবহার করার পরামর্শ দেন জিকাস। তিনি বলেন, জানালাগুলোতে খুব ভালো মােরে পর্দার জন্য খরচ বেশি হলেও ক্ষতি নেই। বিছানা সাজানোর ক্ষেত্রে হয়ে উঠতে পারেন খানিকটা সৃজনশীল।

উন্টেনার বলেন, ‘সুন্দর করে বিছানা সাজানো হচ্ছে সবচেয়ে সহজ কাজ। কিন্তু বেশির ভাগ লোকেই এই সহজ কাজ করেন না। আপনার প্রয়োজন শুধু কয়েকটি ভিন্ন ভিন্ন রং এবং শেডের কাঁথা, চাদর, কামফোর্টার ও বালিশের আচ্ছাদন। বিছানায় হোটবড বিভিন্ন আকারের বালিশ বেশ স্টাইলিশ দেখায়।’

মেঝেতে বেশি হোট কার্পেট ব্যবহার করা
শোবার ঘরের সব সাজানোর পর মাথায় আসে খাটের পাশে একটি সুন্দর কার্পেট সাজানোর কথা। ‘এর পেছনে আর কতই-বা খরচ করা উচিত, একটা হলেই হলো।’এই মনোভাব নিয়ে খরচ বাঁচাতে গিয়ে অনেকে কিনে ফেলেন হোট আকারের কার্পেট। যা বিছানার পর দেখতে লাগে বেমানান। শোবার ঘরের জন্য কার্পেট কেনার সময় যেসব জরুরি বিষয় মাথায় রাখা দরকার, সেসব উল্লেখ করে যুক্তরাষ্ট্রের টেক্সটাইল ডিজাইনের প্রতিষ্ঠাতা টেলর ফুল্গো বলেন, ‘কিং সাইজ বিছানার পাশে বিছানার জন্য ন্যূনতম ৯১২ ফুটের একটি কার্পেট কিনতে হবে। কুইন সাইজের জন্য ৮১০ ফুট এবং টুইন বিছানার জন্য অন্তত ৭৯ ফুটের। এ ছাড়া আপনি আপনার ইচ্ছেমতো আরও বড় কার্পেটও কিনতে পারেন।’

Name Change I LALIT NARAYAN JHA, RESIDING AT 259,G.T. ROAD, NORTH LILUAH, HOWRAH-711204, WEST BENGAL, DO HEREBY INFORMED THAT MY MINOR DAUGHTER SHRUTI JHA (OLD NAME) SHALL HENCEFORTH BE KNOWN AS SHRUTI NARAYAN(NEW NAME) VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 24/05/2024.THAT SHRUTI JHA AND SHRUTI NARAYAN BOTH ARE THE SAME AND ONE IDENTICAL PERSON.	Name Change I, Soma Ghosh SAHA D/O Sankar Chandra Ghosh, residing at Vill- Chhoto Kanthalia, P.O.- Sewili Telin- ipara, P.S.- Titagarh, Dist- North 24 Pgs, Pin- 700121, West Bengal, INDIA, have changed my name to (shall henceforth be known as) Soma Ghosh vide an affidavit sworn before Notary public at Kolkata on 24/05/2024. Soma Ghosh Saha and Soma Ghosh both are same identical person.
Name Change I MOSIUR SEKH, S/O SAHALOM SEKH, R/O 0102, ALIPUR DAS, PARUI O SEKH PARA, BISHNUPUR, DIAMOND HARBOUR-743503, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS MD MOSIUR SEKH,VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 24/05/2024, THAT MOSIUR SEKH AND MD MOSIUR SEKH ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON	Name Change I SARMISTHA BRAHMA, W/O SOMAK BRAHMA, R/O NAZRUL SARANI, NEW BLOCK, SANTOSHPUR GOVT COLONY, PS MAHESHTALA, SOUTH 24 PARGANAS, PIN-700142, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SARMISTHA BRAHMA DASGUPTA, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 24/05/2024, THAT SARMISTHA BRAHMA DASGUPTA AND SARMISTHA BRAHMA ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON
Name Change I MEENA DEVI AGARWAL, W/O SUSHIL KUMAR AGARWAL, R/O 20A, RAMESH MITRA ROAD, BHAWANIPORE, KOLKATA - 700025, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS MEENA AGARWAL, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 24/05/2024, THAT MOSIUR SEKH AND MD MOSIUR SEKH ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON	Name Change I MOHAMMED HIDAYET ULLAH AND HI- DAYET ULLAH, S/O MD RAHAMANI LASKAR, R/O VILL-EAST BELARIA P.O & P.S-MAGRAHAT, SOUTH 24 PARGANAS, PIN-743355, WEST BENGAL, SHALL HENCEFORTH BE KNOWN AS MD HI- DAYET ULLAH LASKAR,VIDE AN AFFI- DAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 24/05/2024.THAT MOHAMMED HIDAYET ULLAH AND HI- DAYET ULLAH AND MD HIDAYET ULLAH LASKAR,S/O MD RAHAMANI LASKAR ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON
Name Change I SHAGIA RAHMAN, W/O MD KASHIF RAHMAN, R/O 1/39B, BINA BHAWAN, ASHOKO NAGAR COLONY, REGENT PARK, KOLKATA -700040, WEST BEN- GAL, SHALL HENCEFORTH BE KNOWN AS SHAZIA RAHMAN, VIDE AN AFFIDAVIT SWORN BE- FORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 24/05/2024, THAT SHAGIA RAHMAN AND SHAGIA RAHMAN ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON	Name Change I RITA KARMAKAR, D/O KARTIK KAR- MAKAR, W/O AYAAN KARMAKAR, R/O KALPOTARAO, CIRCULAR ROAD, NABAPALLY, BARASAT, NORTH 24 PARGANAS, PIN-700126, WEST BENGAL, SHALL HENCE- FORTH BE KNOWN AS RITAA KAR- MAKAR, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 24/05/2024, THAT RITA KARMAKAR AND RITAA KARMAKAR ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON
Name Change I JAYANTA GANGULY, S/O PRAD- DUT KUMAR GANGULY, R/O 9/2/5, B ROAD, BAMUNGACHI, SALKIA, P.S-LILUAH, HOWRAH -711106, WEST BENGAL, SHALL HENCE- FORTH BE KNOWN AS JAYANTA KUMAR GANGULY, VIDE AN AFFI- DAVIT SWORN BEFORE THE NO- TARY PUBLIC AT KOLKATA ON 24/05/2024, THAT JAYANTA GAN- GULY AND JAYANTA KUMAR GANGULY ALL ARE THE SAME AND ONE IDENTICAL PERSON	Name Change I KANAV S DESAI, S/O SACHIN BHUPENDRA DESAI, R/O 10A, RY STREET, BHAWANIPORE, KOLKATA- 700020, WEST BEN- GAL, SHALL HENCEFORTH BE KNOWN AS KANAV SACHIN DESAI, VIDE AN AFFIDAVIT SWORN BEFORE THE NOTARY PUBLIC AT KOLKATA ON 24/05/2024,THAT KANAV S DESAI AND KANAV SACHIN DESAI ALL ARE THE SAME AND ONE IDENTI- CAL PERSON

চীনা উড়োজাহাজের সংখ্যা জানাল তাইওয়ান



স্বায়ত্তশাসিত অঞ্চল তাইওয়ান ঘিরে চীনের দুই দিনের মহড়া শুক্রবার শেষ হয়েছে। মহড়ায় ছিল বোমারু বিমান ও যুদ্ধজাহাজ। এদিকে তাইওয়ানের প্রতিরক্ষা মন্ত্রণালয় তাইওয়ান প্রণালিতে গতকাল কতগুলো চীনা যুদ্ধজাহাজ ও যুদ্ধবিমান অংশ নিয়েছিল, সে সংখ্যা আজ শনিবার প্রকাশ করেছে। তাদের দাবি, এদিন ৪৬টি যুদ্ধবিমান মধ্যরেখা অতিক্রম করেছে। গতকাল রাতে চীনের সামরিক চ্যানেলের খবরে বলা হয়, মহড়া শেষ হয়েছে। চীনা সেনাবাহিনীর মুখপত্র পিপলস

লিবারেশন আর্মি ডেইলির এক মন্তব্য বলা হয়, পূর্বঘোষণা অনুযায়ী গত বৃহস্পতিবার থেকে শুক্রবার পর্যন্ত দুই দিন স্থায়ী ছিল এ মহড়া। এ ব্যাপারে আজ চীনের প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সঙ্গে যোগাযোগের চেষ্টা করেছিল রয়টার্স। তবে ফোন করে সাড়া পাওয়া যায়নি। আজ তাইওয়ানের প্রতিরক্ষা মন্ত্রণালয় বলেছে, মহড়ার দ্বিতীয় দিন শুক্রবার ৪৬টি চীনা সামরিক উড়োজাহাজ তাইওয়ান প্রণালির মধ্যরেখা অতিক্রম করেছে। এটিকে চীন ও তাইওয়ানের মধ্যে বিতর্ককারী অনানুষ্ঠানিক রেখা

হিসেবে বিবেচনা করা হয়ে থাকে। তাইওয়ান বলেছে, সব মিলে ৬২টি চীনা যুদ্ধজাহাজ ও চীনা নৌবাহিনীর ২৭টি জাহাজ শনাক্ত করেছে তারা।মন্ত্রণালয়টির তথ্য অনুসারে যেসব যুদ্ধজাহাজ মহড়ায় অংশ নিয়েছিল, তার মধ্যে আছে-এসইউ-৬০০ যুদ্ধবিমান, পারমাণবিক সক্ষমতাসম্পন্ন এইচ-৬ বোমারু বিমান। তাইওয়ান প্রণালিতে যেমন মহড়া চলেছে, তেমনি ফিলিপাইন থেকে তাইওয়ানকে বিতর্ককারী বাঁশি চ্যানেলেও মহড়া চলেছে। স্বায়ত্তশাসিত অঞ্চল তাইওয়ানকে

নিজেদের ভূখণ্ড হিসেবে দাবি করে চীনা তাইওয়ানের প্রেসিডেন্ট হিসেবে লাই চিং তে শপথ নেওয়ার তিন দিন পর বৃহস্পতিবার তাইওয়ান ঘিরে ‘জয়েন্ট সোর্ড-২০২৪এ’ মহড়া শুরু করে চীনা লাই চিং তে-কে ‘ছিংহুইতাবাদী’ আখ্যা দিয়েছে দেশটি। বেইজিং বলেছে, গত সোমবার তাইওয়ানের প্রেসিডেন্ট হিসেবে শপথ নেওয়ার পর প্রথম ভাষণে লাই যে কথা বলেছেন, তার ‘শান্তি’ হিসেবে এ মহড়া চালিয়েছে তারা। ভাষণে লাই বলেছিলেন, তাইওয়ান প্রণালির দুই পক্ষের কেউই কারও অধীনস্থ নয়। বেইজিং মনে করে, এ বক্তব্যের মধ্য দিয়ে লাই চীন ও তাইওয়ানকে আলাদা রাষ্ট্র হিসেবে ঘোষণা করেছে। লাই বারবারই চীনের সঙ্গে আলোচনার প্রস্তাব দিয়ে প্রত্যাখ্যাত হয়েছেন। তিনি বলেছেন, তাইওয়ানের বিদ্রোহের ব্যাপারে শুধু সেখানকার জনগণই সিদ্ধান্ত নেবে। বেইজিংয়ের সার্বভৌমত্বের দাবিও প্রত্যাখ্যান করেছেন তিনি। তাইওয়ান সরকার এ মহড়ার নিন্দা জানিয়েছে। বলেছে, চীনের চাপে তারা ভীত হবে না। চার বছর ধরে নিয়মিতই তাইওয়ান ঘিরে সামরিক তৎপরতা চালাচ্ছে চীনা ২০২২ ও ২০২৩ সালে তাইওয়ান প্রণালিতে বড় আকারের যুদ্ধ যুদ্ধ খেলায় মেতেছিল দেশটি।

রিকশাচালক ও ভ্যানচালকদের পড়ানো হলো হেড আমরেলো



দুরন্ত বার্তা, শিলিগুড়ি,২৫ মে: শিলিগুড়িতে বাডছে গরম। আজ সর্বোচ্চ তাপমাত্রা ৪০ ডিগ্রি ছাড়িয়ে যায়। বিগত দুই দিন ধরে দেখা যাচ্ছে গরম অত্যধিক হারে বেড়ে গেছে। বাইরে বের হতে অসুবিধার মধ্যে পড়তে হচ্ছে পথ চলতি মানুষদের। আজ বেলা পড়ার সাথে সাথে অত্যধিক গরম পড়েছিল শহরে। সকাল থেকেই ছিল রাষ্ট্রাণ্ডি ফাঁকা। পথ চলতি মানুষদের সব থেকে বেশি হয়রানি হচ্ছে। অসুবিধার হচ্ছে পথ চলতি ভান ও রিকশা চালকদের। তাদের কথা মাথায় রেখে অভিনব উদ্যোগ নিল একটি স্বেচ্ছাসেবী সংস্থা, আজ দুপুরে শ্মাইল ওয়েলফেয়ার অর্গানাইজেশন এর তরফ থেকে প্রচন্ড সূর্যের তাপ থেকে বাঁচার জন্য হেড আমরেলো বিতরণ করা হলো। এদিন দুপুর বারোটার টার সময় এই কর্মসূচি নেওয়া হয়। শিলিগুড়ি বিধান মার্কেটের অটো স্ট্যান্ডের সামনে থেকে সংশ্লিষ্ট স্বেচ্ছাসেবী সংস্থা তরফ থেকে পথ চলতি ভান ও রিক্সা চালকদের হেড আমরেলো বিতরণ করা হলো। প্রসঙ্গত এই স্বেচ্ছাসেবী সংস্থাটি মাঝে মাঝেই বিভিন্ন সামাজিক উদ্যোগে সামিল হয়। এদিন এই সংগঠনের সদস্যরা রিকশাচালক ও ভানচালকদের মাথায় হেড আমরেলো পরিবেশ দেয়। সর্বশ্লিষ্ট সংগঠনের এক সদস্য জানান, এদিন ১০০ জনকে হেড আমরেলো পড়ানো হল। প্রচন্ড গরমের কারণে যাতে ভান চালক ও রিক্সাচালকদের অসুবিধার মধ্যে পড়তে না হয় সেই জন্য তাদের হেড আমরেলো পড়ানো হল বলে তিনি জানান।

হামাসের বিরুদ্ধে হামলা চালিয়ে যাবে ইসরায়েলি বাহিনী



স্বায়ত্তশাসিত অঞ্চল তাইওয়ান ঘিরে চীনের দুই দিনের মহড়া গতকাল শুক্রবার শেষ হয়েছে। মহড়ায় ছিল বোমারু বিমান ও যুদ্ধজাহাজ। এদিকে তাইওয়ানের প্রতিরক্ষা মন্ত্রণালয় তাইওয়ান প্রণালিতে গতকাল কতগুলো চীনা যুদ্ধজাহাজ ও যুদ্ধবিমান অংশ নিয়েছিল, সে সংখ্যা আজ শনিবার প্রকাশ করেছে। তাদের দাবি, এদিন ৪৬টি যুদ্ধবিমান মধ্যরেখা অতিক্রম করেছে। হামলার স্বেচ্ছাসেবী বোর্শে যে হাসপাতালে অবস্থানরত উদ্ধারকারী দলগুলো ঘটনাস্থলে যেতে পারছে না। আজ আইসিজের দেওয়া আদেশে রাফা এলাকায় অবিলম্বে অভিযান বন্ধ করতে ইসরায়েলকে নির্দেশ দেন আইসিজের। গাজায় পর্যাণ্ড ত্রাণ প্রবেশ নিশ্চিত করতে রাফা সীমান্ত ক্রসিং খুলে দিতেও ইসরায়েলকে নির্দেশ দেওয়া হয়। এ ছাড়া গাজায় তদন্তকারীদের অবাধ প্রবেশে বাধা

না দেওয়ারও নির্দেশ দেওয়া হয়েছে। এসব নির্দেশনা পালনের অগ্রগতির বিষয়ে এক মাসের মধ্যে আইসিজের ইসরায়েলকে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে। আইসিজের আদেশের পর মন্ত্রিসভার জরুরি বৈঠক ডেকেছেন ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু। ইসরায়েলি মন্ত্রীরা বলেছেন, ইসরায়েল এই আদেশ মানবে না। ইসরায়েলের মন্ত্রিসভার সদস্য বেনি গানৎজ বলেছেন, ইসরায়েল প্রয়োজন অনুযায়ী হামাসের বিরুদ্ধে হামলা চালিয়ে যাবে। জির্দানে ফিরিয়ে আনতে ও ইসরায়েলের নিরাপত্তা নিশ্চিত করতে হামাসের বিরুদ্ধে হামলা চালিয়ে যাবে ইসরায়েলি বাহিনী। ইসরায়েলের পার্লামেন্টের বিরোধীদলীয় নেতা ইয়ার লাপিদও হামলা চালিয়ে যাওয়ার পক্ষে মত দিয়েছেন।

মালিগাঁও, ২৫ মে: যাত্রা করার সময় ট্রেন যাত্রীদের সুযোগ-সুবিধা ও স্বাচ্ছন্দ্য সুনিশ্চিত করার প্রচেষ্টায় উত্তর পূর্ব সরবরাহের সফল প্রচেষ্টা চালানো হচ্ছে। এই গ্রীষ্মকালে তাপমাত্রা বৃদ্ধি হওয়ার পরিস্থিতিতে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে তার যাত্রীদের হাইড্রেশনের উপযুক্ত পদ্ধতি প্রদানের উপর গুরুত্ব আরোপ করেছে। আর এরই উদ্দেশ্যে জোনের বিভিন্ন প্রধান স্টেশনগুলিতে ওয়াটার ভেন্ডিং মেশিন (ডব্লিউভিএম), ওয়াটার কুলার ও জলের ট্যাপ পর্যাণ্ড পরিমাণে উপলব্ধ করার ব্যবস্থা গ্রহণ করেছে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে। এছাড়াও, নির্বাচিত স্টেশনগুলিতে নিয়মিত বিরতিতে অথবা যখনই প্রয়োজন হয় কুইক ওয়াটারিং সিস্টেম পদ্ধতির মাধ্যমে সমস্ত দূরপাল্লার ট্রেনে ওয়াটার রিফিলিং করার ব্যবস্থাও করা হচ্ছে। এই প্রচণ্ড গরমে সক্রিয় ভূমিকা গ্রহণ করে উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ে-এর পক্ষ থেকে কাটিয়ার জং., নিউ জলপাইগুড়ি, রায়গঞ্জ, সামসি, নিউ কোচবিহার, কোকারাঝাড়, হাসিয়ারা এবং আরও কিছু গুরুত্বপূর্ণ স্টেশনের প্ল্যাটফর্মে



১০০টিরও বেশি ওয়াটার ভেন্ডিং মেশিনের সক্রিয় উপলব্ধতা নিশ্চিত করা হয়েছে। বোতল ও দূরে যাওয়ার জন্য কনটেনারের মধ্যে রিফিলিংওর জন্য স্থাপন করা এই ডব্লিউভিএমগুলি বিশুদ্ধ ও স্বচ্ছ জল প্রদান করে। এই মেশিনগুলির জন্য যাত্রীরাও উচিত মূল্যের বিনিময়ে পানীয় জল ক্রয় করতে

সক্ষম হয়েছেন। এই সুবিধাটি স্টেশনগুলিতে দিনরাত চবিশ ঘণ্টার জন্য উপলব্ধ রয়েছে। যাত্রীরা এর মাধ্যমে ৫ টাকার বিনিময়ে বিশুদ্ধ ও স্বচ্ছ জল ক্রয় করে রিফিলিং করতে পারবেন এবং ৮ টাকার বিনিময়ে এক লিটারের জল সহ কনটেনার ক্রয় করতে পারবেন। একইভাবে যাত্রীরা ২০ টাকা দিয়ে

৫ লিটার জল রিফিলিং ও ২৫ টাকার বিনিময়ে ৫ লিটার জল সহ কনটেনার ক্রয় করতে পারবেন। যাতে যাত্রীরা প্রয়োজনের সময় বিনামূল্যে পানীয় জল উপযুক্ত পদ্ধতিতে সংগ্রহ করতে পারেন তার জন্য ডব্লিউভিএমগুলির পাশাপাশি জোনের প্রতিটি স্টেশনে, রেলওয়ে প্ল্যাটফর্মের নির্দিষ্ট দূরত্বে পর্যাপ্ত পরিমাণের ওয়াটার কুলার, ওয়াটার ট্যাপ ও চিউব ওয়েল কর্মক্ষম রয়েছে। চাহিদার প্রতি লক্ষ্য রেখে যাত্রীদের জন্য স্টেশন প্ল্যাটফর্মগুলিতে অনানুষ্ঠানিক ১২৬টি ওয়াটার কুলার, ৮০১৫টি ট্যাপ এবং ৪৯৪টি চিউব ওয়েল স্থাপন করা হয়েছে।

স্টেশন ও ট্রেন যাত্রীদের পানীয় জল সরবরাহ করার এই সংহত প্রচেষ্টা শুধুমাত্র হাইড্রেশনকেই উন্নীত করে না বরং তার পাশাপাশি যাত্রীদের সামগ্রিক অমণ অভিজ্ঞতাও উন্নত করে। প্রতিকূল পরিস্থিতিতেও যাত্রীদের কল্যাণ ও স্বাচ্ছন্দ্যকে অগ্রাধিকার দেওয়ার পদক্ষেপগুলি বাস্তবায়নের জন্য উত্তর পূর্ব সীমান্ত রেলওয়ের পক্ষ থেকে একনিষ্ঠভাবে কাজ চালানো হচ্ছে।

তৃণমূল, বিজেপি দুটি দলের দাবি নবদ্বীপ থেকে ২০ হাজার ভোট লিড পাবে

দূরন্ত বার্তা, নবদ্বীপ, ২৫ মে : সদ্যশেষ হওয়া লোকসভা ভোটে অন্তত ২০ হাজার ভোটের লিডের দাবী আত্মবিশ্বাসের সঙ্গে করছে তৃণমূল এবং বিজেপি দু’দলই। অন্যদিকে বামেরা বলছে তাদের ভোট শতাংশ বাড়বে অন্তত ২০! তবে তিনদিন হল ভোট পর্ব মিটেছে রানাঘাট লোকসভা আসনে। দলীয় কার্যালয়ে বসে চুলচেরা হিসাবে ব্যস্ত সব রাজনৈতিক দলের নেতাকর্মীরা। সম্ভবনা মিলিয়ে দেখার পালা এখন। অভ্যন্তরীণ সেই সব হিসাবনিকাশ শেষে নবদ্বীপ বিধানসভায় ২০ হাজার ভোটে এগিয়ে থাকার দাবী করছেন শাসক বিরোধী দুই দলেরই স্থানীয় নেতৃত্ব। তবে বিজেপির তরফে যেখানে নবদ্বীপ বিধানসভা কেন্দ্রে ২০ হাজার ভোটে এগিয়ে থাকার দাবী করা হচ্ছে। সেখানে তৃণমূলের দাবী তাঁদের ওই লিড কেবলমাত্র নবদ্বীপ পুরএলাকা থেকেই হবে। নবদ্বীপ ব্লক ধরলে সেটা ৬৫-৪০ হাজারের কাছাকাছি হবে বলে শাসক দলের বিশ্বাস। অন্যদিকে বাম নেতৃত্বের দাবী রাজ্যের অন্য জায়গার সঙ্গে নবদ্বীপে তাঁদের ভোট এবার কল্পনাতীত ভাবে বাড়তে চলেছে। বিজেপির নবদ্বীপ বিধানসভা কেন্দ্রের আহ্বায়ক জীবনকৃষ্ণ সেন বলেন, এবারের লোকসভা ভোট যেমন হয়েছে তাতে করে আমাদের হিসাব বলছে নবদ্বীপ থেকে জগন্নাথ সরকার কমপক্ষে ২০ হাজার ভোটে এগিয়ে থাকবেন। পানিদিকে নবদ্বীপের পুর্বপ্রধান তথা তৃণমূলের দক্ষিণ নদীয়া সাংগঠনিক জেলার সাধারণ সম্পাদক বিমানকৃষ্ণ সাহা বলেন, নবদ্বীপ শহর থেকে মুকুটমণি অধিকারী অন্তত ২০ হাজার ভোটে এগিয়ে থাকবেন। আর ব্লক ধরলে সেটা দ্বিগুণের কাছাকাছি যাবে বলেই আমরা মনে করছি। গতবার রানাঘাট লোকসভা কেন্দ্রের সাতটি বিধানসভার মধ্যে একমাত্র নবদ্বীপেই পিছিয়ে ছিলেন বিজেপি প্রার্থী। সেবার শহর নবদ্বীপ বিজেপির লিড ছিল ১২ হাজারের বেশি ভোট। কিন্তু ব্লকের ছবিটা ছিল বিপরীত। ১৬ হাজারের বেশি ভোটে এগিয়ে ছিল তৃণমূল। নবদ্বীপ শহরের ২৪টির মধ্যে ১৮টি ওয়ার্ডেই বিজেপির কাছে পরাজিত হয় তৃণমূল। ২০০০ সালে নবদ্বীপ পুরসভায় ক্ষমতায় আসার পর ২০১৯-এর লোকসভা ভোটেই শহরের মানুষ প্রথম নবদ্বীপ ফিরিয়ে ছিল তৃণমূলের দিক থেকে। শেষপর্যন্ত গ্রামীণ নবদ্বীপের ৪০৬৪ ভোট পার্থক্যেই সামগ্রিক ভাবে নবদ্বীপ বিধানসভা আসনে মুখরক্সা হয় শাসকদলের। এরপর অবশ্য

দিয়ায় তলিয়ে গেল ২ বন্ধু, চাঞ্চল্য এলাকাজুড়ে

দূরন্ত বার্তা, দিঘা, ২৫ মে : পেয়ে আসছে রেমাল। ইতিমধ্যেই গভীর নিম্নচাপে পরিণত হয়েছে রেমাল। স্থলভাগের দিকে আরও এগিয়ে এসেছে রেমাল। রেমালের দাপটে এদিন সবার শহর নবদ্বীপ থেকেই হাওয়া বদল দিবার। রিমালের দাপটে দিঘায় শুরু হয়ে গেছে জলোচ্ছাস। তারমধ্যেই দিঘায় নির্খোঁজ এক পর্যটক। বর্তমানে বাংলাদেশ খেপুপাড়ার থেকে ৪২০ কিলোমিটার দূরে অবস্থান গভীর নিম্নচাপের। ক্যানিং থেকে ৪৬০ কিলোমিটারে। শোনা যাচ্ছে রবিবার সকলেই আছড়ে পড়তে পারে ঘূর্ণিঝড় রিমা। এদিকে সকাল থেকেই দিঘায় রেমালের ‘খেল’ শুরু হয়ে গিয়েছিল। হাওয়া বদল বেশ ভালোই টের পাওয়া যাচ্ছিল। রেমালের তেজে ইতিমধ্যে বঙ্গোপসাগরে বাড়তে শুরু করে দিয়েছে জলোচ্ছাস। সি-বিচ পরিষেবে চেউ এসে আছড়ে পড়ছে গার্ডওয়ালে। তারমধ্যেই রেমাল আছড়ে পড়ার আগেই দিঘা সমুদ্রের তলিয়ে নিখোঁজ সোদপুরের এক পর্যটক। এই ঘটনাকে ঘিরে রীতিমতো চাঞ্চল্য ছড়িয়েছে সৈকত শহর দিঘায়। পুলিশ সূত্রে জানা গেছে, আজ নিউ দিঘার ক্ষণিকা ঘাটে দুই বন্ধু মিলে স্নান করছেন গিয়েছিল। তখনই তলিয়ে যায় দুই যুবক। এক বন্ধুকে উদ্ধার করা সম্ভব হয়েছে। কিন্তু আরও একজনের খোঁজে পুলিশ তল্লাশি অভিযান শুরু করেছে। প্রসঙ্গত, একদিকে ষষ্ঠ দফার ভোট, অন্যদিকে ঘূর্ণিঝড় রিমালের আশঙ্কায় ইতিমধ্যেই সৈকত শহরে শনি- রবি দুদিন পর্যটকদের থাকার উপর নিষেধাজ্ঞা আওপে করছে প্রশাসন। মৎসজীবীদেরও বাধণ করা হয়েছে সমুদ্রে যেতে। কিন্তু এখনও হলদিয়া থেকে ওড়িশার পারাবদ্বীপ পর্যন্ত মৎসজীবীদের যে সমস্ত ট্রলার গভীর সমুদ্রে রয়ে গেছে, প্রশাসনের আলাট ভারের কাছে পৌঁছাননি, তাদের অ্যালাট কর্তে আকাশপথে মাইকিং করছে তাদের তিনটি উপকূলরক্ষী বাহিনী।

ভোটের দিনও যুযুধান বিষ্ণুপুর লোকসভা কেন্দ্রের দুই প্রার্থী

দূরন্ত বার্তা, বাঁকুড়া, ২৫ মে : প্রচার পর্বে বরাবরের বাক্যুদ্ধে জড়াতে দেখা গিয়েছে বিষ্ণুপুর লোকসভা কেন্দ্রের যুযুধান দুই প্রার্থীকে। শনিবার ভোটের দিনও সেই ধারা অব্যাহত রইল! বাঁকুড়ার বিষ্ণুপুর লোকসভা কেন্দ্রে বিদায়ী সাংঘদ তথা বিজেপি প্রার্থী সৌমিত্র খাঁয়ের বিক্ষোভ লগ্নেছেন তাঁর প্রাক্তন স্ত্রী সুজাতা মণ্ডল। সুজাতা তৃণমূলের প্রার্থী। কেন্দ্রীয় বাহিনীর ঘেরাটোপে ভোট হলেও সকাল থেকে বিষ্ণুপুরের কিছু এলাকা থেকে বিক্ষিপ্তভাবে গোলমালের খবর সামনে আসে। সঙ্গে সঙ্গে পদক্ষেপ ওও করে কেন্দ্রীয় বাহিনী। এসবের মাঝে যাক সাড়ে ন’টা নাগাদ বিষ্ণুপুরের বিজেপি প্রার্থী সৌমিত্র খাঁকে দেখা যায় সারেশ্বর বাবার মন্দিরে। সৌমিত্র বলেন, সারেশ্বর বাবা খুব জগ্রত। তাই বাবার কাছে পূজা দিয়ে গেলাম। এবার ত্রান করলেন সব রোগিণি বন্ধ হয়ে যাবে। প্রতিদ্বন্দ্বী প্রার্থীর মন্দিরে যাওয়ার খবর শুনে প্রতিক্রিয়া দিতে গিয়ে হেসে ফেলেন সুজাতা। তৃণমূল প্রার্থীর কথার, এবারে আর এসব করে লাভ হবে না। ওকে কেউ বাচাতে পারবে না। কারণ, বিষ্ণুপুরের মানুষ এবারে ওকে বিদায় জানানোর সিদ্ধান্ত নিয়ে নিয়েছে। একই সঙ্গে সুজাতার দাবি, বিজেপি প্রার্থীকে প্রতিপক্ষ হিসেবেই মনে করছি না। কারণ, গত ১০ বছরে সাংসদ হিসেবে উনি এলাকায় কোনও কাজই করেননি। যদিও সৌমিত্রর দাবি, বিষ্ণুপুরের মানুষ এবারেও তাঁকেই জয়ী করবেন। গত লোকসভা ভোটে সৌমিত্রর হয়ে ভোট প্রচার করতে দেখা গিয়েছিল সুজাতাকে। তারপরে অবশ্য বিষ্ণুপুরের রাজনীতিতে ঘটছে বিস্তর বদল। বিবাহ বিচ্ছেদ ঘটেছে সৌমিত্র-সুজাতার। বাড়ির চার দেওয়াল ছেড়ে রাজনীতির আঁঙিনায় পা রেখেছেন সুজাতা। এবার ভোটের ময়দানে পরস্পরের প্রতিদ্বন্দ্বী। এখন দেখার আগামী পাঁচ বছরের জন্য জনতা কাকে বেছে নেন।

গোরখপুরের সভাপতি শ্রী দীনেশ কুমার সিং-এর সভাপতিত্বে রাজ্য পরিষদের সভা অনুষ্ঠিত হয়েছিল

গোরখপুর, ২৫ মেঃ উত্তর-পূর্ব রেলওয়ে ভারত স্কাউটস অ্যান্ড গাইডস, রাজ্য সদর দফতর, গোরখপুর দ্বারা ২৫ মে, ২০২৪ তারিখে জেনারেল ম্যানেজার কনফারেন্স হল, গোরখপুরের সভাপতি শ্রী দীনেশ কুমার সিং-এর সভাপতিত্বে রাজ্য পরিষদের সভা অনুষ্ঠিত হয়েছিল। এবং সংগঠনের অতিরিক্ত মহাব্যবস্থাপক মো.বৈতকে উত্তর-পূর্ব রেলওয়ে ভারত স্কাউটস অ্যান্ড গাইডের মুখ্য রাজ্য কমিশনার এবং প্রধান প্রশাসনিক আধিকারিকপ্রকল্প শ্রী বি.এস. দোহারার প্রস্তাবে চেয়ারম্যান নিযুক্ত করেন চিফ কমিউনিকেশন ইঞ্জিনিয়ার মিঃ জ্ঞান প্রকাশ, চিফ পাসেনেল অফিসারপ্রশাসন মিঃ অবশেষ কুমার, চিফ লোকোমোটিভ ইঞ্জিনিয়ার মিঃ অনুরাগ কুমার গুপ্ত, চিফ ট্রাফিক ইঞ্জিনিয়ার মিঃ সুনীল কুমার গুপ্ত, চিফ কমার্শিয়াল ম্যানেজারপিএম। ভাইস চেয়ারম্যান পদে। বিজয় কুমার এবং মেডিকেল ডিরেক্টর ডাঃ এ.এ. খান মনোনিয়ন পান।উপস্থিত নবনিযুক্ত আধিকারিক সদস্যদের উপস্থাপন করেন মুন্স্য রাজ্য কমিশনার শ্রী বি.এস. দোহারা তারে স্কার্ফ পরিয়ে ও মালা পরিয়ে সভায় স্বাগত জানান।সভা শেষ করার আগে, চেয়ারম্যান নতুন মুন্স্য রাজ্য কমিশনার পদের জন্য মুখ্য যাত্রিক প্রকৌশলীপরিকল্পনা শ্রী রাজেশ অবস্থিকে মনোনীত করেন। সংগঠনের সভাপতি শ্রী দীনেশ কুমার সিং পর্যদ সভায় উপস্থিত সমস্ত রাজ্য ও জেলা সমিতির আধিকারিকদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন যে উত্তর-পূর্ব রেলওয়ে ভারত স্কাউটস অ্যান্ড গাইডস সংস্থা বিভিন্ন কর্মসূচি ও কর্মকাণ্ডের মাধ্যমে তার সাফল্যে অবদান রেখেছে। জাতীয় এবং ভারতীয় রেলের মর্যাদা সার্থক্যে বজায় রাখা হয়েছে, তার জন্য সংস্থার সমস্ত কর্মকর্তা এবং সদস্যরা অতিনন্দন পাওয়ার যোগ্য। তিনি সংগঠনের সকল সদস্যকে সামাজিক কুসংস্কার দূর করতে এবং জাতীয় ঐক্য ও সমাজসেবার জন্য পরিচালিত পরিকল্পনা সফল করতে উত্থুদ্ধ করেন।

গদ্য দিয়ে অনেক জল বয়ে গিয়েছে। ২০২১ এর বিধানসভা ভোটে পুণ্ডরীকাক্ষ সাহা সাড়ে ১৮ হাজারের বেশি ভোটে পঞ্চমবারের জন্য নির্বাচিত হয়েছেন। গত পুরভোটে নবদ্বীপে সব কটি ওয়ার্ডে জয়লাভ করে বিরোধীশূন্য পুরবোর্ড গড়েছে তৃণমূল। অন্যদিকে গতবছর পঞ্চায়েত ভোটে গ্রামীণ নবদ্বীপে যথেষ্ট শক্তিবৃদ্ধি ঘটেছে বিরোধীদের। নবদ্বীপ ব্লকের সবথেকে বড় এবং গুরুত্বপূর্ণ স্বরূপগঞ্জ পঞ্চায়েত বিজেপি দখল করেছে। সিপিএম দখল করেছে মায়াপুরের মত পঞ্চায়েত। রাম, বাম উভয়ের মোট আসন বেড়েছে পঞ্চায়েতে। এই পরিস্থিতিতে এবারের লোকসভা ভোটে কার বাজ্যে কত ভোট পড়তে পারে তা এক জটিল ধাধার আকার নিয়েছে। গতবার জগন্নাথ সরকার দু লাখ ৬৬ হাজারের বেশি ভোটের ব্যবধানে জয়লাভ করেছিলেন। রানাঘাট আসনে অত্যন্ত গুরুত্বপূর্ণ মতুয়া ভোটের পুরোটাই তিনি পেয়েছিলেন। কিন্তু এবারে ছবিটা অনেকটা বদলে গেছে মুকুটমণি অধিকারী তৃণমূলের হয়ে দাঁড়ানোয়। একদা সর্ব ভারতীয় মতুয়া মহাসংঘের নদীয়ার সভাপতি মুকুটমণির সঙ্গে সঙ্গে মতুয়া ভোটের বড় অংশ জোড়ফুলের দিকে চলে পড়েছে বলে রাজনৈতিক বিশেষজ্ঞদের একাংশের অনুমান। আর এক অংশের মতে তৃণমূল প্রার্থীর সব থেকে বড় পরীক্ষা গতবারে বিজেপির পাওয়া ওই বিপুল পরিমাণ ভোট ছাপিয়ে যাওয়া। রাজনৈতিক মহলের মত সেক্ষেত্রে নবদ্বীপ এবং শান্তিপুর - তৃণমূলের দখলে থাকা দুই বিধানসভার ভূমিকা খুবই গুরুত্বপূর্ণ হয়ে উঠতে চলেছে। যদিও জগন্নাথ সরকার এবং মুকুটমণি অধিকারী দুজনেই প্রথম থেকে জয়ের ব্যাপারে আত্মবিশ্বাসী বলে দাবী করেছেন। অন্যদিকে সিপিআইএমের নবদ্বীপ এরিয়া কমিটির সম্পাদক বেচুগোপাল সিংহের দাবী এবারের ভোটে গোটটা রাজ্যে সব হিসাব ওলটপালট করে দেবে বাম-কংগ্রেস জোট। তিনি বলেন, নবদ্বীপও তার ব্যতিক্রম হবে না। আমরা খুব ভালো জায়গায় থাকব। গত পুরভোটে নবদ্বীপে বামদের প্রাপ্তভোটের পরিমাণ ছিল সাড়ে ছয় থেকে সাত শতাংশ মাত্র। স্থানীয় নেতৃত্বের দাবী এবার তা বেড়ে ২০ শতাংশ ছাড়িয়ে যাবে। যদি তাইই হয় তাহলে হিসাব যে সতিাই অন্যরকম হবে সেটা বিলক্ষণ মানছেন বাকি দুই শিবিরও।



বাঁকুড়া লোকসভা কেন্দ্রের একটি বুথে অবাধ ও শান্তিপূর্ণ নির্বাচনের জন্য কঠোর নিরাপত্তা ব্যবস্থা । ছবি-পিআইবি

জল নেই কেন! পাঁচ বছর পর শালতোড়ের গ্রামে গিয়ে ক্ষোভের মুখে সুভাষ সরকার



দূরন্ত বার্তা, বাঁকুড়া, ২৫ মে : এবার বাঁকুড়ার গ্রামী সুভাষ সরকারকে ঘিরে ধরে বিক্ষোভ দেখানেন প্রাণের মানুষজন। শালতোড়ার বনকা গ্রাইমারি স্কুলের ১৮২ নম্বর বুথে উত্তেজনা ছড়াল সুভাষ সরকারকে ঘিরে। স্থানীয় বাসিন্দাদের একাংশের অভিযোগ গত ৫ বছরে এক মিনিটের জন্য সাংঘদ সুভাষ সরকার আসেননি। আজ ভোটের দিন গ্রামে এসে ঝামেলা লাগাতে এসেছেন। আমাদের এখানে পানীয় জল নেই। গরিব মানুষের খাবার নেই। এখন রক থেকে জল টাঙ্ক পাঠিয়েছে। সেই জল দু’বার দেওয়া হচ্ছে । সাংসদকে পানীয় জলের কথা বললে তিনি কিছু না বলে পালিয়ে যান। তারা জানান কোন দল করেন না। সাংসদকে তাদের দাবির কথা বলতে গেলে তিনি চলে যান। এলাকার মানুষজনের দাবি, কয়েক কিলোমিটার দূর থেকে জল আনতে হয়। পুকুর নেই। আগের বারে বলেছিলেন জলের ব্যবস্থা করে দেবেন। পাঁচ বছর পাভা নেই। আমরা আপনাকে দেখব। স্থানীয় মানুষজন বলেন, আমরা একেবারেই গ্রামাঞ্চল। আমাদের এখানে জলের ব্যবস্থা নেই। আর ওঁর পাঁচ বছর টিকি দেখা যায়নি। আগে এলে ভালো লাগত। আজ

বেপরোয়া গতিতে অসম্পূর্ণ উডালপুলে! ৫০ ফুট নীচে গাড়ি, মৃত একই পরিবারের চারজন

দূরন্ত বার্তা, জলপাইগুড়ি, ২৫ মে : নিয়ন্ত্রণ হারিয়ে নিম্নীয়মাণ উডালপুল থেকে প্রায় ৫০ ফুট নীচে পড়ল ছোট গাড়ি। ঘটনাস্থলেই মৃত্যু হল এক মহিলার। আহত চালক এবং পরিবারের বাকি তিনজন। শনিবার দুর্ঘটনাটি ঘটে মাল ব্লকের ওদলাবাড়ি ও বাপ্রাঞ্ছের মাঝে সিকিমগামী ৭১৭ - এ জাতীয় সড়কের নিম্নীয়মাণ উডালপুলে। মৃতের নাম, নাংশেল তামাং (৬৯)। গাড়ির চালক নেহাল হেদ্রীরা বক্তব্য, এদিন মিরিকের বাসিন্দা পবন তামাং (৪৭), তার স্ত্রী নাংশেল তামাং (৬৯) ইয়েই ইয়াংকি (১৫) এবং ছেলে ইয়েইডেনকে নিয়ে পবন তামাংয়ের শ্বশুরবাড়ি কালিস্পং

জেলার চারকোলা গ্রাম থেকে মিরিকের উদ্দেশ্যে রওনা হয়েছিলেন। পথে উডালপুলের অ্যাপ্রোচ রোডে কোনও ‘নো এন্ট্রি’ বোর্ড নজরে পড়েনি তাঁদের। দূরন্ত গতিতে উডালপুলের উপর দিয়ে আসার সময় নিয়ন্ত্রণ হারিয়ে গাড়িটি নীচে পড়ে যায়। গাড়িটি ১০০ কিলোমিটার গতিতে যাচ্ছিল। আমাদের কর্মীরা রাস্তায় গাড়িটিকে হাত দেখিয়ে দাঁড় কানোের চেষ্টা করে কিন্তু গাড়ির গতি বেশি দ্রুত। চালক দেখতে পায়নি। সেই কারণে গ্যাটি নিম্নীয়মান উডালপুল থেকে নিচে পড়ে যায়। মালভাঙ্গ পুশিগ গাড়িটি উদ্ধার করেছে। মৃতদেহ ময়নাতত্ত্বের জন্য জলপাইগুড়ি পাঠানো হয়েছে।

১ মাস ধরে নিখোঁজ ইন্ডিয়ান অয়েলের অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়র

দূরন্ত বার্তা, মালদা, ২৫ মে : খোঁজ মিলছে না ইন্ডিয়ান অয়েলের অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ারের। পরিবারের দাবি, কানপুরে নিখোঁজ ছেলেকে খঁজতে গিয়ে পুলিশের হাতে হেনস্থার শিকার মানিকচক্কের অসহায় বাবা-মা। কানপুরের গঙ্গাঘাট বাস স্ট্যান্ড থেকে কানপুর রেলস্টেশন যাওয়ার পথে নিখোঁজ ধরমপুরের যুবক ইন্দ্রনীল ঝাঁ (২৮)। কানপুর রেলস্টেশন থেকেই ট্রেন ধরে বাড়ি ফেরার কথা ছিল তাঁরা। কিন্তু আর এক মাসের বেশি অতিক্রম হলোও খোঁজ নেই বাড়ির চেষ্টাও ছেলে। ইন্দ্রনীল ঝাঁ (২৮)। মানিকচক্কের টৌকি মীরাদপুর পঞ্চায়েতের ধরমপুর এলাকার বাসিন্দা। তাঁর বাবা সাধন ঝাঁ। পেশায় একজন সেলসম্যান। তাঁর মা জয়শ্রী ঝাঁ। পেশায় একজন আশা কর্মী। পরিবারের সূত্রে খবর, নিখোঁজ যুবক ইন্ডিয়ান অয়েলের অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার হিসেবে পানিপথে কাজে যোগ দেন ঢাকাি বছরের মার্চ মাসে। গত ১৯ এপ্রিল ১০ দিনের ছুটি দেওয়া হয় তাঁকে। বাড়ি আসার জন্য পানিপথ থেকে কানপুর বাসে আসেন যুবকটি। কানপুরের গঙ্গাঘাট বাস স্ট্যান্ডে নেমে ট্রোটোকে করে সেল স্টেশনের উদ্দেশ্যে রওনা হন তিনি। সেই সময়ই মায়ের সঙ্গে শেষ বারের মত কথা হয় তাঁর। তারপর থেকেই নিখোঁজ ওই যুবক। এই বিষয়ে, মানিকচক থানায় ছেলের নিখোঁজের অভিযোগও দায়ের করেন বাবা- মা। মানিকচক থানার থেকে ছেলের মোবাইলের লোকশন পাঠা হয় তাতে দেখা যায় কানপুরের লোকেশন। এমনকী তাঁর ব্যাঙ্ক থেকে বেশ কিছু টাকাও অন্য অ্যাকাউন্টে খোঁজা হয়েছে। তারপরই ছেলের খোঁজে কানপুরের উদ্দেশ্যে রওনা হয় বাবা-মা। তবে সেখানে গেলেও সেখানকার পুলিশ সেভাবে সহায়তা করেনি।

চুরির জিনিসসহ তিন চোর আটক

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৫ মে : সাত দিনের মধ্যে অ্যাপাটমেন্টে চুরির ঘটনার সমাধান করল তিন চোরকেও শ্রেফতার করেছে এমডি ফারুক, আকাশ মুন্ডা, ও এমডি শহিদুলা। আজ তিনজনের বিরুদ্ধে চুরির অভিযোগে মামলা রুজু করে শিলিগুড়ি আদালতে পেশ করেছে পুলিশ। গত ১৮ তারিখ দাগাপুর সংলগ্ন একটি নতুন অ্যাপাটমেন্ট থেকে ৪ থেকে ৫ লাখ টাকার পানি চুরির ঘটনা জানাজানি হলে চাঞ্চল্যের সৃষ্টি হয় । এরপর এপাটমেন্ট ম্যানেজমেন্ট মাটিগাড়া থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করে, যার পরে, মাটিগাড়া থানার পুলিশ গতকাল রাতেই চুরি হওয়া জিনিসপত্র উদ্ধার করে চুরির অভিযোগে তিন দুস্থতার বিরুদ্ধে একটি মামলা দায়ের করা হয়েছে এবং শিলিগুড়ি আদালতে পেশ করা হয়েছে।

রিকশা চালক ও ভ্যান চালকদেরকে ছাতা বিতরণ

দূরন্ত বার্তা, শিলিগুড়ি, ২৫ মে : শনিবার spread smile ওয়েলফেয়ারের পক্ষ থেকে শিলিগুড়ি শহরের রিকশা চালক ও ভ্যান চালকদেরকে ছাতা বিতরণ করলেন। তীব্র দাবদহে সমস্যায পড়তে হচ্ছে রিকশা চালক ও ভ্যান চালকদেরকে আর এই রোদে তাপ মাথায় নিয়ে ছুটতে হচ্ছে তাদের তাই এই রোদের তাপ থেকে কিছুটা তাদেরকে বাঁচাতে উদ্যোগী হলেন স্প্রেড স্মাইল ওয়েলফেয়ার। স্প্রেড স্মাইল ওয়েলফেয়ারের সদস্য রাজ পাল জানানেন যে আজ মোট ১০০ জন রিকশা চালক ও ভ্যান চালকদেরকে ছোট ছোট ছাতা বিতরণ করলেন তারা যে ছাতা মাথায় লাগিয়ে তারা রিকশা বা ভ্যান চালাতে পারবে তাতে চালকের কৌনোরকম সমস্যা হবে না।

আগুনে ভস্মীভূত বাইকের গ্যারেজ, চাঞ্চল্য এলাকায়

দূরন্ত বার্তা, আলিপুরদুয়ার, ২৫ মে : আগুনে ভস্মীভূত একটি বাইকের গ্যারেজ। ফালাকাটা ব্লকের ধুলাগাঁও বাজার এলাকার ঘটনা। শনিবার সকালে বিষয়টি নজরে আসতেই চাঞ্চল্য ছড়ায় এলাকায়। খবর দেওয়া হয় দমকলে। এদিকে আগুন নেভানোর কাজে হাত লাগায় স্থানীয় বাসিন্দারা। হতাৎ করেই ওই বাইকের গ্যারেজ থেকে আগুন দেখতে পেয়ে চাঞ্চল্য ছড়ায় এলাকায়। জানা গেছে, এই অগ্নিকাণ্ডের কারণে বাইকের গ্যারেজে থাকা প্রায় লক্ষাধিক টাকার সমগ্রী পুড়ে ছাই হয়ে গেছে। এদিকে ঘটনাস্থলে। কিন্তু তার আগেই ঘটনাস্থলে। কিন্তু তার আগেই আগুন নিয়ন্ত্রণে আনেন আগুণের এলাকায় ছড়িয়ে পালে পরিস্থিতি ভয়াবহ আকার ধারণ করতে বলেই দোশা স্থানীয়দের। অল্পের জন্য বড় ধরনের দুর্ঘটনার হাত থেকে রক্ষা পেল ধুলাগাঁও বাজার এলাকা। যদিও ঘটনায় হতাহতের কোনও খবর নেই। তবে কী ভাবে আগুন লাগলো তা খতিয়ে দেখছে দমকল কেন্দ্রের কর্মীরা।

দুএকটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া বাঁকুড়ায় ভোট শান্তিপূর্ণ

দূরন্ত বার্তা, বাঁকুড়া, ২৫ মে : দু-একটি বিক্ষিপ্ত ঘটনা ছাড়া বাঁকুড়ায় ভোট শান্তিপূর্ণ ভাবেই গৃহীত হচ্ছে। প্রথর রোদ ও অত্যাধিক গরমের কারণে প্রথমদিকে ভোটের হার কম হলেও বেলা বাড়ার সাথে সাথে ভোটের হার ও বাড়তে থাকে। তবে লম্বাশঙ্কলে বুথে বুথে ভোটারদের দল লাইন ম্যানেজ ও চোখে পড়নি। সকালে প্রথম দু ঘন্টায় ভোট পড়েছিল ১৭ শতাংশ। বেলা তিনটা পর্যন্ত ভোট পড়েছে ৬৭.৪ শতাংশ। জেলার অপর আসন বিষ্ণুপুরে তুলনায় ভোটের হার কিছু টা বেশী। বেলা তিনটা পর্যন্ত সেখানে ভোট পড়েছে ৭৩ শতাংশ এর কিছু বেশী। শুক্রবার রাতে শালতোড়ায় বোমা বিস্ফোরণ ঘটে বলে বিজেপির পক্ষ থেকে জানানো হয়। যার ফলে সেখানে উত্তেজনা দেখা দিয়ে। শনিবার সকালে শালতোড়ার ৬৪ নম্বর বুথে বিজেপির পোর্টালং একন্টেক্টে মারফের করে বুথ থেকে বের করে দেওয়া হয় বলে অভিযোগ। ওই বিজেপি কর্মীর হস্তেই আঙ্গুল ডেঙেওয়া। এছাড়াও বিভিন্ন এলাকায় সাধারণ ভোটারদের ভীতি প্রদর্শন – এর অভিযোগ উঠেছে।

নজরুলের ১২৫ তম জন্মদিন পালন

দূরন্ত বার্তা, মালদা, ২৫ মে : কাজী নজরুল ইসলামের ১২৫ তম জন্মজয়ন্তী পালন করল ইংরেজবাজার পৌরসভা ও মালদা শিল্পী সংসদ।



শনিবার সকাল ৮ টা নাগাদ মালদা শহরের নজরুল সরণিতে বিদ্রোহী কবির আবক্ষ মূর্তিতে মালদান কলে শ্রদ্ধা নিবেদন করেন ইংরেজবাজার পৌরসভার চেয়ারম্যান কৃষ্ণেন্দু নায়ায়ন চৌধুরী। এছাড়াও উপস্থিত ছিলেন, ইংরেজবাজার পৌরসভার কাউন্সিলর সুরত সর্দার, শুভময় বসু, মালদা শিল্পী সংসদের সম্পাদক মনু সাহা সহ অন্যান্যরা। এদিন সমবেত নজরুল সংগীত পরিবেশন করেন শিল্পীরা। অন্যদিকে, ২৫ মে নজরুল জয়ন্তী। শনিবার জেলা তথ্য

ও সংস্কৃতি দপ্তর এবং জেলা প্রশাসনের উদ্যোগে কোচবিহার লালদাখা হলে নজরুল জয়ন্তী পালন হলো। পাশাপাশি এদিন তারা একটি সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করে। কোচবিহার জেলার বিভিন্ন স্কুলের ছাত্র ছাত্রীরা অংশগ্রহণ করে এই অনুষ্ঠানে। এবিষয়ে তথ্য ও সংস্কৃতি দপ্তরের আধিকারিক অঙ্গীরা দত্ত বলেন,কবিকে সুবাহি জানুক এবং নতুন প্রজন্ম কবির কবিতা পড়ুক এই লক্ষ্যেই আমাদের এই প্রয়াস ।

কলকাতা মেট্রোর প্রতি কোচ রক্ষণাবেক্ষণ কর্মী জাতীয় গড় থেকে বেশি

কলকাতা, ২৫ মে : মেট্রো রেল কলকাতার লাইফলাইন। প্রায় চল্লিশ বছরের পাত্রেরা, কলকাতা মেট্রো এই শহরের পরিবহন ব্যবস্থার জন্য একটি গেম চেঞ্জার হয়েছে। এটি আরও বেশি সংখ্যক মানুষকে কাজ পৌঁছাতে এবং শহরের প্রতিটি কোণায় আরও বেশি সংখ্যক যাত্রী বহন করার জন্য ধীরে ধীরে তার ডানা ছড়িয়েছে। দেশের প্রাচীনতম মেট্রো করিডোরে, অর্থাৎ ব্লু লাইনে সম্ভারের দিনগুলিতে ২৮৮ টি পরিষেবা চালানোর জন্য, মেট্রো কর্তৃপক্ষ এর রেকগুলির যথাযথ রক্ষণাবেক্ষণের জন্য সমস্ত সম্ভাব্য ব্যবস্থা গ্রহণ করেছে এবং যাত্রীদের নিরাপদ চলাচল নিশ্চিত করেছে। তার জন্য মেট্রোর বর্তমানে নোয়াপাড়া, সল্টলেক এবং জেকাতে তিনটি আধুনিক রক্ষণাবেক্ষণ ডিপো রয়েছে। এই তিনটির মধ্যে নোয়াপাড়া শেডটি প্রাচীনতম। কলকাতা মেট্রোর এই সমস্ত রক্ষণাবেক্ষণ ডিপোগুলি আধুনিক মেশিনারিজ এবং অত্যন্ত দক্ষ কর্মীদের দ্বারা সজ্জিত যাতে রেক রক্ষণাবেক্ষণের জটিল কাজটি নিরুতভাবে সম্পাদন করা যায়। রেলওয়ে ইতিমধ্যেই খরচ করেছে। এই তিনটি রক্ষণাবেক্ষণ ডিপোয় জানা ১১০০ কোটি (বর্তমান বাজার মূল্যে)। এই তিনটি ডিপোর মধ্যে সর্বাধুনিক একটি ডিপো নির্মাণ করা হয়েছে জেকায়। ৭০০ কোটি টাকা। প্রতিদিন ৪৬টি কলকাতা মেট্রো রেকের রক্ষণাবেক্ষণের কাজ চালানোর জন্য এই ডিপোগুলিতে মোট ৫৬৭ জন কর্মী কাজ করছেন। মেট্রো রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র বলেছেন যে রক্ষণাবেক্ষণের জন্য প্রতিটি কোচের জন্য ১.৬৭ জন কর্মী মোতায়েন করা হয়েছে যা জাতীয় গড় থেকে বেশি।

চলমান ফাস্ট ফুডের দোকান

দূরন্ত বার্তা, মালদা, ২৫ মে : অবিশ্বাস্য হলেও সত্য। এমনটাই করে দেখাল মালদার এক মহিলা। কিছু করার তাগিদেই অল্প পুঁজি বিনিয়োগ করে বুদ্ধির জোরে একটি টোটোকেই দোকান তৈরি করে নিয়েছেন তাঁরা। ফাস্ট ফুডের দোকান এখন টোটো। কি নেই টোটোতে, রয়েছে রান্নার জায়গা, খাবার সাজিয়ে রাখার মত কিছু জায়গা, আবার টোটোর মধ্যেই রয়েছে।



ফ্রিজ। একেবারেই অভিনব এই খাবারের দোকানের নাম দেওয়া হয়েছে ফুড অন কুইল। মালদা শহরের রাস্তায় এখন এই টোটো দোকান অবাক করছে সকলকেই। যদিও ঘুরে ঘুরে নয়, একটি নির্দিষ্ট জায়গাই দাড়িয়েই দোকান করছে আপাতত এক মহিলা। মালদা শহরের পার্কের সামনে বসছে এই দোকান। সাগরিকা সাহা নামে ওই মহিলার স্বামী বেসরকারি সংস্থার কর্মী। স্বামীর পাশাপাশি নিজেও কিছু করবে এমনটা দীর্ঘদিন ধরেই ভাবছিলেন। কিন্তু মালদা শহরের মত জায়গায় দোকান কিনে বা ভাড়া নিতে অনেক টাকার প্রয়োজন। তাই অল্প টাকা বিনিয়োগ করার চিন্তাভাবনা শুরু করে। সেখান থেকেই ইউটিউবে ভিডিও দেখে টোটোতে দোকান তৈরির আইডিয়া আসে। তারপর একটি পুরনো টোটো কিনে সেটিকে দোকানের মত তৈরি করে। টোটো বদলে যায় চলমান দোকানো। এই টোটোকে দোকানে পরিণত করতে খরচ হয়েছে প্রায় সাড়ে তিন লক্ষ টাকা। এছাড়াও দোকানের সামগ্রী কিনতে হয়েছে। সব মিলিয়ে খুব অল্প খরচেই এই দোকান তৈরি হয়েছে। ফুড অন কুইলে শুধুমাত্র হরিণঘাটার মাংস পাওয়া যায়। বিভিন্ন আইটেমের মাংস ছাড়াও মোমো বিক্রি করছেন মহিলা। তবে এখানে হরিণঘাটার কাঁচা মাংসও বিক্রি করছেন।

RDB RASAYANS LIMITED					
CIN- L36998WB1998PLC074360					
Regd. Office - Bikaner Building, 8/1, Lal Bazar Street, R.No- 09 Kolkata-700011, Ph No (033) 44500500, Fax No 91-33-2242 0588 E-mail : info@rdbindia.com , Website: www.rdbgroup.in					
৩১ মার্চ, ২০২৪ সন্ধ্যা ৫মাসিক এবং বছরের জন্য নিরীক্ষিত আর্থিক বর্ষাকালের বিবরণ (লক্ষ টাকা)					
ক্রম নং	বিবরণ	৬ মাস শেষ ৩১.০৩.২৪ (পরীক্ষিত)	৬ মাস শেষ ৩১.১২.২৩ (অনিরীক্ষিত)	৬ মাস শেষ ৩১.০৩.২৩ (পরীক্ষিত)	৬ মাস শেষ ৩১.০৩.২৪ (পরীক্ষিত)
১.	মোট স্থায়্য কার্যাবর থেকে (মিউ)	৪,১০৫.৪১	৪,০২৪.১২	১,০২৮.১০	১,০২৮.১০
২.	সিট লাভ / (ক্ষতি) করের আগে সময়ের জন্য এবং বাকীজমী এবং আর্থিক সাধারণ আইটসমিলির	৭৪৪.৯৭	৮৮৪.৯৬	৬৮৮.৭১	৬,২২৫.৪৪
৩.	সিট লাভ / (ক্ষতি) ট্যাক্সের পূর্ববর্তী সময়ের জন্য (বাকীজমী এবং আর্থিক সাধারণ আইটসমিলির	৭৪৪.৯৭	৮৮৪.৯৬	৬৮৮.৭১	৬,২২৫.৪২
৪.	সিট লাভ / (ক্ষতি) ট্যাক্সের পরে (কোম্পানির এবং / অথবা অসামান্য	৪৭০.১১	৬৬৮.০৪	২৫৭.০৬	২,৪৪৬.১২
৫.	সময়ের জন্য মোট ব্যাংক আর [পরিচালিত লাভ / (ক্ষতি) সময়ের জন্য (করের পরে) এবং অন্যান্য ব্যাংক আর (করের পরে)]	৪৪১.৯৬	৬৬৭.০৪	২৬৬.২৬	২,৪৪৬.১৪
৬.	ইন্সট্রুটি সেরার মূল্য	১১,৭৭১.৪৮	১,৭৭১.৪৮	১,৭৭১.৪৮	১,৭৭১.৪৮
৭.	সময়ের (মায়ের বছরের ব্যালেন শীট গোপনো পুনর্মূল্যায়ন সংক্রমে ব্যতীত)				১৬,৭১৬.৭২
৮.	মায়ের প্রতি আর (কোম্পানির আইটসমিলির মাগে এবং পরে) (প্রতি ১০/- টাকা) (বার্ষিক নয়)	৪.২২	৪.৭৭	১.৪৪	১৬.৭৬
	মূল	৪.২২	৪.৭৭	১.৪৪	১৬.৭৬
	নিষ্ক	৪.২২	৪.৭৭	১.৪৪	১৬.৭৬
মন্তব্যঃ					
১) উপরেণ্ডটি SEBI (তালিকা এবং অন্যান্য প্রকাশের প্রয়োজনীয়তা) রেগুলেশন, ২০১৫ এর রেগুলেশন ৩৩ এর অধীনে স্টক এক্সচেঞ্জে দায়ের করা ট্রেমাসিক বার্ষিক আর্থিক বর্ষাকালের বিশদ বিবরণসহ একটি নির্ধারিত ট্রেমাসিকবার্ষিক আর্থিক বর্ষাকালের সম্পূর্ণ বিবিস্য উপলব্ধ বিবাইই লিমিটেডের ওয়েবসাইটে www.bseindia.com এবং কোম্পানির ওয়েবসাইটে www.rdbgroup.in					
২) উপল্লেখ্যঃ নিরীক্ষিত বর্ষাকালগুলি নিরীক্ষা কমিটি দ্বারা পর্যালোচনা করা হয়েছে এবং ২৫ মে, ২০২৪ তারিখে অনুষ্ঠিত তাদের সভায় পর্যালোচনা পর্যদ দ্বারা অনুমোদিত হয়েছে।					
আরভিবি রাসায়ন লিমিটেডের পক্ষে, স্বা /-সঙ্গীপ দৈর্ঘ্য					
তারিখঃ ২৫ মে, ২০২৪ স্বাক্ষরঃ কল্যাণকান্ত					
সার্বজনিক পরিচালক এবং প্রধান আর্থিক কর্মকর্তা DIN: 00557018					

আইপিএল ফাইনালে জমজমাট আয়োজন, সমাপ্তি অনুষ্ঠানে গান গাইবে মার্কিন ব্যান্ড



২৫ মে : আইপিএল মানেই জমকালো একটা খেলা। মাঠে যেমন ক্রিকেট বিশ্বের সেরা তারকাদের দেখা যাবে, মাঠের বাইরেও তাই। ২৬ মে আইপিএল ফাইনালেও তার ব্যতিক্রম হবে না তার বলে শোনা গিয়েছে। কলকাতা নাইট রাইডার্স ফাইনাল খেলবে সানরাইজার্স হায়দরাবাদের (সোশাল) বিরুদ্ধে। ফলে কেকেআর মালিক শাহরুখ খান এবং জুহি চাওলার মাঠে থাকার সম্ভাবনা রয়েছে। এছাড়াও বলিউড এবং দক্ষিণের বহু তারকা অভিনেতাই থাকবেন মাঠে, তা বলাই যায়। তবে সেসব তো গ্যালারির দিকের কথা। বাউন্ডারির ভেতর দিকেও থাকবেন ক্রিকেট-বিশ্বের বাইরের তারকারা। কারণ ফাইনালের সমাপ্তি অনুষ্ঠানে গান শোনাবে বিখ্যাত পপ ব্যান্ড ইমার্জিন ড্রাগন্স। বিশ্বজীভার বিভিন্ন অনুষ্ঠানে যাদের উপস্থিতি নজরে পড়ার মতো। এর আগে ২০১৯ উয়েফা চ্যাম্পিয়ন্স লিগ ফাইনাল, ২০১৪ এনবিএ-র সুচনা অনুষ্ঠান বা ২০১৪ সুগার বোলে উপস্থিত ছিল তারা। আবার ২০১৫ সালে বার্লান মিউনিখের বুৎ দশলিগা খেতাব উদযাপনের অনুষ্ঠানেও ডাক পেয়েছিল ইমার্জিন ড্রাগন্স। তবে ক্রিকেটের কোনও অনুষ্ঠানে প্রথমবার গান শোনাবে তারা। ইতিমধ্যেই আইপিএলের সম্প্রচারকারী চ্যানেল একটি ভিডিও প্রকাশ করেছে। তাতে এই মার্কিন পপ ব্যান্ডের প্রধান গায়ক ড্যান রেনল্ডসকে বলতে শোনা গিয়েছে, এটিই আমাদের একসঙ্গে আসার মঞ্চ। সেই মুহূর্তটা এসে গিয়েছে।

আড়াই বছর প্রধান কোচ হিসেবে বার্সার ড্রেসিংরুমে থাকটা খুবই গর্বের বললেন শাভি



কলকাতা, ২৫ মে : এমন একজন খেলোয়া। যিনি দলকে মুঠো ভরে দিয়েছেন, কোচ হিসেবেও এনে দিয়েছেন সাফল্য, বিদায় বেলায় যে সম্মান, শ্রদ্ধা প্রাপ্য ছিল শাভি তা পেলেন না। তার বিদায়ের মুহূর্তটা হতে পারত বিতর্কমুক্ত। তাও হয়নি। এ নিয়ে ক্ষোভ প্রকাশ করেছেন সেভিয়া কোচ সানচেস ফ্লোরেন্স। কিন্তু ক্ষোভ, উস্মা কিছুই জানাননি শাভি। বরং সুন্দর মুহূর্তগুলোর স্মৃতিই তিনি আওড়েছেন ইস্টপ্রিম বার্তায়। লিখেছেন, প্রিয় বন্ধুরা

অগমীমাল থেকে বার্সেলোনার ডাগআউটে আমার পথচারি ইতি ঘটবে। যে ক্লাবটি আমার জীবন, সেখান থেকে চলে যাওয়াটা সহজ নয়, কিন্তু আড়াই বছর প্রধান কোচ হিসেবে এই ড্রেসিংরুমে থাকটা আমার কাছে খুবই গর্বের।

টি-টোয়েন্টি বিশ্বকাপের সময়সারণী

কলকাতা, ২৫ মে : আর কয়েকটা দিন বাদেই মার্কিন যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজের শুরু হতে চলেছে টি-টোয়েন্টি বিশ্বকাপ। এই উপমহাদেশের সঙ্গে মার্কিন যুক্তরাষ্ট্র ও ওয়েস্ট ইন্ডিজের সময়ের পার্থক্যটা অনেক। ক্রিকেটপ্রেমীরা নিশ্চয়ই চিন্তায় আছেন কখন তারা খেলা দেখবেন। যুক্তরাষ্ট্রে টি টোয়েন্টি বিশ্বকাপের উদ্বোধন হচ্ছে ১জুন টেক্সাসে। টেক্সাসে স্থানীয় সময় তখন সন্ধ্যা ৭.৩০ মিনিট। এই সময় মার্কিন যুক্তরাষ্ট্র খেলবে কানাডার সঙ্গে। ১১ ঘণ্টা এগিয়ে থাকার জন্য ভারতে এই ম্যাচটি শুরু হচ্ছে ২ জুন ভোর ৫.৩০ মিনিটে। আর ওয়েস্ট ইন্ডিজের ম্যাচগুলি দেখা যাবে ভারতীয় সময় রাত ৮মণিকি মিনিটে। প্রথম গ্রুপপর্বের খেলা হবে ১৮জুন পর্যন্ত। এদিন ম্যাচগুলো সাধারণত শুরু হবে ভারতীয় সময় ভোর ৫টা, ৫.৩০ মিনিটে, রাত ৭.৩০ মিনিট, ৯টা, রাত ১০.৩০টা ও রাত ১২.৩০ মিনিট থেকে। সুপার এইট পর্বের ম্যাচগুলি চলবে ২৫ জুন পর্যন্ত। এই দিনগুলোতে ম্যাচ হবে সকাল ৬টা আর রাত ৮টাতে। দুটি সেমিফাইনালই হবে ২৭শে জুন। আর ফাইনাল হবে শনিবার ২৯ জুন, বার্বাডোজে সকাল ১০.৩০ মিনিটে। তখন ভারতীয় সময় রাত ৮টা।

সুনীলের বিদায়ী ম্যাচে ভরা যুবভারতী চান স্টিম্যচ

২৫ মে : প্রথমে ঠিক ছিল কুয়েত ম্যাচের চারদিন আগে ভূবনেশ্বর থেকে কলকাতায় আসবেন সুনীল ছেত্রীরা। সেইমতো ২ জুন কুয়েত ম্যাচ খেলতে কলকাতায় আসার কথা ছিল ভারতীয় দলের। কিন্তু শুক্রবার ইগর স্টিম্যচ সিদ্ধান্ত নিয়েছেন ২ রা জুন নয়, ২৯ মে শহরে পা রাখবেন তারা। কুয়েতের বিরুদ্ধে খেলতে নামার আগে এক সপ্তাহ কলকাতায় অনুশীলন করতে চেয়েছেন জাতীয় কোচ। এখানকার আবহাওয়ার সঙ্গে মানিয়ে নিতে এই সিদ্ধান্ত তাঁরা। আপাতত শিবিরে ডাকা ৬২ জন ফুটবলার থেকে ২৭ জনকে বেছে নিয়েছেন তিনি। এই দুই সপ্তাহে আপাতত সুনীলদের ফিটনেসের উপর জোর দেওয়া হয়েছে। সোমবার থেকে অনুশীলনে জোর দেবেন স্টেপিস মুভমেন্ট ও পজেশনিংয়ের উপর। শিবিরের ফুটবলারদের ফিটনেস নিয়ে খুশি স্টিম্যচ বলছেন, ছেলেরা অনুশীলনে উন্নতি করছে। বারবার বলছি দীর্ঘ মেয়াদি শিবিরের ফল পাওয়া যায় সবসময়। রক্ষণ কিংবা আক্রমণ সব বিষয়েই একাধিক পরীক্ষা নিরীক্ষার সুযোগ থাকে। পরিকল্পনা করা যায়। ওরা প্রতিদিনই ফিটনেসে উন্নতি করছে। সোমবার থেকে স্টেপিস সহ অন্য দিকগুলোর দিকে নজর দেব।

মালয়েশিয়া মাস্টার্স ২০২৪ বুসানানকে হারিয়ে ফাইনালে উঠেছেন সিদ্ধু

কুয়ালালামপুর, ২৫ মে : অলিম্পিক পদক বিজয়ী পিভি সিদ্ধু শনিবার থাইল্যান্ডের বুসানান ওংবামরুংফানের বিরুদ্ধে জয়ী হয়ে মহিলাদের একক ফাইনালে জায়গা করে নিয়েছে। দু'বছরে কোনো শিরোপা জিতেননি সিদ্ধু। পঞ্চম বাছাই তিনি বিভিট্রিউএফ ওয়ার্ল্ড ৮৮ মিনিটের স্থায়ী এক ম্যারালন সেমিফাইনালে বিশ্বের ২০ নম্বর বুসানানের বিরুদ্ধে ১৩-২১,২১-১৬,২১-১২তে জয়ী হয়ে ফাইনালে উঠলেন। সিদ্ধু ২০২২ সিদ্ধাপুর ওপেন জিতেছিলেন এবং গত বছর মাদ্রিদ স্পেন মাস্টার্সে রানার্সআপ হয়েছিলেন।

আইপিএল ট্রফি

শ্রেয়সের আগ্রাসী ক্রিকেট থেকে সরবে না হায়দরাবাদ, হুস্কার কামিসের

২৫ মে : আইপিএল ট্রফি থেকে মাত্র একধাপ দূরে দাঁড়িয়ে আছে নাইট রাইডার্স। ফাইনালে সানরাইজার্স হায়দরাবাদকে হারাতে পারলেই বহুপ্রতীক্ষিত ট্রফি চলে আসবে গম্ভীর বাহিনীদের হাতে। সমাপ্তি ঘটবে দীর্ঘ দশ বছরের অপেক্ষার। তার আগে সাংবাদিক বৈঠকে ফাইনালের পরিকল্পনার আভাস দিয়ে গেলেন নাইট অধিনায়ক শ্রেয়স আইয়ার। সেই সঙ্গে ক্ষোভ উগড়ে দিলেন বোর্ডের উপরেও। চলতি আইপিএলে বারবার নাইটদের ভরসা জুগিয়েছেন সুনীল নারিন। ব্যাটে-বলে অনন্যদ্য ক্যারিয়ার তরকারি। অন্যদিকে ২০ উইকেট নিয়ে পার্পল ক্যাপের দৌড়ে আছেন বরণ চক্রবর্তী। তার স্পিনে ঘূর্ণিত বজ্রমাত করেছেন শ্রেয়সরা। ফাইনালের আগে এই দুই নাইট তারকাতেই সেরা অস্ত্র ধরছেন অধিনায়ক। তিনি বলেন, ফাইনালে ওদের ভূমিকা গুরুত্বপূর্ণ হয়ে উঠবে। উইকেট কীভাবে তুলতে হয়, সেটা দৃষ্টান্তেই ভালো মতো জানো। মাঝের দিকে বিপক্ষের রানারেরটের দিকে নজর রাখলেই ওদের প্রভাব পরিষ্কার

হয়ে যাবে। আমার দৃঢ় বিশ্বাস, ওরা যদি সেরাটা দিতে পারে, তাহলে সাফল্য আসতে বাধ্য। আইপিএলের



আগে পিঠের যন্ত্রণায় ভুগছিলেন শ্রেয়স। তার পরেই বিসিসিআইয়ের কেন্দ্রীয় চুক্তি থেকে বাদ পড়েন। অথচ বিশ্বকাপে দূরত্ব ফর্মে ছিলেন নাইট অধিনায়ক। এদিন তিনি বলেন, বিশ্বকাপের পর বড় ফরম্যাটের ম্যাচে আমার সমস্যা ছিল। যখন আমি সে বিষয়ে জানাই, তঁরা কেউ গা করেনি। ফলে এটা ছিল আমার নিজের সঙ্গে নিজের ডাই। সেই সময় আইপিএল শুরু হওয়ার মুখে ছিল। আমি শুধু নিজের সেরাটা দিতে চেয়েছিলাম। সেভাবেই পরিকল্পনা সাজাই। আর

তার জন্যই আমরা আজ ফাইনালে দাঁড়িয়ে আছি। সেই সঙ্গে গম্ভীরের মগজাক্রমের কথাও উল্লেখ করেন



তিনি। কম যান না হায়দরাবাদের অধিনায়ক প্যাট কামিন্ডও। আইপিএলে সর্বোচ্চ রানের রেকর্ড নিজেরাই ভেঙেছেন তারা। ফাইনাল নিয়েও একই স্ট্র্যাটেজি অজি বোলারের। তিনি বলেন, পিচ যেমনই হোক, আমরা আগ্রাসী ক্রিকেট থেকে সরব না। সাংবাদিক সম্মেলনে হালকা মেজাজে ছিলেন দুই অধিনায়কই। তবে রবিবারের ম্যাচে নিঃসন্দেহে আবহ বদলে যাবে। টুফির লড়াইয়ে কেউ এক ইঞ্চি মাটিও ছাড়বে না একে-অপরকে।

কেকেআর কি আইপিএল জিতবে? তাই নিয়ে প্রশ্ন উঠছে সকলের মনে

২৫ মে : এক যুগ আগের কথা, তখন যোনির বিরুদ্ধে ফাইনালে লড়ে জয় হাসিল করেছিল কলকাতা নাইট রাইডার্স। সিএসকে-র ১৯০ রান তাত্ত্ব করতে নেমে নাইট ওপেনার মনবিদ্যার সিং বিসলা শুরুতেই সুর বেঁধে দিয়েছিলেন। তিনিই ছিলেন সেবারের ফাইনালের মহানায়ক। জাক ক্যালিস প্রয়োজনের সময়ে ৬৯ রানের ইনিংস খেলেন। শেষের দিকে শাকিব আল হাসান ও মনোজ তিওয়ারি প্রচুর রানের জয়ের স্বপ্ন দেখাতে শুরু করেন। মনোজ তিওয়ারিই দুটো বাউন্ডারি মেরে কেকেআরকে জয় এনে দেন। সেবারের আইপিএল জেতার বিজ

দলের সবাইকে তাঁর লক্ষ্যের কথা জানিয়েছিলেন। আইপিএলে কেকেআর-কে চ্যাম্পিয়ন করতে পারলে দুর্বিষহ অস্ট্রেলিয়া সফরের স্মৃতি মুছে ফেলা যাবে মন থেকে। ২০১২-র কেকেআরের সিংহগর্জনের পিছনের কাহিনি ছিল এটাই। তার পেরে ঘটনা ইতিহাস। যোনির সিএসকের বিরুদ্ধে ফাইনালে বাউন্ডারি মেরে কলকাতাকে চ্যাম্পিয়ন করার পরে বাংলার ছেলে মনোজ তিওয়ারির ব্যাট হাতে সে কী দৌড়! ফের চিপকেই এবারের ফাইনাল। কেকেআরের সামনে সানরাইজার্স হায়দরাবাদ। কৌতূহ্য গম্ভীর এবার দলের মেন্টর। তাঁর হাতে

রেলিংয়ের উপর দাঁড়িয়ে উৎসব করতে চাইছিলেন। ম্যাচটায় চার নম্বরে ব্যাট করতে যাওয়ার কথা ছিল আমরা। কিন্তু আমরা আগে পাওয়ার হিটারদের পাঠানো নয়। তবে মাঠে নামি যখন, ঠিক করেছিলাম, জিতিয়ে মাঠ ছাড়ব। এবারের টিমটার মধ্যেও কেয়াক বছর বাসেলের ব্যাটটি পজিশন নিয়ে আমরা প্রচুর কথা বলতাম। ব্যাটিং অর্ডারে পরে নামানো নিয়ে সমালোচনা করতাম। কৌতূহ্য এবার দেখছি, টপ অর্ডার ভালো রান তুলে দিলে বাসেল আগে ব্যাট করতে



রোপন করার পিছনে অবশ্য ছিল অন্য এক কাহিনি। ২০১২ সালের আইপিএলের আগে অস্ট্রেলিয়া সফরে গিয়েছিল ভারত। ওই সফরটা একেবারেই মনে রাখার মতো ছিল না টিম ইন্ডিয়ার পক্ষে। কলকাতা নাইট রাইডার্সের অধিনায়ক সৌভম গম্ভীর অস্ট্রেলিয়া সফরের দুঃস্বপ্নের স্মৃতি মুছে ফেলতে বন্ধপরিচর ছিলেন। বিজয় দাখিয়াকে কোন করে নিজের লক্ষ্য শেয়ার করেছিলেন। দাখিয়াকে বলেছিলেন, ২০১২ সালের আইপিএল জিততে চান তিনি। পরে

পড়ে বদলে গিয়েছে কেকেআর। এক যুগ আগের মায়াবী সেই রাত কি কলকাতা শিবির ফেরাতে পারবে চিপকে, উঠছে প্রশ্ন। মনোজ তিওয়ারি : ২০১২-র চিপককে কখনও ভুলতে পারব না। মনে আছে, দুটো বাউন্ডারি মেরে আমিই শেষ পর্যন্ত জিতিয়ে দিয়েছিলাম। আমরা চ্যাম্পিয়ন হওয়ার পর শাহরুখ খানের উৎসব এখনও মনে আছে। দেখছিলাম, শাহরুখ চিপকের গ্যালারি টপকে মাঠে নামার চেষ্টা করছে। পরে শুনেছিলাম, শাহরুখ আসলে

যাচ্ছে। তবে সব সাফল্যের কৃতিত্ব একা গম্ভীরের নয়। ও ফিরে আসার অবশ্যই পরিবর্তন হয়েছে। কিন্তু চন্দ্রকান্ত পণ্ডিত, অভিষেক নায়াব, শ্রেয়স আইয়ারদের কথাও বলতে হবে।

লক্ষ্মীরতন শুক্লা কি বলছেনঃ ভাবলে এখনও স্বপ্নের মতোই লাগে। বারোটা বছর যে কেটে গিয়েছে, মনেই হয় না। পরিষ্কার গিয়েছি, এবারের টিমেও ২০১২-র চ্যাম্পিয়ান টিমের ছায়া দেখতে পাচ্ছি। একটা দল হিসেবে খেলতে শুরু করেছিল টিমটা। কোনো একজন বা দু'জনের উপর নির্ভরশীল নয়। আর একটা টিম যখন দলগত ভাবে খেলতে শুরু করে, তখন তাদের থামানো খুব মুশকিল হয়ে যায়। এই যে ফিল স্টল চলে গেল, যে গ্রুপ পর্বে অসামান্য গিয়েছে, তার কোনও প্রভাব টিমে পড়তে দেখলেন? আসলে গম্ভীর এসে টিমের বিশ্বেসটাই বদলে দিয়েছে। টিমের সবচেয়ে জুনিয়র ক্রিকেটারও বিশ্বাস করতে শুরু করে দিয়েছে যে, মাঠে নামলে ঠিক লড়ে নেবে।

শতবর্ষী কোপা আমেরিকায় প্রথমবারের মতো নারী রেফারি

২৫ মে : কোপা আমেরিকায় দেখা যাবে যুক্তরাষ্ট্রের রেফারি মারিয়া ভিস্তেরিয়া পেনেসোকে। তিনি ২০২৬ নারী বিশ্বকাপ ফাইনাল ম্যাচটি পরিচালনা করেন। যুক্তরাষ্ট্রের রেফারি মারিয়া ভিস্তেরিয়া পেনেসোকে দেখা যাবে কোপা আমেরিকায়। তিনি ২০২৬ নারী বিশ্বকাপ ফাইনাল ম্যাচটি পরিচালনা করেন। এখানো চলছে-এমন মহাদেশীয় ফুটবল প্রতিযোগিতাগুলোর মধ্যে কোপা আমেরিকাই প্রাচীনতম। ১৯১৬ সালে যাত্রা শুরু করে এবার ২০ জুন যুক্তরাষ্ট্রে পর্দা উঠবে কোপা আমেরিকার ৪৮তম আসরের। দক্ষিণ আমেরিকার শ্রেষ্ঠত্বের এই প্রতিযোগিতায় এবারই প্রথমবারের মতো দেখা যাবে নারী অফিশিয়ালদের। যুক্তরাষ্ট্রের মারিয়া ভিস্তেরিয়া পেনেসো ও ব্রাজিলের এদিনা আলভেজ এবার কোপা আমেরিকায় রেফারির দায়িত্ব পালন করবেন। পেনেসো ২০২৬ নারী বিশ্বকাপ ফাইনালে রেফারির দায়িত্ব পালন করেন। এদিনা আলভেজ ২০১৯ ও ২০২৬ নারী বিশ্বকাপে ম্যাচ পরিচালনা করেছেন। ২০২১ সালের ৭ ফেব্রুয়ারিতে ছেলোদের সিনিয়র বিধা টুর্নামেন্টে প্রথম নারী হিসেবে ম্যাচ পরিচালনা করেন আলভেজ। পরের

মাসে প্রথম নারী রেফারি হিসেবে ছেলোদের ' (করিছিয়াল-পালমেইরাস)



ম্যাচও পরিচালনা করেন তিনি। এই দুজনের সঙ্গে এবার কোপা আমেরিকায় সহকারী রেফারি হিসেবেও দেখা যাবে আরও পাঁচ নারীকে-ব্রাজিলের নেউজা, কলম্বিয়ার মেরি ব্লাঙ্কো, ভেনেজুয়েলার মিগদালিয়া রদ্রিগেস এবং যুক্তরাষ্ট্রের ব্রুক মায়ো ও ক্যারলিন নেসবর্ট। ভিডিও অ্যানালিস্টরা রেফারি (ডিএআর) হিসেবেও একজন নারীকে দেখা যাবে। নিকারাগুয়ার তাতিয়ানা গুজমান

পেয়েছেন এই দায়িত্ব। ২০২৪ কোপা আমেরিকায় রেফারিদের তালিকা



গতকাল প্রকাশ করেছে দক্ষিণ আমেরিকা মহাদেশের ফুটবল নিয়ন্ত্রক সংস্থা (কনমেবল)। নারী অফিশিয়ালদের অন্তর্ভুক্তি নিয়ে কনমেবলের বিবৃতিতে বলা হয়, ' ফুটবল টুর্নামেন্টে ভাগসাম্য নিয়ে আসতে মাঠ ও মাঠের বাইরে নারীদের আরও উন্নতি ও পেশাদার বানাতে ২০১৬ সাল থেকেই প্রতিশ্রুতিবদ্ধ কনমেবল।'

ম্যাকলারেনের সঙ্গে চুক্তি চূড়ান্ত করতে আরও দুসপ্তাহ, ভালো ডিফেন্ডারের খোঁজকরছে বাগান

২৫ মে : জেমি ম্যাকলারেন কি মোহনবাগানে নিশ্চিত হয়ে গিয়েছেন? বিশেষ সূত্রে জানতে পারা গিয়েছে, মোহনবাগানের প্রস্তাবে প্রাথমিকভাবে আকৃষ্ট হলেও চুক্তিপত্রে সেই তিনি করেনি মি। মোহনবাগানের বিশাল অঙ্কের প্রস্তাবকে সামনে রেখে ভারতের বাইরে এশিয়ার কিছু দেশকে বাড়িয়ে দেখছেন জেমি। যা পরিস্থিতি, তাতে মোহনবাগানের সঙ্গে জেমি ম্যাকলারেনের বিষয়টি চূড়ান্ত হতে আরও দু'সপ্তাহের মতো লাগবে বলে জানতে পারা গিয়েছে। এখনও পর্যন্ত ইন্ডিয়ান সুপার লিগে বেতন সবচেয়ে বেশি পান হুগো বুয়াসো। ভারতীয় মুদ্রায় প্রায় সাড়ে তিন কোটি টাকার মতো অঙ্কে চুক্তি করেছিল মোহনবাগান। আপাতত আলোনো মোতা জেমি ম্যাকলারেন যদি সত্যি সত্যিই সামনের মরশুমের মোহনবাগানের জার্সি পরেন তাহলে তিনিই হলেন আইএসএলের সর্বোচ্চ বেতনের ফুটবলার। শোনা যাচ্ছে, সবুজ-মেরুন জার্সি পরার জন্য প্রায় ভারতীয় মুদ্রায় প্রায় সাড়ে চার কোটি টাকার মতো দাবি করেছেন তিনি, যা দিতে সম্মত হয়ে গিয়েছে

মোহনবাগান। এবার অপেক্ষা জেমির চূড়ান্ত সম্মতি। জানা গিয়েছে, মেলবোর্ন সিটির হয়ে ১৬৩ ম্যাচে গোল করেছেন ১১৫টি। একটি ক্লাবের হয়ে ' লিগে ১০০ গোল



করার রেকর্ডও জেমি ম্যাকলারেন ছাড়া আর কারও নেই। একই সঙ্গে ' লিগের সর্বোচ্চ গোলদাতার সম্মানও এই অস্ট্রেলিয়ান স্ট্রাইকারের পকেটে। এই মরশুমের মেলবোর্ন সিটির সঙ্গে সম্পর্ক ত্যাগের আগেও ২৮ ম্যাচে গোল

করেছেন ১০টি। ফলে এ হেন স্ট্রাইকার সবুজ-মেরুন জার্সি পরলে পরের মরশুমের মোহনবাগানের আক্রমণভাগ নিয়ে যে আর ভারতে হবে বলে মনে হয় না। তাই এখন প্রশ্ন উঠছে দু'পক্ষের তরফেই সব কিছু ঠিক হওয়ার পরেও কেন এখনও চুক্তিপত্রে জেমিকে সেই করানো যাচ্ছে না? খোঁজ-খবর নিয়ে যা জানা গেল, তাতে সব সমস্যা মিটিয়ে মোহনবাগানের চুক্তিপত্রে সেই করতে জেমি ম্যাকলারেন সম্ভবত আরও দু'সপ্তাহ সময় লাগিয়ে দেবেন। এই সময়টা মোহনবাগানের থেকে ইচ্ছে করেই নিচ্ছেন অস্ট্রেলিয়ান স্ট্রাইকার। এই সময়টায় কাতার এবং সৌদির কিছু ছোট সারির ক্লাবের সঙ্গে কথাবার্তা চালাচ্ছেন তিনি। কিন্তু কোনও ক্লাব থেকেই মোহনবাগানের দেওয়া আর্থিক প্রস্তাবের সমান কিছু এখনও পাঠানি। সেই কারণেই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার জন্য কিছুদিন সময় চাইছেন অস্ট্রেলিয়ান স্ট্রাইকার বলে শোনা গিয়েছে। তবে পরিস্থিতি যদিও রয়েছে তাতে মারাত্মক কিছু ঘটনা না ঘটলে জেমি মোহনবাগান জার্সিতে আইএসএল খেলবেন এখনই বলে দেওয়া যায়।

তিরন্দাজি বিশ্বকাপে ভারতের মেয়েদের নজির, কোরিয়াকে হারিয়ে সোনা জিতলেন তিন কন্যা

২৫ মে : তিরন্দাজি বিশ্বকাপে ভারতের মেয়েদের জয়জয়কার। দক্ষিণ কোরিয়ায় এবার হচ্ছে তিরন্দাজি বিশ্বকাপ। সেই বিশ্বকাপে ভারতের তিন কন্যা জ্যোতি সুরেখা বোনাং, পরনীত কৌর এবং অদিতি স্বামী সোনা জেতেন। টানা তৃতীয় বার তিরন্দাজি বিশ্বকাপে সোনা জয় ভারতের মহিলা কম্পাউন্ড দলের। ভারতের মেয়েরা ২০২২-২২৬-এ তুরস্ককে হারিয়ে সোনা এনে দেন দেশকে। তুরস্কের দল ছিলেন হাজাল বরুন, আয়েসা বেরা সুজের এবং বেগম যুবা। ভারতের মেয়েরা প্রাধান্য বজায় রেখে সোনা জেতে। জ্যোতি, পরনীত ও অদিতির সামনে দাঁড়াতেই পারেননি তাঁরা। মরশুমের শুরুতে তিরন্দাজি বিশ্বকাপের স্টেজ ওয়ানে ইটালিকে হারিয়ে সোনা জিতেছিলেন ভারতের এই তিন কন্যা। গতবছরের শেষে প্যারিসেও সোনা জেতেন তাঁরা। এর আগে পুরুষদের রিকার্ড



টিম তিরন্দাজি বিশ্বকাপে ঐতিহাসিক জয় এনে দেয়। দক্ষিণ কোরিয়াকে পরাস্ত করে ভারতের রিকার্ড টিম। বিশ্বকাপ ফাইনালে দক্ষিণ কোরিয়ার বিরুদ্ধে প্রথম জয় পেলে ভারত। প্যারিস অলিম্পিকেও এই দল সোনা জয়ের ব্যাপারে আশাবাদী। ধীরাঞ্জ, তরুণদীপ এবং প্রবীণ বরফ

শীতল মস্তিষ্কের পরিচয় দিয়ে কোরিয়াকে হারান। ২০১০ সালে সাংহাই ওয়ার্ল্ড কাপ স্টেজ ফোর-এ সোনা জয়ী দলের সদস্য ছিলেন তরুণদীপ। সেবার ভারত। বন্দোধ্যাপাঠ্য, তরুণদীপ এবং জয়ন্ত জাপানকে হারিয়েছিলেন বলে জানা যায়।

ইউরো খেলে অবসর নেবেন ফরাসি তারকা

২৫ মে : ২০২৪ ইউরো কাপের শেষে বুট জোড়া তুলে রাখবেন ফরাসি তারকা অলিভিয়ার জিরু। ফরাসি এক সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে একথা জানান তিনি। ফ্রান্সের হয়ে সর্বোচ্চ গোলস্কোরার তিনি। ২০১৮ সালে ফ্রান্সের হয়ে বিশ্বকাপ জিতেছেন জিরু। দেশের জার্সিতে ১৩১টি ম্যাচে গোল করেছেন ৫৭টি। ২০২২ সালের বিশ্বকাপে থিয়েরি অঁরির ৫১টি গোল করার রেকর্ড ভেঙে দেন জিরু। ২০১১ সালে মার্কিন যুক্তরাষ্ট্রের

বিরুদ্ধে প্রীতি ম্যাচে অভিষেক ঘটেছিল জিরুর। জাতীয় দলের হয়ে অবসর গ্রহণ প্রসঙ্গে জিরুকে বলতে শোনা গিয়েছে, ইউরো জিতে যদি কোরিয়ার শেষ করি তাহলে বলতে পারব প্রিমিয়ার লিগ ছাড়া আমি সবকিছুই জিতেছি। প্রিমিয়ার লিগ জেতা খুব কঠিন। ইউরো কাপের পরে ফুটবল কোরিয়ার আর দীর্ঘায়িত করতে চান না এই স্ট্রাইকার। তরুণ প্রজন্মকে সুযোগ দেওয়ার জন্য অবসরের সিদ্ধান্ত নেন তিনি। জিরু বলেছেন, ফ্রান্সের হয়ে ইউরোই

আমার শেষ প্রতিযোগিতা। তরুণদের সুযোগ করে দিতে চাই। এসি মিলান ছেড়ে এমএলএসের ক্লাব লস এঞ্জেলসে যাচ্ছেন জিরু। আর্সেনাল ও চেলসির হয়েও খেলেন তিনি। ইউরোর প্রাথমিক স্কোয়াডে রয়েছেন জিরু। ২০১৮ বিশ্বকাপে চ্যাম্পিয়ন হয়েছিলেন প্রাতি। জিরু কিন্তু নিজের নামের প্রতি সুবিচার করতে পারেননি। ২০২২ বিশ্বকাপে রানার্স হুয় ফ্রান্স। জিরু ৪ গোল করেছিলেন। দুর্দান্ত ফাইনাল গড়িয়েছিল টাইব্রেকারে।

প্যাকেজ বুকিং-এ বিশেষ ছাড়

বুকিং চলছে

গীতাঞ্জলি ফরেস্ট রিট্রিট

অযোধ্যা, আরসা, পুরুলিয়া

9875658238 / 8820071827 / 8334826975